| | | | একক | একক দর | পরিমাণ | মোট ব্যয় | ওজন | আর্থিক পরিমাণ (লক্ষ টাকায়) | বাস্তব | | আর্থিক পরিমাণ (লক্ষ টাকায়) | বাস্তব | |
| | | | | | | | | | অঙ্গের শতকরা হার | প্রকল্পের শতকরা হার | | অঙ্গের শতকরা হার | প্রকল্পের শতকরা হার |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| | **উপমোট** | | | | | ২১৮৩৫.০০ | ৫৬.৫৮ | ৬৪৩৪.০৫ | ০.২৯ | ১৬.৬৭ | ২৬২৫.৮৯ | ০.১২ | ৬.৮০ |
| **উপমোট মূলধন ব্যয়** | | | | | | ২৫০৩৫.৫০ | ৬৪.৮৮ | ৭২১৮.২৯ | ০.২৯ | ১৮.৭১ | ২৬২৫.৮৯ | ০.১০ | ৬.৮০ |
| **মোট (রাজস্ব + মূলধন) ক + খ** | | | | | | ৩৬৯৩৯.৬৯ | ৯৫.৭২ | ১০৩১৪.৭৪ | ০.২৮ | ২৬.৭৩ | ৪৭৮১.৮১ | ০.১৩ | ১২.৩৯ |
| **গ) ফিজিক্যাক কনটিনজেন্সি** | | | | | | ৬৬০.১০ | ১.৭১ | ৩৩০.০৫ | ০.৫০ | ০.৮৬ | ৩৩০.০৫ | ০.৫০ | ০.৮৬ |
| **ঘ) প্রাইস কনটিনজেন্সি** | | | | | | ৯৯০.১৪ | ২.৫৭ | ৪৯৫.০৭ | ০.৫০ | ১.২৮ | ৪৯৫.০৭ | ০.৫০ | ১.২৮ |
| **সর্বমোট প্রকল্প ব্যয় (ক +খ + গ + ঘ)** | | | | | | ৩৮৫৮৯.৯৩ | ১০০.০০ | ১১১৩৯.৮৬ | ০.২৯ | ২৮.৮৭ | ৫৬০৬.৯৩ | ০.১৫ | ১৪.৫৩ |

**সূত্র- আরডিপিপি**

## ১.১৩ প্রকল্পের সার্বিক ক্রয় পরিকল্পনা

| | |
|---|---|
| মন্ত্রণালয়/বিভাগের নাম | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |
| সংস্থার নাম | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) |
| ক্রয়কারী এনটিটির নাম ও কোড | প্রকল্প পরিচালক |
| প্রকল্পের নাম ও কোড নম্বর | দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় (১ম সংশোধিত) |

| প্রকল্প ব্যয় (লক্ষ টাকায়) | |
|---|---|
| মোট | ৩৮৫৮৯.৯৩ |
| জিওবি | **৩৮৫৮৯.৯৩** |
| নিজস্ব অর্থ | ০.০০ |

| প্যাকেজ নং | ডিপিপি অনুযায়ী ক্রয়ের জন্য প্যাকেজের বিবরণ) **পণ্য** | একক | পরিমাণ | ক্রয় পদ্ধতি এবং ধরন | ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ | অর্থের উৎস | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | সম্ভাব্য তারিখ | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | দরপত্র আহবান | চুক্তি সাক্ষর | চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| জিডি-১ | মোটরসাইকেল/ স্কুটি (১০০ সিসি- ১৬০ সিসি) | টি | ২৮ | ডিটিএম | মহাপরিচালক | জিওবি | ৪৪.৯৪ | জানুয়ারি, ২৩ | মার্চ, ২৩ | জুন, ২৩ |
| জিডি-২ | কম্পিউটার আনুষাঙ্গিক (অফিস) | টি | ১৭১ | ওটিএম (ইজিপি) | প্রকল্প পরিচালক | জিওবি | ৭৫.৫০ | জানুয়ারি, ২৩ | মার্চ, ২৩ | জুন, ২৩ |
| জিডি-৩ | কম্পিউটার আনুষাঙ্গিক (এনআরডিটিসি প্রশিক্ষণ কেন্দ্র) | টি | ৬৩ | ওটিএম (ইজিপি) | প্রকল্প পরিচালক | জিওবি | ৪৮.২০ | নভেম্বর, ২৪ | জানুয়ারি, ২৫ | জুন, ২৫ |
| জিডি-৪ | কম্পিউটার আনুষাঙ্গিক (ফিঙ্গার প্রিন্ট ডিভাইস) | টি | ৬১ | আরএফকিউ | প্রকল্প পরিচালক | জিওবি | ৯.১৫ | জানুয়ারি, ২৩ | মার্চ, ২৩ | জুন, ২৩ |
| জিডি-৫ | অফিস সরঞ্জাম (ফটোকপিয়ার ও প্রজেক্টর) | টি | ৭ | ওটিএম (ইজিপি) | প্রকল্প পরিচালক | জিওবি | ১৮.৩০ | জানুয়ারি, ২৩ | মার্চ, ২৩ | জুন, ২৪ |
| জিডি-৬ | অফিস সরঞ্জাম (সিসি ক্যামেরা) | টি | ২ | ওটিএম (ইজিপি) | প্রকল্প পরিচালক | জিওবি | ৫.০০ | নভেম্বর, ২৪ | জানুয়ারি, ২৫ | জুন, ২৫ |
| জিডি-৭ | আসবাবপত্র (অফিস) | টি | ৭৬১ | ওটিএম (ইজিপি) | প্রকল্প পরিচালক | জিওবি | ১৩৯.০৭ | জানুয়ারি, ২৩ | মার্চ, ২৩ | জুন, ২৫ |
| জিডি-৮ | আসবাবপত্র (এনআরডিটিসি) | টি | ৪৮১ | ওটিএম (ইজিপি) | প্রকল্প পরিচালক | জিওবি | ১০৭.৫৯ | নভেম্বর, ২৩ | জানুয়ারি, ২৪ | জুন, ২৪ |
| জিডি-৯ | আসবাবপত্র (এনআরডিটিসি) | টি | ৮১৭ | ওটিএম (ইজিপি) | প্রকল্প পরিচালক | জিওবি | ১৮২.৫৪ | নভেম্বর, ২৪ | জানুয়ারি, ২৫ | জুন, ২৫ |
| জিডি-১০ | সেলাই (৪০টি) ও এ্যামব্রয়ডারি (৫টি) মেশিন | টি | ৪৫ | ওটিএম | প্রকল্প | জিওবি | ১২.৫০ | জানুয়ারি, | মার্চ, ২৩ | জুন, ২৫ |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | (ইজিপি) | পরিচালক | | | ২৩ | | |
| জিডি-১১ | প্রশিক্ষণোত্তর যন্ত্রপাতি/সরঞ্জামাদি | টি | ২০৬০ | ওটিএম (ইজিপি) | প্রকল্প পরিচালক | জিওবি | ২৮৪.৯০ | আগস্ট, ২৩ | সেপ্টেম্বর, ২৪ | জুন, ২৬ |
| **মালামাল ক্রয়ের মোট মূল্য** | | | | | | | **৯২৭.৬৯** | | | |

**সূত্র- আরডিপিপি**

| | |
|---|---|
| মন্ত্রণালয়/বিভাগের নাম | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |
| সংস্থার নাম | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) |
| ক্রয়কারী এনটিটির নাম ও কোড | প্রকল্প পরিচালক |
| প্রকল্পের নাম ও কোড নম্বর | দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় (১ম সংশোধিত) |

| প্রকল্প ব্যয় (লক্ষ টাকায়) | |
|---|---|
| মোট | ৩৮৫৮৯.৯৩ |
| জিওবি | **৩৮৫৮৯.৯৩** |
| নিজস্ব অর্থ | ০.০০ |

| প্যাকেজ নং | (ডিপিপি অনুযায়ী ক্রয়ের জন্য প্যাকেজের বিবরণ) **কার্য** | একক | পরিমাণ | ক্রয় পদ্ধতি এবং ধরন | ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ | অর্থের উৎস | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | সম্ভাব্য তারিখ | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | প্রাক যোগ্যতা আহবান (প্রযোজ্য ক্ষেত্রে) | দরপত্র আহবান | চুক্তি সাক্ষর | চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ডাব্লিউডি আর-১ | এনআরডিটিসি (ট্রেনিং সেন্টার) হোস্টেল ভবন নির্মাণ | টি | ১ | ওটিএম (ইজিপি) | মহাপরিচালক | জিওবি | ২১৪৭.৭০ | (প্রযোজ্য নয়) | ফেব্রুয়ারি, ২৩ | মার্চ, ২৩ | জুন, ২৫ |
| ডাব্লিউডি আর-২ | সীমানা প্রাচীর, অভ্যন্তরীণ রাস্তা ও ড্রেন, গার্ড সেড ও মূল প্রবেশধার নির্মাণ | থোক | ১ | ওটিএম (ইজিপি) | প্রকল্প পরিচালক | জিওবি | ১৭৬.৪৬ | (প্রযোজ্য নয়) | ফেব্রুয়ারি, ২৩ | মার্চ, ২৩ | জুন, ২৪ |
| ডাব্লিউডি আর-৩ | সীমানা প্রাচীর, অভ্যন্তরীণ রাস্তা ও ড্রেন, গার্ড সেড ও মূল প্রবেশধার নির্মাণ (আবাসিক ভবন) | থোক | ১ | ওটিএম (ইজিপি) | প্রকল্প পরিচালক | জিওবি | ৫৪.৭০ | (প্রযোজ্য নয়) | জানুয়ারি, ২৩ | মার্চ, ২৩ | জুন, ২৪ |
| ডাব্লিউডি আর-৪ | আবাসিক ভবন (এনআরডিটিসি) সংস্কার ও আধুনিকায়ন | টি | ১ | ওটিএম (ইজিপি) | প্রকল্প পরিচালক | জিওবি | ৫৭.৯১ | (প্রযোজ্য নয়) | জানুয়ারি, ২৩ | জানুয়ারি, ২৩ | জুন, ২৪ |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ডাব্লিউডি আর-৫ | আবাসিক ভবন (এনআরডিটিসি) সংস্কার ও আধুনিকায়ন | টি | ১ | ওটিএম (ইজিপি) | প্রকল্প পরিচালক | জিওবি | ৭৩.৫৫ | (প্রযোজ্য নয়) | নভেম্বর, ২৩ | জানুয়ারি, ২৪ | জুন, ২৪ |
| ডাব্লিউডি আর-৬ | একাডেমিক ভবন (এনআরডিটিসি) সংস্কার ও আধুনিকায়ন | টি | ১ | ওটিএম (ইজিপি) | প্রকল্প পরিচালক | জিওবি | ১০৭.৯২ | (প্রযোজ্য নয়) | নভেম্বর, ২২ | জানুয়ারি, ২৩ | জুন, ২৪ |
| ডাব্লিউডি আর-৭ | অনআবাসিক ভবন (অফিস ভবন) মেরামত ও সংস্কার | টি | ৭ | আরএফকিউ | প্রকল্প পরিচালক | জিওবি | ৫০.০০ | (প্রযোজ্য নয়) | আগস্ট, ২২ | সেপ্টেম্বর, ২২ | জুন, ২৩ |
| ডাব্লিউডি আর-৮ | অনআবাসিক ভবন (অফিস ভবন) মেরামত ও সংস্কার | টি | ৯ | আরএফকিউ | প্রকল্প পরিচালক | জিওবি | ৬০.০০ | (প্রযোজ্য নয়) | আগস্ট, ২৩ | সেপ্টেম্বর, ২৩ | জুন, ২৪ |
| ডাব্লিউডি আর-৯ | অনআবাসিক ভবন (অফিস ভবন) মেরামত ও সংস্কার | টি | ৭ | আরএফকিউ | প্রকল্প পরিচালক | জিওবি | ৪০.০০ | (প্রযোজ্য নয়) | আগস্ট, ২৪ | সেপ্টেম্বর, ২৪ | জুন, ২৫ |
| ডাব্লিউডি আর-১০ | অনআবাসিক ভবন (অফিস ভবন) মেরামত ও সংস্কার | টি | ৫ | আরএফকিউ | প্রকল্প পরিচালক | জিওবি | ৩১.০০ | (প্রযোজ্য নয়) | আগস্ট, ২৫ | সেপ্টেম্বর, ২৫ | জুন, ২৬ |
| ডাব্লিউডি আর-১১ | অডিটরিয়াম ভবন (এনআরডিটিসি) সংস্কার ও আধুনিকায়ন | টি | ১ | ওটিএম (ইজিপি) | প্রকল্প পরিচালক | জিওবি | ৮৬.০০ | (প্রযোজ্য নয়) | ফেব্রুয়ারি, ২৩ | মার্চ, ২৩ | জুন, ২৪ |
| | **কার্যের মোট মূল্য** | | | | | | **২৮৮৫.৮৮** | | | | |

**সূত্র- আরডিপিপি**

## ১.১৪ প্রকল্পের লগফ্রেম

| সংক্ষিপ্ত বর্ণনা | বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশক | যাচাইয়ের মাধ্যম | গুরুত্বপূর্ণ অনুমান |
|---|---|---|---|
| **লক্ষ্য**<br>পল্লী অঞ্চলের দরিদ্র, অসহায়, সুবিধা-বঞ্চিত ও বেকার মহিলাদের দারিদ্রতা হ্রাস এবং কিশোরীদের সঞ্চয়ে উৎসাহিতকরণসহ গ্রামীণ মহিলাদের আর্থসামাজিক অবস্থার উন্নয়নের মাধ্যমে জীবন মানের উন্নয়ন। | ১. সংগঠিত, প্রশিক্ষিত, সচেতন মহিলার সংখ্যা বৃদ্ধি;<br>২. আত্ন-কর্মসংস্থানে নিয়োজিত মহিলার সংখ্যা বৃদ্ধি;<br>৩. মহিলাদের মাথাপিছু আয় বৃদ্ধি;<br>৪. দারিদ্রতা ও জনসংখ্যা বৃদ্ধির হার হ্রাস;<br>৫. মহিলাদের নিজস্ব পুঁজি সৃষ্টি ও তা ব্যবহারের সক্ষমতা বৃদ্ধি;<br>৬. মহিলাদের সামাজিক ক্ষমতায়ন ও মর্যাদা বৃদ্ধি;<br>৭. মহিলাদের বেকারত্ব হ্রাস;<br>৮. কিশোরীদের সঞ্চয়ী মনোভাব বৃদ্ধি; এবং<br>৯. বাল্যবিবাহ হ্রাসকরণ; | ১. প্রাতিষ্ঠানিক রেকর্ড ও রেজিস্টার;<br>২. পরিদর্শন প্রতিবেদন;<br>২. প্রকল্প মূল্যায়ন রিপোর্ট;<br>৩. ইম্প্যাক্ট স্ট্যাডি রিপোর্ট;<br>৪.সফটওয়্যার জেনারেটেড অটোমেটিক রির্পোট;<br>৫.ওয়ার্কসপ/সভা/ সেমিনার; এবং<br>৬. পিসিআর। | ১. সময়মত সকল পক্ষের সহায়তা প্রাপ্তি;<br>২. স্থিতিশীল আর্থ-সামাজিক ও রাজনৈতিক পরিবেশ;<br>৩. নিয়মিত অনুমোদিত তহবিল প্রাপ্তি;<br>৪. পণ্যের দাম স্থিতিশীল থাকা;<br>৫. প্রাকৃতিক দূর্যোগ না হওয়া; এবং<br>৬. যথাযথ সহযোগিতা ও সমন্বয়। |
| **উদ্দেশ্য**<br>১) দরিদ্র, অসহায় ও সুবিধা-বঞ্চিত মহিলাদের সংগঠিত করে জাতীয় উন্নয়নের স্রোত ধারায় আনয়ন;<br>২) মানব সম্পদ ও আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ঘটানো;<br>৩) সঞ্চয়ের মাধ্যমে স্থানীয় সম্পদ সৃষ্টি এবং স্থানীয় সম্পদের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে টেকসই উন্নয়ন;<br>৪) মহিলাদের পারিবারিক ও সামাজিক জীবিকায়ন ব্যবস্থায় বৈচিত্র্য আনয়ন;<br>৫) গ্রামীণ কিশোরীদের সঞ্চয়ী মনোভাব সৃষ্টির জন্য উদ্দীপ্তকরণ;<br>৬) গ্রামীণ শিক্ষিত বেকার মহিলাদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি;<br>৭) সুফলভোগীদের সচেতনতা সৃষ্টি এবং সামাজিক ও পারিবারিক | ১) গ্রাম পর্যায়ে জরীপ করে সুফলভোগী চিহ্নিত করে সমিতি গঠন;<br>২) উদ্বুদ্ধকরণের মাধ্যমে সঞ্চয় জমা ভিত্তিতে নিজস্ব পুঁজিঁ গঠন;<br>৩) বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে সচেতনতা ও দক্ষতা সৃষ্টি ও বৃদ্ধি;<br>৪) স্কুলভিত্তিক কিশোরী সংঘ গঠন, কিশোরীদের সচেতনতা ও সঞ্চয়ী মনোভাব সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান;<br>৫) শতকরা ৩০ ভাগ সদস্যকে গ্রাজুয়েট-এ রূপান্তর এবং উদ্যোক্তা বাছাই করে উদ্যোক্তা ঋণ প্রদান;<br>৬) আত্ম-কর্মসংস্থান সৃষ্টির জন্য ক্ষুদ্র ঋণ সহায়তা প্রদান;<br>৭) উৎপাদিত পণ্যের ন্যায্য মূল্য নিশ্চিত করার জন্য বিপণন সহায়তা প্রদান;<br>৮) সেবা প্রাপ্তি সহজিকরণের | ১. রেজিস্টার<br>২. ক্রমপুঞ্জিত অর্জন প্রতিবেদন<br>৩.সফটওয়্যার জেনারেটেড অটোমেটিক রির্পোট;<br>৪. প্রকল্প মূল্যায়ন প্রতিবেদন;<br>৫. অভিঘাত নিরূপন প্রতিবেদন;<br>৬. কেস স্ট্যাডি;<br>৭. বার্ষিক প্রতিবেদন; এবং<br>৮. প্রশিক্ষণ সংক্রান্ত প্রতিবেদন। | ১. যথা সময়ে জনবল স্থানান্তর, নিয়োগ ও পদায়ন ;<br>২. সময়মত প্রশিক্ষণ পরিচালনার জন্য ভৌত (ফিজিক্যাল ফ্যাসিলিটিস) সুবিধাদি প্রাপ্তির নিশ্চয়তা;<br>৩. নিয়মিত অনুমোদিত তহবিল প্রাপ্তি;<br>৪. পণ্যের দাম স্থিতিশীল থাকা;<br>৫. নির্মাণ সামগ্রীর মূল্য স্থিতিশীল থাকা; এবং<br>৬. যথাযথ সহযোগিতা ও সমন্বয়; |

| সংক্ষিপ্ত বর্ণনা | বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশক | যাচাইয়ের মাধ্যম | গুরুত্বপূর্ণ অনুমান |
|---|---|---|---|
| কল্যাণমূলক চাহিদা মিটানো;<br><br>৮) প্রশিক্ষণের মাধ্যমে মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে অনুপ্রেরণা ও সচেতনতা সৃষ্টির মাধ্যমে দক্ষতা উন্নয়ন;<br>৯) ক্ষুদ্র ও উদ্যোক্তা ঋণ সহায়তা প্রদান;<br>১০) নারী উদ্যোক্তা সৃষ্টি;<br>১১) নারী ও কিশোরীদের ক্ষমতায়ন।<br>১২) তথ্য প্রযুক্তি ব্যবহারে উদ্বুদ্ধকরণ;<br>১৩) আয়বর্ধনমূলক সম্পৃক্তকরে মানোন্নয়ন;<br><br>১৪) জনসংখ্যা সচেতনতা সৃষ্টি; এবং<br>১৫) নোয়াখালী পল্লী উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের সক্ষমতা বৃদ্ধি। | জন্য তথ্য প্রযুক্তির ব্যবহার; এবং<br><br>৯) মান সম্পন্ন প্রশিক্ষণ প্রদান। | | |
| **<u>আউটপুট:</u>**<br><br>১) নির্বাচিত ও সুফলভোগীদের উদ্বুদ্ধকরণের মাধ্যমে সমিতি গঠন (মহিলা সমিতি ও কিশোরী সংঘ)<br>২) সুফলভোগীদের প্রশিক্ষণ প্রদান<br>৩) সঞ্চয়ের মাধ্যমে নিজস্ব পুজিঁ গঠন (মহিলা সমিতি ও কিশোরী সংঘ)<br>৪) ক্ষুদ্র ঋণ সহায়তা প্রদান<br>৫) উদ্যোক্তা ঋণ সহায়তা প্রদান<br>৬) গ্রামীণ শিক্ষিত বেকার মহিলাদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা;<br>৭) সুফলভোগীদের উৎপাদিত পণ্যসামগ্রীর গুণগতমান বৃদ্ধিসহ অনলাইন বিপণনের ব্যবস্থাকরণ;<br>৮) দেশের দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব অঞ্চেলের দরিদ্র জনগোষ্ঠির আয় উৎসারি ও দক্ষতা উন্নয়নের প্রশিক্ষণ | ১. ৪৩৭০টি মহিলা সমিতি/দল ও ১১৮টি কিশোরী সংঘের মাধ্যমে সর্বমোট ১,২৯,৮০০ জন সুফলভোগীকে (মহিলা সুফলভোগী ১,১৮,০০০ জন এবং কিশোরী সুফলভোগী ১১,৮০০ জন) সংগঠিত করা হবে;<br>২. মহিলা সুফলভোগীদের মধ্য হতে ৪১১০ জন-কে দীর্ঘমেয়াদী, সর্বমোট ৫৩৭০০ জন-কে স্বল্পমেয়াদী আয়বর্ধনমূলক প্রশিক্ষণ এবং ২০০০ জন-কে উদ্যোক্তা প্রশিক্ষণ প্রদান করা হবে। এছাড়া ১১৮০০ জন কিশোরী সুফলভোগীকে উদ্বুদ্ধকরণ ও সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করা হবে।<br>৩. ৪৭২০ টি মহিলা সমিতি/দল এর মাধ্যমে ৩২৪০.০০ লক্ষ টাকা এবং ১১৮ টি কিশোরী সংঘের মাধ্যমে ১৪১৬.০০ লক্ষ টাকা সঞ্চয় তহবিল গঠিত হবে; | ১. মাসিক মনিটরিং রিপোর্ট, রেজিস্টার, সদস্যদের তালিকাভূক্তির রেজিস্টার, সাইট ভিজিট:<br>২. ট্রেনিং সিডিউল, হাজিরা রেজিস্টার, প্রশিক্ষণ সামগ্রীর ডকুমেন্ট, মনিটরিং, ছবি;<br>৪. টেন্ডার, ওয়ার্ক ডকুমেন্ট এবং সরেজমিনে পরিদর্শন;<br>৫. ক্যাশ বুক, লেজার, সাবসিডিয়ারি লেজার, উপজেলা অফিসের মাসিক রিপোর্ট;<br>৬. গ্রাজুয়েট রিপোর্ট, মূল্যায়ন প্রতিবেদন, ফিল্ড স্টাডি;<br>৭. এমআইএস ও এআইএস;<br>৮. প্রশিক্ষণ কারিকুলাম, বাল্যবিবাহ প্রতিরোধ সংক্রান্ত রিপোর্ট, পরিবার পরিকল্পনা গ্রহণ সংক্রান্ত রিপোর্ট;<br>৯. প্রশিক্ষণ প্রদানের সমাপ্ত প্রতিবেদন। | ১. পল্লী উৎপাদকদের বিপণন সুবিধা;<br>২. প্রশিক্ষিত সুফলভোগীদের ব্যবসার সাথে সম্পৃক্ততা;<br>৩. প্রাকৃতিক দূর্যোগ না হওয়া। |

<table>
<tr><th>সংক্ষিপ্ত বর্ণনা</th><th>বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশক</th><th>যাচাইয়ের মাধ্যম</th><th>গুরুত্বপূর্ণ অনুমান</th></tr>
<tr><td>কেন্দ্রের ভবন নির্মাণ, সংস্কার ও আধুনিকায়ন।</td><td>৪. ৮২৬০০ জন সুফলভোগীকে ১৭৪১০.০০ লক্ষ টাকা ক্ষুদ্র ঋণ প্রদান এবং আত্মকর্মসংস্থান সৃষ্টি হবে;<br>৫. ১৭৭০ জন সুফলভোগীকে ৪৪২৫.০০ লক্ষ টাকা উদ্যোক্তা ঋণ প্রদান;<br>৬. প্রকল্পে অর্ন্তভূক্ত শিক্ষিত বেকার মহিলাদের ৩০ ভাগের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে;<br>৭. অনলাইন মার্কেটিং;<br>৮. প্রশিক্ষণ কেন্দ্রের অবকাঠামো সংস্কার, আধুনিকায়ন ও নির্মাণ।<br>৯. একই সঙ্গে ১০০ জন প্রশিক্ষণার্থীর আবাসন সুবিধা বৃদ্ধিসহ প্রশিক্ষণ প্রদান।</td><td></td><td></td></tr>
<tr><td><u>ইনপুট (Input) :</u><br><br>১) জনবল:<br>২) ঋণ তহবিল (ক্ষুদ্র ও উদ্যোক্তা);<br>৩) প্রশিক্ষণ (প্রশিক্ষক, প্রশিক্ষণার্থী, প্রশিক্ষণ সামগ্রী, প্রশিক্ষণ কেন্দ্র (স্থান));<br>৪) কর্ম সহায়ক যন্ত্রাংশ অনুদান/সহায়তা;<br>৫) যানবাহন ও অফিস সরঞ্জাম;<br>৬) নির্মাণ সামগ্রী;<br>৭) ওয়ার্কসপ/সভা/সেমিনার</td><td><u>কার্যক্রম (Activities):</u><br>১. জরিপের মাধ্যমে সুফলভোগীদের তথ্য সংগ্রহকরণ;<br>২. সুফলভোগীদের সংগঠন ও পুর্জি গঠন;<br>৩. কিশোরী সংঘ গঠনে উদ্বুদ্ধকরণ<br>৪. প্রশিক্ষণ;<br>৫. ঋণ সহায়তা (ক্ষুদ্র ঋণ) প্রদান;<br>৬. ঋণ ব্যবস্থাপনা ও তদারকি;<br>৭. উদ্যোক্তা বাছাই ও প্রশিক্ষণ;<br>৮. উদ্যোক্তা ঋণ প্রদান;<br>৯. বিপণন সংযোগ;<br>১০. অবকাঠামো সংস্কার, আধুনিকায়ন এবং নির্মাণ;<br>১১.ওয়ার্কসপ/সভা/সেমিনার:<br>১২. পরিবীক্ষণ ও মূল্যায়ন।</td><td><table>
<tr><th colspan="2">বাজেট (লক্ষ টাকায়)</th></tr>
<tr><td>আইটেম</td><td>পরিমাপ</td></tr>
<tr><td>কর্মচারীদের প্রতিদান</td><td>৫৬১.৩০</td></tr>
<tr><td>পণ্য ও সেবার ব্যবহার</td><td>১৪১৪.৭৬</td></tr>
<tr><td>প্রশিক্ষণ</td><td>৬১৮০.৬২</td></tr>
<tr><td>মেরামত ও সংরক্ষণ</td><td>৬১৭.০১</td></tr>
<tr><td>সাধারণ অনুদান</td><td>৩১৩০.৫০</td></tr>
<tr><td>অআর্থিক সম্পদ (স্থায়ী সম্পদ)</td><td>৩২৫০.৫০</td></tr>
<tr><td>ক্ষুদ্র ঋণ</td><td>১৭৪১০.০০</td></tr>
<tr><td>উদ্যোক্তা ঋণ</td><td>৪৪২৫.০০</td></tr>
<tr><td>প্রাইস কন্টিনজেনন্সি</td><td>৯৯০.১৪</td></tr>
<tr><td>ফিজিক্যাল কন্টিনজেন্সি</td><td>৬৬০.১০</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>৩৮৫৮৯.৯৩</td></tr>
<tr><td></td><td></td></tr>
</table></td><td>১. যথা সময়ে প্রকল্প আইটেম পরিমাপ কর্মচারীদের প্রস্তাব অনুমোদিত প্রতিদান হওয়া; পণ্য ও সেবার<br>২. সময়মত অর্থ ছাড়;<br>৩. সময়মত দক্ষ জনবল নিয়োজিত করা;<br>৪. সময়মত ইউনিয়ন বাছাই।</td></tr>
</table>

**তথ্যসূত্র:** আরডিপিপি

## ১.১৫ প্রকল্পের টেকসইকরণ পরিকল্পনা ও Exit Plan

প্রকল্পের মেয়াদ শেষে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড আইন, ২০১৮ অনুযায়ী বিআরডিবি'র নিজস্ব ব্যবস্থাপনায় কর্মসূচী আকারে বিদ্যমান কর্মকান্ড/সেবাসমূহ পরিচালিত হবে। প্রকল্প মেয়াদ শেষে বিআরডিবি'র চলমান অন্যান্য কর্মসূচীর ন্যায় বিতরণকৃত ঋণের বিপরীতে আদায়কৃত সেবামূল্য ও অন্যান্য অর্থ দ্বারা সৃষ্ট তহবিল দ্বারা প্রকল্প চলাকালীন সময়ের ন্যায় সুফলভোগীদের সেবা প্রদান অব্যাহত রাখা হবে।

প্রকল্প মেয়াদ শেষে পল্লী উন্নয়ন বোর্ড আইন, ২০১৮ অনুযায়ী বিআরডিবি'র নিজস্ব ব্যবস্থাপনায় পরিচালিত হবে প্রকল্প মেয়াদ শেষে বিআরডিবি'র রাজস্ব বাজেটের ভবন মেরামত ও রক্ষণাবেক্ষণ খাতে সংস্থানকৃত অর্থে প্রশিক্ষণ কেন্দ্রের অবকাঠামোসমূহের নিয়মিত মেরামত ও রক্ষণাবেক্ষণ করা হবে । এ ছাড়া প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে নিয়োজিত জনবলের পাশাপাশি বিআরডিবি হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাবিত নোয়াখালী পল্লী উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের জন্য ৩৪জন কর্মকর্তা-কর্মচারীর পদ সৃজনসহ নিয়োগের মাধ্যমে উক্ত কেন্দ্রের যাবতীয় কার্যক্রম পরিচালিত হবে।

# দ্বিতীয় অধ্যায়
# নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার কর্মপদ্ধতি

## ২.০ ভূমিকা

বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) অন্তর্ভূক্ত উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণের পাশাপাশি প্রতি অর্থবছর আইএমইডি পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের মাধ্যমে উন্নয়ন প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ এবং সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন সমীক্ষা পরিচালনা করে থাকে। এরই ধারাবাহিকতায় আইএমইডি কর্তৃক চলতি ২০২২-২০২৩ অর্থবছরে রাজস্ব বাজেটের আওতায় শীর্ষক প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার জন্য নির্বাচন এবং পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করা হয়।

## ২.১ সমীক্ষার কৌশল

প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণ সমীক্ষা পরিচালনার জন্য কর্মপরিধিতে উল্লিখিত নির্দেশনার আলোকে প্রয়োজনীয় সকল কার্যক্রম প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। প্রকল্পের নিবিড় পরিবীক্ষণের সমীক্ষার উদ্দেশ্য অর্জনের জন্য ৩ ধরনের কৌশল অবলম্বন করা হয়েছে। কৌশলগত পদ্ধতি নিম্নে দেয়া হলো:

১। প্রকল্পের বিদ্যমান দলিলাদি পর্যালোচনার মাধ্যমে তথ্য সংগ্রহকরণ;
২। জরিপের মাধ্যমে প্রকল্প এলাকা হতে সংখ্যাগত ও গুণগত তথ্য সংগ্রহকরণ; এবং
৩। সরেজমিনে পরিদর্শনের মাধ্যমে তথ্যাদি সংগ্রহ, পর্যালোচনা ও বিশ্লেষণ।

## ২.২ সমীক্ষার বিশ্লেষণগত কাঠামো

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার জন্য নির্দিষ্টকৃত নির্দেশকমূহের সাথে সঙ্গতি রেখে প্রাপ্ত তথ্যের স্তরবিন্যাস করা হয়েছে যেন তথ্যের পরিসংখ্যানগত বিশ্লেষণ সঠিকভাবে সম্পন্ন হয়। প্রাপ্ত তথ্য সমূহ SPSS, MS Excel সফটওয়্যার ব্যবহার করে যথাযথ পরিসংখ্যান পদ্ধতির মাধ্যমে তথ্য বিশ্লেষণ করা হয়েছে।

## ২.৩ সমীক্ষার ধারণা

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষা কার্যক্রম সম্পাদনের জন্য ToR অনুযায়ী প্রদত্ত গাইডলাইন অনুসরণ করা হয়েছে। গৃহীত সকল কার্যক্রম পর্যায়ক্রমে ও ক্রমানুযায়ী সম্পন্ন করা হয়েছে । কার্যক্রম গ্রহণের বিভিন্ন ধাপ ও পর্যায় নিম্নে বর্ণনা করা হলো:

**প্রথম ধাপ**

এ পর্যায়ে প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন ও তথ্য সংগ্রহ এবং পর্যালোচনা করা হয়। এছাড়া নিবিড় পরিবীক্ষণ সমীক্ষা কার্যক্রম সম্পাদনের পরিকল্পনা গ্রহণ, নির্দেশক নির্বাচন, তথ্যের উৎস চিহ্নিতকরণ, সমীক্ষা এলাকা নির্ধারণ, নমুনা ও বিভিন্ন প্রশ্নমালা ছক প্রস্তুত, প্রারম্ভিক প্রতিবেদন প্রস্তুত, উপস্থাপন এবং চূড়ান্তকরণ।

**দ্বিতীয় ধাপ**

এ ধাপে মাঠ পর্যায়ে তথ্য-উপাত্ত সংগ্রহের জন্য লোকবল নিয়োগ ও প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া প্রস্তুতকৃত প্রশ্নাবলী ও ছকের উপর বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ প্রদত্ত মতামত/পরামর্শ অনুসরণে প্রশ্নাবলী ও ছক চূড়ান্তকরণপূর্বক মাঠ পর্যায়ে তথ্য-উপাত্ত সংগ্রহের পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

**তৃতীয় ধাপ**

এ ধাপে তথ্য সংগ্রহকারীগণ মাঠপর্যায় হতে নির্দিষ্ট পরিকল্পনা ও সময়ানুযায়ী তথ্য-উপাত্ত সংগ্রহ করেছেন। পরামর্শক ও সমীক্ষা টিম তথ্য সংগ্রহকারীদের কাজ তদারকি করেছেন। তথ্য সংগ্রহকারীগণ মাঠ পর্যায়ে দৈবচয়ের ভিত্তিতে নির্বাচিতদের নিকট হতে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করেছেন। এছাড়া প্রকল্প পরিচালকের অফিস হতে সুনির্দিষ্ট তথ্য-উপাত্ত সংগ্রহ করেছেন।

**চতুর্থ ধাপ**

মাঠপর্যায় হতে সংগৃহীত তথ্য ভুলত্রুটি থাকলে তা সংশোধন করা হয়েছে। সংগৃহীত তথ্য-উপাত্ত সংশোধনের পর সেগুলোতে সাংকেতিক নম্বর প্রদান করা হয়েছে এবং সে অনুযায়ী কম্পিউটারে ধারণ করা হয়েছে। পরবর্তীতে সংগৃহীত তথ্য পরিসংখ্যানিক বিশ্লেষণ করা হয় এবং প্রাপ্ত ফলাফল সারণী আকারে উপস্থাপন করা হয়েছে।

**পঞ্চম ধাপ**

এ ধাপে প্রাপ্ত ফলাফলের ওপর ভিত্তি করে খসড়া প্রতিবেদন প্রণয়ন করে পর্যালোচনার জন্য আইএমইডি'র নিকট দাখিল করা হয়েছে। খসড়া প্রতিবেদনের উপর টেকনিক্যাল কমিটি ও সমীক্ষা তত্ত্বাবধান কমিটির সুপারিশের ভিত্তিতে চূড়ান্ত খসড়া প্রণয়নপূর্বক কর্মশালায় উপস্থাপন করা হবে। কর্মশালা হতে প্রাপ্ত সুপারিশের আলোকে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন ও দাখিল করা হবে।

**নিবিড় পরিবীক্ষণের নির্দেশক নির্বাচন**

প্রকল্পের বর্তমান অবস্থা ও পটভূমির সঙ্গে তার ডিজাইন/পরিকল্পনা তথা আরডিপিপিতে বর্ণিত বিষয়সমূহের নির্দেশকের মাধ্যমে প্রকল্পের  নিবিড় পরিবীক্ষণ সমীক্ষা পরিচালনা করা হয়েছে। নিম্নোক্ত তিনটি পর্যায়ে চলমান প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ করা হয়েছে।

| পরিবীক্ষণের প্রকৃতি | পরীক্ষণীয় বিষয়/নির্দেশক |
|---|---|
| ১) প্রকল্প প্রণয়ন সংক্রান্ত পরিকল্পনা | ➢ প্রকল্প প্রণয়ন ধাপের বিভিন্ন বিষয় পর্যালোচনা;<br>➢ প্রকল্পের কর্মপরিকল্পনা, স্কোপ অব ওয়ার্ক ইত্যাদি সঠিকভাবে গ্রহণ করা হয়েছে কিনা তা পর্যালোচনা; এবং<br>➢ প্রকল্পের অনুমোদন, সংশোধন, ইত্যাদি পর্যালোচনা। |
| ২) প্রকল্পের বাস্তবায়ন ও অগ্রগতি | ➢ প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক ও বাস্তব অগ্রগতি পর্যালোচনা;<br>➢ প্রকল্পের আওতায় প্রধান প্রধান কাজের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;<br>➢ অর্থ-বছর ভিত্তিক কর্মপরিকল্পনা পর্যালোচনা;<br>➢ প্রকল্পের সবল, দূর্বল দিক, সুযোগ ও ঝুঁকি বিশ্লেষণ;<br>➢ প্রকল্পে অর্থায়নে বিলম্ব, প্রকল্প বাস্তবায়ন অর্থাৎ পণ্য, কার্য, সেবা ক্রয় /সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য বিষয় বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;<br>➢ প্রকল্প ব্যবস্থাপনা, প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ; এবং |

| পরিবীক্ষণের প্রকৃতি | পরীক্ষণীয় বিষয়/নির্দেশক |
|---|---|
| | ➢ প্রকল্পের সম্ভাব্য exit plan সম্পর্কে পর্যালোচনা ও মতামত প্রদান। |
| ৩) প্রকল্পের ক্রয় কার্যক্রম পর্যালোচনা | ➢ প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য/কার্য ও সেবা সংগ্রহের ক্ষেত্রে ক্রয় আইন এবং প্রযোজ্য গাইড লাইন অনুসরণ করা হয়েছে কিনা তা পর্যালোচনা করা;<br>➢ অডিট সংক্রান্ত পর্যালোচনা (ইন্টারনাল এবং এক্সটারনাল অডিট);<br>➢ বিভিন্ন পণ্য কার্য সেবা সংশ্লিষ্ট ক্রয় চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR গুণগতমান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কিনা সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ; এবং<br>➢ প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা (যদি থাকে) যেমন –অর্থায়নে বিলম্ব, পণ্য, কার্য ও সেবা ক্রয় সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, বিল পরিশোধে বিলম্ব, পরিচালন পদ্ধতিগত দূর্বলতা, পর্যবেক্ষণ ও পর্যালোচনা। |
| ৪) প্রকল্পের বাস্তবায়ন পর্যায়ে গুণগতমান পর্যবেক্ষণ | ➢ প্রকল্পের অনুমোদিত পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কাজ বাস্তবায়ন হয়েছে /হচ্ছে কিনা তা সরজমিন পর্যবেক্ষণ;<br>➢ প্রকল্পের আওতায় যেসব প্রশিক্ষণ ও স্টাডির আয়োজন করা হয়েছে তা সঠিক ও মানসম্পন্ন হয়েছে কিনা তা পর্যবেক্ষণ;<br>➢ প্রকল্পের আওতায় যে সব ঋণ বিতরণ করা হয়েছে তা পর্যবেক্ষণ;<br>➢ প্রকল্পের আওতায় যেসব স্থানীয় প্রশিক্ষণ ও সেমিনার/ওয়ার্কসপ আয়োজন করা হয়েছে সেগুলোর গুণগত অবস্থা ও আউটপুট পর্যালোচনা ও পর্যবেক্ষণ; এবং<br>➢ প্রশিক্ষণের উদ্দেশ্যে Need Assessment করা হয়ে থাকলে তা পর্যালোচনা। |

## ২.৪ সমীক্ষার কর্মপদ্ধতি

সমীক্ষার কর্মপদ্ধতির অংশ হিসেবে প্রয়োজনীয় তথ্য প্রাইমারি এবং সেকেন্ডারি উৎস থেকে সংগ্রহ করা হয়েছে। প্রাইমারি তথ্য সরাসরি সাক্ষাৎকারের মাধ্যমে এবং সেকেন্ডারি তথ্য বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) ও পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ থেকে সংগ্রহ করা হয়েছে। সংগৃহিত তথ্য যাচাই বাছাই করে কম্পিউটারে সংরক্ষণ করা হয়েছে এবং পরবর্তী বিশ্লেষণপূর্বক প্রতিবেদন প্রস্তুতিতে ব্যবহার করা হয়েছে।

**“দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প-২য় পর্যায় (ইরেসপো-২য় পর্যায়)”** প্রকল্প সম্পর্কে সম্যক ধারণা লাভের জন্য প্রয়োজনীয় প্রাইমারি তথ্য-উপাত্ত সংগ্রহের জন্য সংখ্যাগত ও গুণগত জরিপ পদ্ধতি ব্যবহার করা হয়েছে। প্রশ্ন ও উত্তরের মাধ্যমে সরাসরি সাক্ষাৎকার গ্রহণপূর্বক তথ্য সংগ্রহ করা হয়েছে। এ সমস্ত তথ্য প্রশ্ন ও উত্তরের মাধ্যমে, FGD এবং KII পদ্ধতিতে প্রকল্প প্রবক্তা এবং সুফলভোগী প্রশিক্ষণপ্রাপ্ত জনগণ এবং সংশ্লিষ্ট সংস্থাসমূহের কর্মকর্তাগণের নিকট থেকে সংগ্রহ করা হয়েছে।

## ২.৫ সমীক্ষা এলাকা নির্ধারণ

প্রকল্পটির অবস্থান হচ্ছে খুলনা, বরিশাল, চট্রগ্রাম ও রংপুর বিভাগের ১৭ জেলার ৫৯ উপজেলায়। প্রকল্প পরিচালকের দপ্তর হতে জানা যায় যে ইতোমধ্যে ৫৯ টি উপজেলার সবকটিতে ইনকাম জেনারেটিং প্রশিক্ষণ কার্যক্রম চালু রয়েছে। এই ৫৯ টি

উপজেলার মধ্যে ১৭টি নমুনা উপজেলায় সমীক্ষা পরিচালনা করা হয়েছে। এই ১৭টি উপজেলা প্রকল্পের ১৭টি জেলার প্রতিটি থেকে একটি উপজেলা নির্বাচনের মাধ্যমে নির্বাচন করা হয়েছে।

### ২.৬ জরিপ পদ্ধতি

সমীক্ষার তথ্য সংগ্রহের জন্য সংখ্যাগত ও গুণগত জরিপ পদ্ধতি ব্যবহার করা হয়েছে। সমীক্ষার কর্মপদ্ধতির অংশ হিসেবে প্রয়োজনীয় তথ্য প্রাইমারি এবং সেকেন্ডারি উৎস থেকে সংগ্রহ করা হয়েছে। প্রাইমারি তথ্য সরাসরি সাক্ষাৎকারের মাধ্যমে এবং সেকেন্ডারি বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ থেকে সংগ্রহ করা হয়েছে।

### ২.৭ সংখ্যাগত জরিপের নমুনা-সংখ্যা নির্ধারণ

নমুনা উপজেলা থেকে প্রশিক্ষণ প্রাপ্ত সুবিধাভোগীদের থেকে নমুনা আকার নিম্নলিখিত ফর্মূলার মাধ্যমে নির্ণয় করা হয়েছে।

$$n = \frac{z^2 PQ}{e^2} . (d.eff)$$

*Where,*

z=১.৯৬ (The value of the standard variation at ৯৫% confidence level)

*n = sample size*

*p = Proportion/probability of success =০.৫*

*q = ১-p =০.৫*

*e = allowable margin of error (৫%) or precision level =০.০৫*

*d.eff=design effect = ১.০ considering homogeneity of sample*

উপরোক্ত মানগুলি ফর্মূলায় বসিয়ে দিলে n=৩৮৪ পাওয়া যায়।

### ২.৮ উত্তরদাতার নমুনা চয়ন

নমুনা ১৭টি উপজেলার প্রতিটি থেকে সাধারণ দৈবচয়ন পদ্ধতি (এসআরএস) প্রয়োগ করে একটি করে ইউনিয়ন/ওয়ার্ড নির্বাচন করা হয়েছে। নির্বাচিত ইউনিয়ন/ওয়ার্ড থেকে প্রয়োজনীয় সংখ্যক সুবিধাভোগী যাদের তথ্য প্রকল্প দপ্তর থেকে সংগ্রহ করা হয়েছে। তাদের সিস্টেমেটিক দৈব-চয়নপদ্ধতির মাধ্যমে নির্বাচন করা হয়েছে। তবে নির্বাচিত ইউনিয়ন/ওয়ার্ডে যদি কোন বিশেষ শ্রেণীর সুফলভোগী নির্দিষ্ট সংখ্যায় না পাওয়া যায় তবে পার্শ্ববর্তী ইউনিয়ন/ ওয়ার্ড থেকে তা পূরণ করা হয়েছে। উপরোক্ত নমুনা চয়ন পদ্ধতিটি নিম্নের ছকের মাধ্যমে প্রদর্শন করা হলো। এক্ষেত্রে প্রকল্প পরিচালকের দপ্তর হতে প্রশিক্ষণপ্রাপ্তদের তালিকা এবং ঠিকানা পূর্বেই সংগ্রহ করা হয়েছে।

**ছকঃ নমুনা বাছাই প্রক্রিয়া**




**উত্তরদাতার নমুনাবণ্টন**

উত্তরদাতার নমুনা প্রতি উপজেলায় আনুপাতিক হারে বণ্টন করা হয়েছে।

## ২.৯ গুণগত পদ্ধতির ব্যবহার

সমীক্ষায় গুণগত পদ্ধতি হিসেবে ‘কী ইনফরমেন্টস্ ইন্টারভিউ’ (KII) এবং ফোকাস গ্রুপ ডিসকাশন (FGD) ব্যবহার করা হয়েছে।

**কি ইনফরমেন্টস্ ইন্টারভিউ (KII):** KII পদ্ধতিতে প্রকল্প পরিচালক, উপ প্রকল্প পরিচালক, উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা এবং জেলা পর্যায়ে বিআরডিবি এর উপপরিচালক এবং বিভিন্ন স্টেকহোল্ডারদের সাক্ষাৎকার নেয়া হয়েছে। এ সংক্রান্ত মোট KII এর সংখ্যা ৪৯টি।

**ফোকাস গ্রুপ ডিসকাশন:**

- প্রকল্প  সুফলভোগীগণ প্রকল্প কার্যক্রম চলাকালীন প্রকল্প থেকে প্রাপ্ত সুবিধা ও অসুবিধা সংক্রান্ত তথ্য জানার জন্য প্রকল্প এলাকার মধ্যে ১৭টি FGD করা হয়েছে। এক্ষেত্রে প্রতি জেলায় এবং উপজেলায় FGD ১টি।
- প্রতিটি FGD প্রকল্প অঞ্চলের এমন একটি জায়গায় করা হয়েছে যাতে সকল অংশগ্রহণকারী উক্ত স্থানে সহজে আসতে পারে এবং অবাধে মতামত প্রদান করতে পারে। FGD সভা একজন সঞ্চালক দ্বারা পরিচালিত হয়েছে যিনি প্রকল্প সম্পর্কিত বিষয়ের উপর সভায় আগত সকলকে মুক্তভাবে কথা বলার জন্য উৎসাহিত করেছেন।
- প্রস্তাবিত FGD এফজিডি গাইডলাইন অনুসারে পরিচালিত হয়েছে এবং গাইডলাইনে উল্লেখিত সূচক অনুযায়ী ধারাবাহিকভাবে আলোচনা করে তথ্য সংগ্রহ করা হয়েছে।

### ২.১০ উত্তরদাতার চয়ন

প্রকল্প সম্পর্কে সম্যক তথ্য লাভের জন্য KII এর মাধ্যমে নিম্নবর্ণিত কর্মকর্তা ও অংশীজনকে উত্তরদাতা হিসেবে নির্বাচন করা হয়েছে।

| সংস্থা | উত্তরদাতা | উত্তরদাতার সংখ্যা |
|---|---|---|
| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | পরিচালক, উপপরিচালক পদমর্যাদার কোন কর্মকর্তা | ৫জন |
| প্রকল্প পরিচালকের দপ্তর | প্রকল্প পরিচালক, উপ-প্রকল্প পরিচালক | ৫জন |
| উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | উপজেলা পর্যায়ের উপ-প্রকল্প কর্মকর্তা | ১৭জন |
| জেলা বিআরডিবি | উপপরিচালক | ৫জন |
| উপজেলা পরিষদ | উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা চেয়ারম্যান | ১৭জন |
| হাইস্কুল | প্রধান শিক্ষক | ১৭জন |

FGD এর ক্ষেত্রে প্রকল্প প্রশিক্ষণ গ্রহণকারী জনগন যারা প্রকল্প কার্যক্রমের মাধ্যমে বিভিন্নভাবে উপকৃত হয়েছেন তাদেরকে FGD তে অংশগ্রহণ করার জন্য আমন্ত্রণ জানানো হয়েছে।

### ২.১১ কেস স্টাডি

নিবিড় পরিবীক্ষণ এর আওতায় প্রশ্নপত্র জরিপ, FGD এবং KII এর পাশাপাশি প্রকল্পের আওতায় আইজিএ প্রশিক্ষণপ্রাপ্তদের অন্তর্ভুক্ত করে কেস স্টাডি করা হয়েছে। প্রশিক্ষণের মাধ্যমে তাদের কর্মসংস্থান, অবস্থার পরিবর্তন, আয় বৃদ্ধি ইত্যাদি বিষয়ে পর্যালোচনা করে কেস স্টাডি প্রণয়ন করা হয়েছে।

### ২.১২ মাঠ কর্মী এবং সুপারভাইজার প্রশিক্ষণ

পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠকর্মী এবং সুপারভাইজার নিয়োগের পর তাদের জন্য ৩(তিন) দিনের প্রশিক্ষণ কর্মসূচীর ব্যবস্থা করা হয়েছে। পরামর্শকগণ মাঠ কর্মী এবং সুপারভাইজারগণের প্রশিক্ষণ প্রদান করেন। উক্ত কর্মসূচিতে আইএমইডি’র সংশ্লিষ্ট কর্মকর্তাগণকেও আমন্ত্রণ জানানো হয়েছে।

### ২.১৩ স্থানীয় পর্যায়ের কর্মশালা

তথ্য সংগ্রহ চলাকালীন সময়ে পরামর্শকদল কর্তৃক স্থানীয় পর্যায়ে একটি কর্মশালার আয়োজন করা হয়েছে। আনুমানিক ৪৫-৫০ জন স্থানীয় বিভিন্ন প্রশিক্ষণপ্রাপ্ত, স্থানীয় প্রশাসনিক কর্মকর্তা, সুবিধাভোগী কমিউনিটির প্রতিনিধি, স্কুলের শিক্ষক, গণ্যমান্য ব্যক্তির সাথে উন্মুক্ত আলোচনার মাধ্যমে মূল্যায়ন সমীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করা হয়েছে। উক্ত কর্মশালায় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এবং বিভাগের অন্যান্য সংস্থার কর্মকর্তাবৃন্দ এবং আইএমইডি এর সংশ্লিষ্ট কর্মকর্তাগণও উপস্থিত ছিলেন ।

# তৃতীয় অধ্যায়
# ফলাফল পর্যালোচনা

### ৩.০ প্রকল্পের অগ্রগতি:

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় **(**১ম সংশোধিত**)** শীর্ষক প্রকল্পের অনুমোদন ও সংশোধন মেয়াদ ও ব্যয় হ্রাস বৃদ্ধি**,** আর্থিক পরিকল্পনা**,** বরাদ্দ ও ব্যয় এবং প্রকল্পের অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা ও অগ্রগতি নিম্নে দেয়া হলঃ

### ৩.১ প্রকল্পের অনুমোদিত সংশোধিত ব্যয় ও মেয়াদকাল

মূল ডিপিপি অনুসারে দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় শীর্ষক প্রকল্পটির জন্য মোট প্রাক্কলিত ব্যয় ধরা হয়েছে ৩৪৬৫৫.০৭ লক্ষ টাকা। প্রাক্কলিত ব্যয় ৩৪৬৫৫.০৭ টাকার মধ্যে রাজস্ব ব্যয় ৯২৬৩.৪০ লক্ষ টাকা এবং মূলধন ব্যয় ২৩৭৪১.৪৩ লক্ষ টাকা। প্রকল্পটির ভৌত অবকাঠামো নির্মাণ, মেরমত ও সংস্কার এবং আধুনিকায়ন কাজসমূহের প্রাক্কলিত ব্যয় পিডব্লিউডি রেট সিডিউল-২০১৮ অনুযায়ী নির্ধারিত ছিল; কিন্তু সকল প্রকার নির্মাণ সামগ্রীর ব্যয় ব্যাপকভাবে বৃদ্ধি পাওয়ায় ডিপিপি-তে উল্লেখিত প্রাক্কলিত ব্যয়ে বর্ণিত কাজসমূহ বস্তবায়ন করা সম্ভব নয় বিধায় প্রকল্পটির ব্যয় বৃদ্ধির প্রয়োজনীতা দেখা দেওয়ায় প্রকল্পটি সংশোধন করে প্রকল্পটির ভৌত অবকাঠামো নির্মাণ, মেরামত ও সংস্কার এবং আধুনিকায়ন কাজসমূহের প্রাক্কলিত ব্যয় পিডব্লিউডি রেট সিডিউল-২০২২ অনুযায়ী নির্ধারিত করা হয়। ১২/০১/২০২৩ তারিখে প্রকল্পের ১ম সংশোধনী অনুমোদিত হয়। ১ম সংশোধিত প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৩৮৫৮৯.৯৩ লক্ষ টাকা, এর মধ্যে রাজস্ব ব্যয় ১১৯০৪.১৯ লক্ষ টাকা এবং মূলধন ব্যয় ২৫০৩৫.৫০ লক্ষ টাকা, প্রাইস কনটিনজেন্সি ৯৯০.১৪ লক্ষ টাকা, ফিজিক্যাল কনটিনজেন্সি ৬৬০.১০ লক্ষ টাকা। প্রকল্পটির অনুমোদিত বাস্তবায়নকাল জুলাই,২০২১ হতে ৩০ জুন ২০২৬ পর্যন্ত অর্থাৎ প্রকল্পটির বাস্তবায়নকাল ৫ বছর। প্রকল্পটি একবার সংশোধিত হলেও প্রকল্পের মেয়াদকাল বৃদ্ধি করা হয়নি।




চিত্র ৩.১ প্রকল্পের ব্যয় বৃদ্ধি

### ৩.২ প্রকল্প সংশোধনের কারণ পর্যালোচনা

প্রকল্পের অনুমোদিত ডিপিপিতে ভৌত অবকাঠামো নির্মাণ, সংস্কার ও আধুনিকায়ন কাজসমূহের প্রাক্কলিত ব্যয় পিডাব্লিউডি’র রেট সিডিউল ২০১৮ অনুযায়ী সংস্থান রয়েছে। কিন্তু বর্তমানে সকল নির্মাণ সামগ্রীর দর অনেক বৃদ্ধি পাওয়ায় অর্থ মন্ত্রনালয় কর্তৃক দর বৃদ্ধি করায় সে আলোকে পিডাব্লিউডি’র রেট সিডিউল ২০২২ প্রকাশিত হয়। পিডাব্লিউডি’র রেট

সিডিউল ২০২২ অনুযায়ী নির্মাণ কাজের ব্যয় অনেক বৃদ্ধি পাওয়ায় এবং স্টিয়ারিং কমিটি কর্তৃক ৬তলা স্থলে ৯তলা হোস্টেল ভবন নির্মাণের সিদ্ধান্ত গৃহিত হওয়ায় ডিপিপি'র অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ে নির্মাণ কাজসমূহ বাস্তবায়ন সম্ভব নয়। বাস্তব অবস্থার প্রেক্ষিতে কার্যক্রম বাস্তবায়নের স্বার্থে নির্মাণ, সংস্কার ও আধুনিকায়ন খাতসমূহের বরাদ্দ বৃদ্ধি, সুফলভোগী সদস্যদের দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণের সংস্থানসহ প্রশিক্ষণার্থীর সংখ্যা বৃদ্ধি জনিত কারণে প্রশিক্ষণ খাতে বরাদ্দ বৃদ্ধি, কম্পিউটার ও আনুসাঙ্গিক যন্ত্রাংশ এবং আসবাবপত্রের মূল্য বৃদ্ধির কারণে এ সকল সামগ্রী ক্রয়ের স্বার্থে বরাদ্দ বৃদ্ধি পাওয়ায় প্রকল্পের স্টিয়ারিং কমিটির সিদ্ধান্তের আলোকে মন্ত্রণালয় কর্তৃক বিভাগীয় মূল্যায়ন কমিটি (ডিপিইসি) এর সুপারিশক্রমে প্রকল্পের ১ম সংশোধনী অনুমোদিত হয়।

## ৩.৩ অর্থবছরভিত্তিক ডিপিপির সংস্থান, এডিপি বরাদ্দ ও প্রকৃত ব্যয় পর্যালোচনা

সারণী-৩.২ প্রকল্পের বার্ষিক ব্যয় কার্যক্রম (লক্ষ টাকায়)

| অর্থ বছর | মূল ডিপিপি অনুযায়ী লক্ষ্য মাত্রা | আরডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্য মাত্রা | অগ্রগতি | |
|---|---|---|---|---|
| | | | এডিপি বরাদ্দ | মার্চ ২০২৩ পর্যন্ত |
| ২০২১-২০২২ | ৩৯৫৯.৫৫ | ৩২৬১.১৩ | ৩৩১২.০০ | ৩২৬১.১৩ |
| ২০২২-২০২৩ | ৭৯১৫.৪২ | ৮০০০.০০ | ৮০০০.০০ | ৪০৬৩.৫৬ (মার্চ,২৩) |
| ২০২৩-২০২৪ | ৭১০৮.২৫ | ১০৫৮২.০১ | - | - |
| ২০২৪-২০২৫ | ৭৯৬১.৯৪ | ১১১৩৯.৮৬ | - | - |
| ২০২৫-২০২৬ | ৭৭০৯.৯১ | ৫৬০৬.৯৩ | - | - |
| মোট | **৩৪৬৫৫.০৭** | **৩৮৫৮৯.৯৩** | **১১৩১২.০০** | **৭৩২৪.৬৯** |

**তথ্যসূত্রঃ** প্রকল্প পরিচালকের দপ্তর

উপরে বর্ণিত সারণী থেকে দেখা যায় যে, সংশোধিত ডিপিপি (আরডিপিপি) অনুযায়ী ২০২১-২০২২, ২০২২-২০২৩, ২০২৩-২০২৪, ২০২৪-২০২৫ ও ২০২৫-২০২৬ এই ৫টি অর্থবছরে প্রকল্পের অনুকূলে ব্যয়ের লক্ষ্যমাত্রা ছিল প্রায় ৩৮৫.৯০ কোটি টাকা। চলতি অর্থবছরে মার্চ পর্যন্ত ব্যয় হয়েছে ৪০.৬৩ কোটি টাকা যা চলতি অর্থবছরের লক্ষ্যমাত্রার প্রায় ৫১.৫%। প্রকল্পের শুরু থেকে চলতি অর্থবছরের মার্চ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ৭৩.২৪ কোটি টাকা, যা সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয়ের প্রায় ১৯%।

**পর্যালোচনা**

প্রকল্পের ডিপিপি অনুসারে অনুমোদিত বাস্তবায়নকাল ০১ জুলাই ২০২১ হতে ৩০ জুন ২০২৬ তারিখ পর্যন্ত। প্রকল্প অনুমোদনের প্রশাসনিক আদেশ ও প্রকল্প পরিচালক নিয়োগ এবং অর্থ ছাড়ের বিলম্বের কারণে প্রকৃতপক্ষে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন অক্টোবর,২০২১ মাস হতে শুরু করা হয়েছে। তাছাড়া অর্থ মন্ত্রণালয় কর্তৃক ২০২২-২৩ অর্থ বছরের শুরুতে এডিপি বরাদ্দের ৭৫% ব্যয় এবং ৫টি অর্থনৈতিক কোডের অর্থ ব্যয়ের আর্থিক বিধি-নিষেধ থাকায় ব্যয়ের অগ্রগতি কম হয়েছে। প্রকল্পের ডিপিপি অনুসারে অনুমোদিত বাস্তবায়নকাল ০১ জুলাই ২০২১ হতে ৩০ জুন ২০২৬ তারিখ পর্যন্ত। প্রকল্প অনুমোদনের প্রশাসনিক আদেশ ও প্রকল্প পরিচালক নিয়োগ এবং অর্থ ছাড়ের বিলম্বের কারণে প্রকৃতপক্ষে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন অক্টোবর, ২০২১ মাস হতে শুরু করা হয়েছে।

## ৩.৪ অঙ্গাভিত্তিক আর্থিক লক্ষমাত্রা ও অগ্রগতি:

| অর্থনৈতিক কোড | খাতের নাম | | আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | | ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা | | ২০২২-২০২৩ অর্থ বছরে মার্চ পর্যন্ত অগ্রগতি | | ক্রমপুঞ্জিত মার্চ/২০২৩ পর্যন্ত |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ | বাস্তব | আর্থিক | বাস্তব (%) | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক | |
| ১ | ২ | ৩ | | ৪ | | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১১ |
| **ভাতাদি** | | | | | | | | | | | |
| **সরবরাহ ও সেবা** | | | | | | | | | | | |
| ৩১১১৩২৭ | অধিকাল ভাতা | ৫ | | ২৭.৯০ | | ৩.৭০ | | ৫.৫৮ | | ১.৬০ | ৫.৩০ |
| ৩১১১৩৩২ | সম্মানী | ৪১৪ | | ৫৩৩.৪০ | | ৬৪.০০ | | ১০৬.৬৮ | | ৭০.৩০ | ১৩৪.৩০ |
| ৩২১১১০২ | পরিষ্কার পরিচ্ছন্নতা | ৬০ | | ১৮.৯০ | | ৩.৭৫ | | ৩.৭৮ | | ২.৮৪ | ৬.৫৯ |
| ৩২১১১০২৬ | আপ্যায়ন | থোক | | ১০.০০ | | ২.০০ | | ২.০০ | | ০.৬০ | ২.৬০ |
| ৩২১১১০৭ | হায়ারিং চার্জ (যানবাহন) | ১ | | ৭৮.০০ | | ১.৩০ | | ১৫.৬০ | | ৭.৬৯ | ৮.৯৯ |
| ৩২১১১০৯ | শ্রমিক মজুরি | থোক | | ১৫.০০ | | ০.৯৯ | | ৩.০০ | | ০.৪৭ | ১.৪৬ |
| ৩২১১১১০ | আইন সংক্রান্ত ব্যয় | ৫৯ | | ২০.০০ | | ০.০০ | | ৫.০০ | | ০.০০ | ০.০০ |
| ৩২১১১১১ | সেমিনার/ওয়ার্কশপ/সভা | ২৫১ | | ১১৯.৪১ | | ৬৫.৯৫ | | ২২.৯৮ | | ৯.৩২ | ৭৫.২৭ |
| ৩২১১১১৩ | বিদ্যুৎ | ৫৯ | | ৩৫.৪০ | | ৪.৮৬ | | ৭.০৮ | | ৩.৯৯ | ৮.৮৫ |
| ৩২১১১১৭ | টেলেক্স/ফ্যাক্স/ইন্টারনেট | ২৩২ | | ৪৯.১৪ | | ৩.৩৬ | | ৯.৮২ | | ৫.৮০ | ৯.১৬ |
| ৩২১১১১৯ | ডাক | ৭৮ | | ১৫.০০ | | ০.২৫ | | ৩.৫০ | | ০.৬০ | ০.৮৫ |
| ৩২১১১২০ | টেলিফোন/মোবাইল | ৭৭ | | ২২.৯২ | | ১.৪৮ | | ৪.০০ | | ১.৮৭ | ৩.৩৫ |
| ৩২১১১২০ | মোবাইল ট্র্যাকিং বিল | ২৯৫ | | ২১.৪২ | | ০.০০ | | ৪.৮৬ | | ০.১৭ | ০.১৭ |
| ৩২১১১২৫ | প্রচার বিজ্ঞাপন | ৬১ | | ৫০.০০ | | ৫.০০ | | ১০.০০ | | ১.০০ | ৬.০০ |
| ৩২১১১২৭ | বইপত্র সাময়িকী | থোক | | ২.৫০ | | ০.৫০ | | ০.৫০ | | ০.০০ | ০.৫০ |
| ৩২২১১০৪ | নিবন্ধন ফি | ৫৯ | | ১৯.৫০ | | ৭.৩৬ | | ৮.৬৪ | | ০.২০ | ৭.৫৬ |
| ৩২২১১১০ | কমিশন | ১১৮০০ | | ২১.২৫ | | ০.০০ | | ৪.২৫ | | ০.০০ | ০.০০ |
| ৩২৩১৩০১ | প্রশিক্ষণ (সুফলভোগী/কর্মচারী) | ৫৬৩৪০ | | ৬১৮০.৬২ | | ৪৮৮.৯২ | | ৯৫৪.১৭ | | ৩৫৭.৮১ | ৮৪৬.৭৩ |
| ৩২৪৩১০১ | পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট | ৬১ | | ১২৫.২৬ | | ১১.৫০ | | ১৯.৭৬ | | ১১.৫০ | ২৩.০০ |
| ৩২৪৩১০২ | গ্যাস ও জ্বালানি | ১ | | ১৫.০০ | | ১.৪৫ | | ২.০০ | | ১.২০ | ২.৬৫ |
| ৩২৪৪১০১ | ভ্রমণ ব্যয় | ৩১৮ | | ৫০৮.৯৬ | | ৫১.৮৭ | | ৮৪.৮০ | | ৩১.৫০ | ৮৩.৩৭ |
| ৩২৪৪১০২ | বদলী ব্যয় | ২৯৫ | | ৩০.০০ | | ১.০০ | | ৬.০০ | | ০.০০ | ১.০০ |
| ৩২৫৫১০১ | কম্পিউটার সমগ্রী | ৬১ | | ৪০.০০ | | ৫.০০ | | ৮.০০ | | ৫.০০ | ১০.০০ |
| ৩২৫৫১০২ | মুদ্রণ বাঁধাই | ৬১ | | ৫০.০০ | | ৬.০০ | | ৪৪.০০ | | ৭.৫০ | ১৩.৫০ |
| ৩২৫৫১০৪ | স্ট্যাম্প ও সীল | ৬১ | | ২.৫০ | | ০.৪৯ | | ০.৫০ | | ০.২৫ | ০.৭৪ |
| ৩২৫৫১০৫ | অন্যান্য মনিহারী | ৭৯ | | ৯৯.৬০ | | ১১.৫০ | | ১৯.৯২ | | ৭.৪৭ | ১৮.৯৭ |
| ৩২৫৭১০৩ | মধ্যবর্তী মূল্যায়ন | ১ | | ১০.০০ | | ০.০০ | | ০.০০ | | ০.০০ | ০.০০ |
| ৩২৫৭১০৪ | সার্ভে ও ডাটা এন্ট্রি | থোক | | ৩৫.০০ | | ৩.৫০ | | ৫.০০ | | ০.০০ | ৩.৫০ |
| ৩২৫৭৩০১ | অনুষ্ঠান/ডিজিটাল/উন্নয়ন মেলা | | | ০.০০ | | ০.০০ | | ৫.৯০ | | ০.০০ | ০.০০ |
| **উপমোট** | | | | **৮১৫৬.৬৮** | | **৭৪৫.৭৩** | | **১৩৬৭.৩২** | | **৫২৮.৬৮** | **১২৭৪.৪১** |
| **মেরামত ও সংরক্ষণ** | | | | | | | | | | | |
| ৩২৫৮১০১ | মোটরযান | ৬১ | | ৩৫.০০ | | ৪.০০ | | ৬.০০ | | ৩.০০ | ৭.০০ |
| ৩২৫৮১০২ | আসবাবপত্র | ৬১ | | ৩০.০০ | | ১.৫০ | | ১২.০০ | | ১.০০ | ২.৫০ |
| ৩২৫৮১০৩ | কম্পিউটার | ৯১ | | ১৫.০০ | | ১.০০ | | ৩.০০ | | ১.০০ | ২.০০ |
| ৩২৫৮১০৪ | অফিস সরঞ্জামাদি | ৬১ | | ১০.০০ | | ১.০০ | | ২.০০ | | ১.০০ | ২.০০ |
| ৩২৫৮১০৬ | আবাসিক ভবন | ২ | | ১৩১.৪৬ | | ০.০০ | | ৮২.৫১ | | ০.০০ | ০.০০ |

| অর্থনৈতিক কোড | খাতের নাম | | আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | | ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা | | ২০২২-২০২৩ অর্থ বছরে মার্চ পর্যন্ত অগ্রগতি | | ক্রমপুঞ্জিত মার্চ/২০২৩ পর্যন্ত |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ | বাস্তব | আর্থিক | বাস্তব (%) | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক | |
| ১ | ২ | ৩ | | ৪ | | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১১ |
| | (এনআরডিটিসি) সংস্কার ও আধুনিকায়ন | | | | | | | | | | |
| ৩২৫৮১০৭ | একাডেমিক ভবন (এনআরডিটিসি) সংস্কার ও আধুনিকায়ন | ১ | | ১০৭.৯২ | | ০.০০ | | ৯৬.৩১ | | ০.০০ | ০.০০ |
| ৩২৫৮১০৭ | অআবাসিক ভবন (অফিস ভবন) মেরামত ও সংস্কার | ৩০ | | ২০১.২১ | | ১৯.০০ | | ৬০.০০ | | ০.০০ | ১৯.৮৯ |
| ৩২৫৮১০৮ | অডিটরিয়াম ভবন (এনআরডিটিসি) সংস্কার ও আধুনিকায়ন | ১ | | ৮৬.৪২ | | ০.০০ | | ৫৪.৮৬ | | ০.০০ | ০.০০ |
| **উপমোট** | | | | **৬১৭.০১** | | **২৭.০০** | | **৩১৬.৬৮** | | **৬.০০** | **৩৩.৩৯** |
| **সাধারণ অনুদান** | | | | | | | | | | | |
| ৩৬৩১১০৭ | বিশেষ অনুদান (কিশোরীদের সঞ্চয় বোনাস) | ১১৮০০ | | ২৮৩১.০০ | | ১৩৬ | | ৬৩৭.০০ | | ১০.০০ | ১৪৬.০০ |
| ৩৬৩২১০২ | যন্ত্রপাতি অনুদান | ৩২৫০ | | ২৯৮.৫০ | | ১৩.৬০ | | ৭৭.৮০ | | ০.০০ | ১৩.৬০ |
| **উপমোট** | | | | **৩১৩০.৫০** | | **১৪৯.৬০** | | **৭১৫.০০** | | **১০.০০** | **১৫৯.৬০** |
| **(ক) উপমোট রাজস্ব ব্যয়** | | | | **১১৯০৪.১৯** | | **৯২২.৭২** | | **২৩৯৯.০০** | | **৫৪৪.৬৮** | **১৪৬৭.৪০** |
| **খ) মূলধন ব্যয়** | | | | | | | | | | | |
| **স্থায়ী সম্পদ** | | | | | | | | | | | |
| ৪১১১২০১ | এনআরডিটিসি (ট্রেনিং সেন্টার) হোস্টেল ভবন নির্মাণ (৪১৩৫.৬৮ বর্গমিটার) | ১ | | ২১৪৭.৭০ | | ০.০০ | | ১২৮.০০ | | ০.০০ | ০.০০ |
| ৪১১১২০১ | সীমানা প্রাচীর, অভ্যন্তরীণ রাস্তা ও অন্যান্য স্থাপনা নির্মাণ (১৮০ মিটার), (৯০০ বর্গমিটার) | | | ২৩১.১৭ | | ০.০০ | | ৯৬.৮৮ | | ০.০০ | ০.০০ |
| ৪১১২১০১ | মোটরসাইকেল | ৫৯ | | ৮৮.৫০ | | ৪৩.৫৬ | | ৪৪.৯৪ | | ০.০০ | ৪৩.৫৬ |
| ৪১১২২০২ | কম্পিউটার আনুষাঙ্গিক | ৯১ | | ১৪২.২১ | | ৭.২৩ | | ৫৬.৪০ | | ০.০০ | ৭.২৩ |
| ৪১১২২০৪ | টেলিযোগাযোগ সরঞ্জাম | থোক | | ২.০০ | | ১.৫০ | | ০.৫০ | | ০.০০ | ১.৫০ |
| ৪১১২৩০৩ | বৈদ্যুতিক সরঞ্জামাদি (এসি) | ১ | | ১.২২ | | ১.২২ | | ০.০০ | | ০.০০ | ১.২২ |
| ৪১১২৩১০ | অফিস সরঞ্জাম (ফটোকপি, প্রজেক্টর মেশিন, সিসি ক্যামেরা ও অন্যান্য) | ৭৩ | | ৭৯.০০ | | ৫৫.৬২ | | ২৪.২৫ | | ০.০০ | ৫৫.৬২ |
| ৪১১২৩১২ | সেলাই ও এমব্রয়ডারি মেশিন | ২৫ | | ১২.৫০ | | ০.০০ | | ৩.৭৫ | | ০.০০ | ০.০০ |
| ৪১১২৩১৪ | আসবাবপত্র | ১৭৫৫ | | ৪৪৬.২০ | | ২০.০০ | | ১২৬.২৮ | | ০.০০ | ২০.০০ |

| অর্থনৈতিক কোড | খাতের নাম | | আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | | ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা | | ২০২২-২০২৩ অর্থ বছরে মার্চ পর্যন্ত অগ্রগতি | | ক্রমপুঞ্জিত মার্চ/২০২৩ পর্যন্ত |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ | বাস্তব | আর্থিক | বাস্তব (%) | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক | |
| ১ | ২ | ৩ | | ৪ | | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১১ |
| ৪১১৩৩০১ | কম্পিউটার সফটওয়্যার | থোক | | ৫০.০০ | | ১.৫৪ | | ২০.০০ | | ০.০০ | ১.৫৪ |
| **উপমোট** | | | | **৩২০০.৫০** | | **১৩০.৬৭** | | **৫০১.০০** | | ০.০০ | **১৩০.৬৭** |
| **ঋণ** | | | | | | | | | | | |
| ৭২১৫২০৬ | ঋণ (ক্ষুদ্র উদ্যোক্তা) | ৮৪৩৭০ | | ২১৮৩৫.০০ | | ২২০৭.৭৪ | | ৫১০০.০০ | | ৩৫১৮.৮৮ | ৫৭২৬.৬২ |
| **উপমোট** | | | | **২১৮৩৫.০০** | | **২২০৭.৭৪** | | **৫১০০.০০** | | **৩৫১৮.৮৮** | **৫৭২৬.৬২** |
| **উপমোট মুলধন ব্যয়** | | | | **২৫০৩৫.৫০** | | **২৩৩৮.৪১** | | **৫৬০১.০০** | | **৩৫১৮.৮৮** | **৫৮৫৭.২৯** |
| **মোট (রাজস্ব + মূলধন) ক + খ** | | | | **৩৬৯৩৯.৬৯** | | **৩২৬১.১৩** | | **৮০০০.০০** | | **৪০৬৩.৫৬** | **৭৩২৪.৬৯** |
| **গ) ফিজিক্যাক কনটিনজেন্সি (২%)** | | | | **৬৬০.১০** | | **০.০০** | | **০.০০** | | **০.০০** | **০.০০** |
| **ঘ) প্রাইস কনটিনজেন্সি (৩%)** | | | | **৯৯০.১৪** | | **০.০০** | | **০.০০** | | **০.০০** | **০.০০** |
| **সর্বমোট প্রকল্প ব্যয় (ক +খ + গ + ঘ)** | | | | **৩৮৫৮৯.৯৩** | | **৩২৬১.১৩** | | **৮০০০.০০** | | **৪০৬৩.৫৬** | **৭৩২৪.৬৯** |

মার্চ ২০২৩ পর্যন্ত প্রকল্পের সার্বিক অগ্রগতি ১৯%।

**সমিতি/সংঘ গঠন ও সদস্য অন্তর্ভুক্তি কার্যক্রম পর্যালোচনা:** প্রকল্পের ডিপিপি অনুসারে প্রকল্পকালীন মহিলা সমিতি গঠনের লক্ষ্যমাত্রা ৪৩৭০টি এবং মহিলা সদস্য অন্তর্ভুক্তির লক্ষ্যমাত্রা ১,১৮,০০০ জন । এছাড়া হাইস্কুলগামী কিশোরীদের সমন্বয়ে কিশোরী সংঘ গঠনের লক্ষ্যমাত্রা ১১৮টি এবং কিশোরী সদস্য অন্তর্ভুক্তির লক্ষ্যমাত্রা ১১,৮০০ জন । প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন হতে দেখা যায় যে, মার্চ ২০২৩ পর্যন্ত মোট ৩২৪৬ টি মহিলা সমিতি (৭৪.২৮%) এবং ৭৯৩৫৩ জন মহিলা সদস্য (৬৭.২৫%) অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়া ১১৮টি কিশোরী সংঘ গঠন (১০০%) ও ১১৮০০ জন কিশোরী সদস্য (১০০%) অন্তর্ভুক্ত করা হয়েছে।

**পর্যবেক্ষণ:** মার্চ ২০২৩ পর্যন্ত মহিলা সমিতি গঠনের অগ্রগতি ৭৪.২৮%, মহিলা সদস্য অন্তর্ভুক্তির অগ্রগতি ৬৭.২৫% এবং কিশোরী সংঘ ও কিশোরী সদস্য অন্তর্ভুক্তির অগ্রগতি শতভাগ অর্জিত হয়েছে যা সন্তোষজনক। তথ্য পর্যালোচনায় দেখা যায় যে, ডিপিপি ও নীতিমালা অনুযায়ী প্রতিটি মহিলা সমিতিতে সদস্য সংখ্যা ২০-৩০ জন এবং প্রতিটি কিশোরী সংঘে সদস্য সংখ্যা ১০০ জনের সমন্বয়ে গঠনের পরিকল্পনা অনুযায়ী অধিকাংশ সমিতি গঠন যথাযথভাবে হলেও কিছু কিছু মহিলা সমিতিতে সদস্য সংখ্যা ৩-৪ জন কম রয়েছে। এছাড়া কিশোরী সংঘসমূহ যথাযথভাবে গঠিত হয়েছে।

**সঞ্চয় ও ঋণ বিতরণ কার্যক্রম পর্যালোচনা :** সংগৃহিত তথ্য অনুযায়ী দেখা যায় যে, মহিলা সুফলভোগী সদস্যদের নিকট থেকে গড়ে মাথাপিছু ৩০০০ টাকা হারে সঞ্চয় তহবিল সৃষ্টি এবং প্রকল্প মেয়াদে সর্বমোট ৩২৪০.০০ লক্ষ টাকা সঞ্চয় তহবিল গঠনের লক্ষ্যমাত্রা রয়েছে। এছাড়া কিশোরী সদস্যদের নিকট থেকে গড়ে মাথাপিছু ৫০০০ টাকা হারে সঞ্চয় তহবিল সৃষ্টি এবং প্রকল্প মেয়াদে সর্বমোট ১৪১৬.০০ লক্ষ টাকা সঞ্চয় তহবিল গঠনের লক্ষ্যমাত্রা রয়েছে। মার্চ ২০২৩ পর্যন্ত প্রত্যেক মহিলা সদস্য গড়ে ২৯৯৬.৭৩ টাকা এবং কিশোরী সদস্য গড়ে ২২৩৮.৮৯ টাকা করে নিজস্ব সঞ্চয় তহবিল সৃষ্টিসহ সর্বমোট ২৬৪২.৬৯ লক্ষ টাকার সঞ্চয় তহবিল সৃষ্টি হয়েছে । ক্ষুদ্র ও উদ্যোক্তা ঋণ যথাক্রমে ১৭৪১০.০০ লক্ষ টাকা ও ৪৪২৫.০০ লক্ষ টাকার বিপরীতে মার্চ ২০২৩ পর্যন্ত ৪৬৯৫.০৭ লক্ষ টাকার ক্ষুদ্র ঋণ ও ১০২৫.১৫ লক্ষ টাকার উদ্যোক্তা ঋণ বিতরণ করা হয়েছে। ক্ষুদ্র ও উদ্যোক্তা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রার বিবরীতে অর্জনের হার যথাক্রমে ২৬.৯৭% ও ২৩.১৭%। বিতরণকৃত ঋণের বিপরীতে আদায়যোগ্য ঋণ ৩৩২২.১৩ লক্ষ টাকার মধ্যে আদায় হয়েছে ৩২৯৪.৮৪ লক্ষ টাকা। ঋণ আদায়ের হার ৯৯.১৮%।

**প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমের অগ্রগতির চিত্রঃ**

| ক্রমিক নং | প্রধান কার্যক্রম | একক | ডিপিপি/ আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | বিভাগ | সংখ্যা | ০৪ | ০৪ | |
| ০২ | জেলা অর্ন্তভুক্তি | সংখ্যা | ১৭ | ১৭ | |
| ০৩ | উপজেলা অর্ন্তভুক্তি | সংখ্যা | ৫৯ | ৫৯ | |
| ০৪ | সমিতি গঠন | টি | ৪৩৭০ | ৩২৪৬ | লক্ষ্যমাত্রার বিপরীতে অগ্রগতি সন্তোষজনক |
| | কিশোরী সংঘ গঠন | টি | ১১৮ | ১১৮ | শতভাগ অর্জিত হয়েছে। |
| ০৫ | সুফলভোগী অন্তর্ভুক্তি | জন | ১১৮০০০ | ৭৯৩৫৩ | লক্ষ্যমাত্রার বিপরীতে অগ্রগতি সন্তোষজনক |
| | কিশোরী সুফলভোগী অন্তর্ভুক্তি | জন | ১১৮০০ | ১১৮০০ | শতভাগ অর্জিত হয়েছে। |
| ০৬ | পুঁজি/আমানত গঠন (মহিলা সুফলভোগী) | লক্ষ টাকা | ৩২৪০.০০ | ২৩৭৮.৫০ | লক্ষ্যমাত্রার বিপরীতে অগ্রগতি সন্তোষজনক। |
| | পুঁজি/আমানত গঠন (কিশোরী সদস্য) | লক্ষ টাকা | ১৪১৬.০০ | ২৬৪.১৯ | লক্ষ্যমাত্রার বিপরীতে অগ্রগতি কিছুটা কম হয়েছে। |
| ০৮ | ঋণ বিতরণ (ক্ষুদ্র ও উদ্যোক্তা) | লক্ষ টাকা | ২১৮৩৫.০০ | **৫৭২০.২২** | লক্ষ্যমাত্রার বিপরীতে অগ্রগতি সন্তোষজনক। |

**প্রশিক্ষণ**

| **ক্রমিক নং** | **মাঠ পর্যায়ে প্রশিক্ষণ/ সেমিনার** | **ডিপিপি/আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা** | | **প্রকৃত অর্জন (মার্চ, ২০২৩ পর্যন্ত)** | **মন্তব্য** |
|---|---|---|---|---|---|
| | | **সংখ্যা** | **দিন** | **সংখ্যা** | |
| **১** | **২** | **৩** | **৪** | **৫** | **৬** |
| **১** | স্টাফ প্রশিক্ষণ | ৩২৪০ জন | ৩ | ৪৩০ জন | লক্ষ্যমাত্রার বিপরীতে অগ্রগতি সন্তোষজনক। |
| **২** | সুফলভোগী প্রশিক্ষণ:<br>দীর্ঘ মেয়াদী দক্ষতা উন্নয়ন | ৩১৫০ জন | ৩০/৬০ | ১৬০ জন | লক্ষ্যমাত্রার বিপরীতে অগ্রগতি কম হয়েছে। |
| **৩** | সুফলভোগী প্রশিক্ষণ:<br>আয়বর্ধনমূলক বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ | ৫৩৭০০ জন | ৩ | ১২৮৪০ জন | লক্ষ্যমাত্রার বিপরীতে অগ্রগতি সন্তোষজনক। |
| **৪** | উদ্যোক্তা প্রশিক্ষণ | **২০০০ জন** | **৫** | **০** | **অগ্রগতি নেই।** |
| | সর্বমোট | **৬৩০৫০ জন** | | **১৩৪৩০ জন** | |
| **৫** | হাইস্কুলগামী কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণ **(১১৮০০ জন)** | **৪২৪৮ ব্যাচ** | **২ ঘন্টা** | **৬৩৮ ব্যাচ** | লক্ষ্যমাত্রার বিপরীতে অগ্রগতি সন্তোষজনক |




চিত্র ৩.২: প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমের লক্ষমাত্রার বিপরীতে অর্জন

## ৩.৫ ক্রয় কার্যক্রম পর্যালোচনা

প্রকল্পটির আরডিপিপিতে ব্যয় বরাদ্দ রয়েছে প্রায় ৩৮৫ কোটি টাকা যার সম্পূর্ণ অর্থই জিওবি অর্থায়নে হচ্ছে। প্রকল্পের শুরুতেই প্রকল্প এবং সরকারের ব্যয় পরিকল্পনার সাথে সামঞ্জস্য রেখে একটি ক্রয় পরিকল্পনা প্রণয়ন করা হয়, যা পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক অনুমোদিত হয়েছে। প্রকল্পের আওতায় ক্রয়কৃত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সরকারের ক্রয় নীতিমালা অনুসরণপূর্বক হয়েছে। প্রতিটি ক্ষেত্রে পিপিআর ২০০৮ এর বিধি-বিধান অনুসরণ করা হয়েছে। প্রকল্পের আওতায় এখন পর্যন্ত সংগৃহীত বড় আকারের ক্রয় কার্যক্রমের মধ্যে মটরসাইকেল/স্কুটি ক্রয় এবং হায়ারিং চার্জ (যানবাহন) ক্রয় উল্লেখযোগ্য। এ সকল ক্রয় প্রক্রিয়া পর্যালোচনা করা হয়েছে এবং তার তথ্য নিম্নে প্রদান করা হলঃ

সারণী-৩.২: ক্রয় প্রক্রিয়া পর্যালোচনা

| প্যাকেজ নং | প্যাকেজ বিবরণ | একক | পরিমান | ক্রয় পদ্ধতি | অনুমোদন কারী কর্তৃপক্ষ | অর্থের উৎস | প্রাক্কলিত ব্যয় /চুক্তি মূল্য (লক্ষ টাকা) | প্রক্রিয়াগত সময় | পণ্যের জন্য প্রযোজ্য নয় | দরপত্র আহ্বান | দরপত্র উন্মুক্তকরণ | দরপত্র মূল্যায়ন | চুক্তি অনুমোদন | NOA প্রদানের তারিখ | চুক্তি স্বাক্ষর | চুক্তি স্বাক্ষর পর্যন্ত সময় | প্রকৃত কাজ সমাপ্তির তারিখ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ |
| জিডি-১ | মটরসাইকেল ক্রয় | সংখ্যা | ৩১ | ডিপিএম | মহাপরিচালক | জিওবি | ৪৩.৫৬ | নির্দেশক তারিখ | - | ০১/০৮/২১ | - | - | - | - | ০১/১০/২১ | - | ৩০/০৬/২২ |
| | | | | | | | | দিন | - | - | - | - | - | - | - | - | - |
| | | | | | | | | প্রকৃত তারিখ | - | ২৮/১০/২১ | - | - | ১০/১১/২১ | ১৮/১১/২১ | ১৮/১১/২১ | ২০ দিন | ০১/০৬/২২ |
| জিডি-২ | অফিস সরঞ্জাম (মাল্টিমিডিয়া প্রজেক্টর) | সংখ্যা | ৬০ | ওটিএম | প্রকল্প পরিচালক | জিওবি | ৪৪.৫৮ | নির্দেশক তারিখ | - | ০১/০৮/২১ | - | - | - | - | ১/০৯/২১ | - | ৩০/৬/২২ |
| | | | | | | | | দিন | - | - | - | - | - | - | - | - | - |
| | | | | | | | | প্রকৃত তারিখ | - | ৭/৩/২২ | ২৪/৩/২২ | ২৮/৪/২২ | ৩০/৪/২২ | ১৮/৫/২২ | ৩০/৫/২২ | ৭১ দিন | ২৬/৬/২২ |
| এসডি-১ | হায়ারিং চার্জ (যানবাহন ) | সংখ্যা | ১ | ওটিএম | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | জিওবি | ৬৭.০০ | নির্দেশক তারিখ | - | ০১/২/২২ | | | | | ৩০/৬/২২ | | ৩০/৬/২৬ |
| | | | | | | | | দিন | - | - | - | - | - | - | - | - | - |
| | | | | | | | | প্রকৃত তারিখ | - | ২২/০২/২২ | ২১/৩/২২ | ০৫/৪/২২ | ১৯/৫/২২ | ১৯/৫/২২ | ১২/০৬/২২ | ১১০দিন | ৩০/০৬/২৬ |

প্রকল্পের অনুমোদিত ডিপিপিতে ভৌত অবকাঠামো নির্মাণ, সংস্কার ও আধুনিকায়ন কাজসমূহের প্রাক্কলিত ব্যয় পিডাব্লিউডি'র রেট সিডিউল ২০১৮ অনুযায়ী সংস্থান রয়েছে। কিন্তু বর্তমানে সকল নির্মাণ সামগ্রীর দর অনেক বৃদ্ধি পাওয়ায় অর্থ মন্ত্রনালয় কর্তৃক দর বৃদ্ধি করায় সে আলোকে পিডাব্লিউডি'র রেট সিডিউল ২০২২ প্রকাশিত হয়। পিডাব্লিউডি'র রেট সিডিউল ২০২২ অনুযায়ী নির্মান কাজের ব্যয় অনেক বৃদ্ধি পাওয়ায় এবং স্টিয়ারিং কমিটি কর্তৃক ৬তলা স্হলে ৯তলা হোস্টেল ভবন নির্মাণের সিদ্ধান্ত গৃহিত হওয়ায় ডিপিপি'র অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ে নির্মাণ কাজসমূহ বাস্তবায়ন সম্ভব নয়। বাস্তব অবস্হার প্রেক্ষিতে কার্যক্রম বাস্তবায়নের স্বার্থে নির্মাণ, সংস্কার ও আধুনিকায়ন খাতসমূহের বরাদ্দ বৃদ্ধি, সুফলভোগী সদস্যদের দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণের সংস্থানসহ প্রশিক্ষণার্থীর সংখ্যা বৃদ্ধি জনিত কারণে প্রশিক্ষণ খাতে বরাদ্দ বৃদ্ধি, কম্পিউটার ও আনুসাঙ্গিক যন্ত্রাংশ এবং আসবাবপত্রের মূল্য বৃদ্ধির কারণে এ সকল সামগ্রী ক্রয়ের স্বার্থে বরাদ্দ বৃদ্ধি পাওয়ায় প্রকল্পের স্টিয়ারিং কমিটির সিদ্ধান্তের আলোকে মন্ত্রণালয় কর্তৃক বিভাগীয় মূল্যায়ন কমিটি (ডিপিইসি) এর সুপারিশক্রমে প্রকল্পের ১ম সংশোধনী অনুমোদিত হয়। তাই আরডিপিপি'র নির্ধারিত ক্রয় পরিকল্পনার নির্দেশক তারিখ অনুযায়ী পণ্য ও কার্য সংক্রান্ত ক্রয় কার্যক্রম বাস্তবায়ন সম্ভব হয়নি। তবে টেন্ডার আহ্বানের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

## ৩.৬ প্রকিউরমেন্ট কেস স্টাডি

ক্রয় প্রক্রিয়ায় সরকারি ক্রয় আইন ২০০৬ ও সরকারি ক্রয় বিধি ২০০৮ অনুসরণ করা হয়েছে কিনা তার তথ্য নিম্নে উল্লেখ করা হলো।

**কেস স্টাডি -০১**

কাজের নাম: অফিস সরঞ্জাম (মাল্টি মিডিয়া প্রজেক্টর) ক্রয়। প্যাকেজ নং-WC-০১

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পের প্রধান কার্যালয় কর্তৃক মহাপরিচালক, বিআরডিবি'র অনুমোদনক্রমে অফিস সরঞ্জাম (মাল্টি মিডিয়া প্রজেক্টর) ক্রয়টির টেন্ডার ইজিপিতে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে আহবান করা হয়। পিপিআর এর বিধি ১৬(৫)(ক) মোতাবেক স্পেসিফিকেশন ও মূল্য নির্ধারণ কমিটি কর্তৃক অফিস সরঞ্জাম (মাল্টি মিডিয়া প্রজেক্টর) ক্রয় কাজটির দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় ৫৩৪০০০০.০০ টাকা নির্ধারণ করা হয়েছে। টেন্ডার রেফারেন্স নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০৯৬.২১.১৫১ এবং ইজিপিআইডি-৬৬৮৬৩৮। নথি পর্যালোচনায় উক্ত কাজের ইজিপি টেন্ডার সংক্রান্ত সকল তথ্য নিম্নে উপস্থাপন করা হলো:

পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ : দৈনিক কালের কন্ঠ -০৮/০৩/২০২২ খ্রি.
দি ডেইলী স্টার-০৮/০৩/২০২২ খ্রি.
টেন্ডার ডকুমেন্ট বিক্রয়ের সর্বশেষ তারিখ ও সময় : ২৩/০৩/২০২২ খ্রি., বেলা: ৫:০০ ঘটিকা
টেন্ডার দাখিলের সর্বশেষ তারিখ ও সময় : ২৪/০৩/২০২২ খ্রি., বেলা: ১:৩০ ঘটিকা
টেন্ডার উন্মুক্তকরনের তারিখ ও সময় : ২৪/০৩/২০২২ খ্রি., বেলা: ২:৩০ ঘটিকা

কাজের বিপরীতে ইজিপিতে টেন্ডার ডকুমেন্ট বিক্রয়ের সর্বশেষ তারিখ ও সময়ের মধ্যে ৩টি টেন্ডার সিডিউল বিক্রয় হয়। টেন্ডার দাখিলের সর্বশেষ সময়ের মধ্যে ইজিপিতে ০৩টি টেন্ডার ডকুমেন্ট জমা পড়ে। টেন্ডার উন্মুক্তকরণ কমিটি কর্তৃক ইজিপিতে ২৪/০৩/২০২২ খ্রি., বেলা: ৩:০৯ ঘটিকায় টেন্ডারসমূহ উন্মুক্ত করা হয়েছে।

টেন্ডার মূল্যায়ন কমিটি কর্তৃক টেন্ডার ডকুমেন্টে চাহিত তথ্যের আলোকে দাখিলকৃত টন্ডারের তথ্যসমূহ যাচাই করার জন্য পিপিআর এর বিধি ৮(১৪) অনুযায়ী চাহিত স্পেসিফিকেশনের সাথে বর্ণিত দরপত্রসমূহের টেকনিক্যাল স্পেসিফিকেশন যাচাইপূর্বক সুনির্দিষ্ট সুপারিশ প্রণয়ন করার জন্য ০৩ সদস্য বিশিষ্ট কারিগরি উপকমিটি গঠন করা হয়। বর্ণিত কমিটি কর্তৃক দাখিলকৃত ৩টি প্রতিষ্ঠানের দরপত্রের কারিগরি প্রস্তাব যাচাই করে দেখা যায় যে, দাপ্তরিক প্রাক্কলিত দর নিরূপনের জন্য গঠিত স্পেসিফিকেশন ও মূল্য নির্ধারন কমিটি কর্তৃক সুপারিশকৃত ও কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত স্পেসিফিকেশন এ ৩LCD ডিসপ্লে সিস্টেম এর বিষয়ে উল্লেখ থাকলেও দরপত্র দাখিলকারী প্রতিষ্ঠান ইউনিক বিজনেস সিস্টেম লিঃ DLP ডিসপ্লে সিস্টেম এর স্পেসিফিকেশন দাখিল করেছেন। কিন্তু অপর ২টি প্রতিষ্ঠান যথাক্রমে ফ্লোরা লিঃ এবং স্টারটেক এন্ড ইন্জিনিয়ারিং লিঃ ৩LCD ডিসপ্লে সিস্টেম এর স্পেসিফিকেশন দাখিল করেছেন। তাই বর্ণিত ইউনিক বিজনেস সিস্টেম লিঃ এর দাখিলকৃত দরপত্রের কারিগরি প্রস্তাব অনুমোদিত স্পেসিফিকেশন অনুযায়ী ৩LCD ডিসপ্লে সিস্টেম এর সাথে মিল না থাকায় বর্ণিত প্রতিষ্ঠানের কারিগরি প্রস্তাবকে অগ্রহণযোগ্য (Non-responsive) ও অপর ২টি প্রতিষ্ঠান যথাক্রমে ফ্লোরা লিঃ ও স্টারট্যাক এন্ড ইন্জিনিয়ারিং লিঃ এর কারিগরি প্রস্তাবকে গ্রহণযোগ্য (responsive) হিসেবে গণ্য করা সুপারিশ করা হয়। কারিগরি উপ কমিটির সুপারিশের আলোকে টেন্ডার মূল্যায়ন কমিটি কর্তৃক ইউনিক বিজনেস সিস্টেম লিঃ এর দাখিলকৃত দর প্রস্তাব অগ্রহণযোগ্য (Non-responsive) ও অপর ২টি প্রতিষ্ঠান যথাক্রমে ফ্লোরা লিঃ ও স্টারট্যাক এন্ড ইন্জিনিয়ারিং লিঃ এর কারিগরি প্রস্তাবকে গ্রহণযোগ্য (responsive) হিসেবে গ্রহণের সুপারিশ করেন। উক্ত ২টি প্রতিষ্ঠানের তুলনামূলক বিবরণী নিম্নরূপ:

| ক্রমিক নং | সরবরাহকারী প্রতিষ্ঠানের নাম | দাখিলকৃত প্রকৃত দর (টাকা) | প্রাক্কলিত ব্যয়ের চেয়ে শতকরা কত বেশি/কম | অবস্থান |
|---|---|---|---|---|
| ০১ | স্টারট্যাক এন্ড ইন্জিনিয়ারিং লিঃ | ৪৪,৫৮,০৬০.০৬ | ১৬.৫২% কম | ১ম |
| ০২ | ফ্লোরা লিঃ | ৫০,৮২,০০০.০৬ | ৪.৮২% কম | ২য় |

টেন্ডার মূল্যায়ন কমিটি কর্তৃক বর্ণিত ২টি প্রতিষ্ঠানের মধ্যে স্টারটেক এন্ড ইন্জিনিয়ারিং লিঃ এর দাখিলকৃত দর সর্বনিম্ন হওয়ায় ইজিপি সিস্টেমে স্টারট্যাক এন্ড ইন্জিনিয়ারিং লিঃ-কে তার উদ্ধৃত দর ৪৪,৫৮,০৬০.০৬ টাকায় (দাপ্তরিক প্রাক্কলিত ব্যয়ের চেয়ে ১৬.৫২% কমে) বিজয়ী হিসেবে বিবেচিত হয়েছে। সে আলোকে ইজিপি পোর্টালের মাধ্যমে ১৮/০৫/২০২২ তারিখে Notification of Award (NOA) জারি করা হয়। পরবর্তীতে সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক চুক্তিমূল্যের ১০% অর্থ বাবদ ৪৪৫৮০৬.০১ টাকার কার্য সম্পাদন জামানত ব্যাংক গ্রান্টি আকারে দাখিল করায় বিগত ৩০/০৫/২০২২ তারিখে সর্বমোট ৪৪,৫৮,০৬০.০৬ টাকায় চুক্তি সম্পদানপূর্বক কার্যাদেশ প্রদান করা হয়। কার্যাদেশ অনুযায়ী কাজটি সম্পাদনের নির্ধারিত ২৯/০৬/২০২২ তারিখের মধ্যে সমাপ্ত হওয়ার নির্দেশনা থাকলেও ২২/০৬/২০২২ তারিখে সরবরাহের জন্য মজুদ করেন। কারিগরি উপকমিটি কর্তৃক সরবরাহযোগ্য মালামালসমূহের গুনগতমান যাচাইপূর্বক ২৬/০৬/২০২২ তারিখে মালামালসমূহ বুঝে নেয়া হয়েছে।

**পর্যবেক্ষণ :**

তথ্য বিশ্লেষণ করে দেখা যায় যে, পিপিআর এর বিধি ১৬(৫)(ক) মোতাবেক স্পেসিফিকেশন ও মূল্য নির্ধারণ কমিটি কর্তৃক অফিস সরঞ্জাম (মাল্টি মিডিয়া প্রজেক্টর) ক্রয় কাজটির দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় নির্ধারণ করা হয়েছে। অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী টেন্ডারটি উম্মুক্ত দরপত্র পদ্ধতিতে ইজিপি পোর্টালের মাধ্যমে আহবান করা হয়েছে। পিপিএ-২০০৬ এর ধারা ৪০ (২) অনুযায়ী দুইটি বহুল প্রচারিত একটি বাংলা ও একটি ইংরেজি দৈনিক পত্রিকায় ই-টেন্ডারটির বিজ্ঞপ্তিটি প্রকাশিত হয়েছে। পিপিআর এর সকল বিধি বিধান অনুসরণপূর্বক টেন্ডার মূল্যায়ন কমিটি কর্তৃক সর্বনিম্ন দর দাখিলকারী প্রতিষ্ঠানের দরপত্রটি গ্রহণের সুপারিশ করা হয়েছে। মালামাল সরবরাহের পূর্বে কারিগরি উপকমিটির মাধ্যমে মালামালসমূহের গুনগতমান যাচাই করা হয়েছে। সার্বিক পর্যালোচনায় প্রতিয়মান হয়েছে যে, বর্ণিত ক্রয় প্রক্রিয়াটি যথাযথভাবে পিপিএ ও পিপিআর এর বিধি বিধান অনুসরণে এবং অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী সম্পন্ন করা হয়েছে।

**কেস স্টাডি -০২**

কাজের নাম: ০১টি মাইক্রোবাস ভাড়া (চালকসহ)।

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পের প্রধান কার্যালয় কর্তৃক মহাপরিচালক, বিআরডিবি'র অনুমোদনক্রমে ০১টি মাইক্রোবাস ভাড়া (চালকসহ) গ্রহণের জন্য টেন্ডার বিজ্ঞপ্তি আহবান করা হয়। টেন্ডার রেফারেন্স নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২৪.২১-২০২। নথি পর্যালোচনায় উক্ত কাজের টেন্ডার সংক্রান্ত সকল তথ্য নিম্নে উপস্থাপন করা হলো:

| | |
|---|---|
| পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ | : দৈনিক কালের কন্ঠ -২৪/০২/২০২২ খ্রি.<br>দি ডেইলি স্টার- ২৪/০২/২০২২ খ্রি. |
| টেন্ডার ডকুমেন্ট বিক্রয়ের সর্বশেষ তারিখ ও সময় | : ২০/০৩/২০২২ খ্রি., বেলা: ৫:০০ ঘটিকা |
| টেন্ডার দাখিলের সর্বশেষ তারিখ ও সময় | : ২১/০৩/২০২২ খ্রি., দুপুর: ২:০০ ঘটিকা |
| টেন্ডার উম্মুক্তকরনের তারিখ ও সময় | : ২১/০৩/২০২২ খ্রি., বেলা: ৩:০০ ঘটিকা |

কাজের বিপরীতে টেন্ডার ডকুমেন্ট বিক্রয়ের সর্বশেষ তারিখ ও সময়ের মধ্যে প্রকল্প কার্যালয় হতে ০৩টি টেন্ডার ডকুমেন্ট বিক্রয় হয়। টেন্ডার দাখিলের সর্বশেষ সময়ের মধ্যে ০৩টি টেন্ডার ডকুমেন্ট জমা পড়ে। টেন্ডার উম্মুক্তকরণ কমিটি কর্তৃক ২১/০৩/২০২২ তারিখ বেলা: ৩:০০ ঘটিকায় টেন্ডারসমূহ উম্মুক্ত করা হয়েছে।

টেন্ডার মূল্যায়ন কমিটি কর্তৃক টেন্ডার ডকুমেন্টে চাহিত তথ্যের আলোকে দাখিলকৃত টেন্ডারের তথ্যসমূহ যাচাই করা হয়। যাচাই-বাছাই এ দেখা যায় যে, ইফফাত ইন্টারন্যাশনাল কর্তৃক দাখিলকৃত ই- ট্রেড লাইসেন্স মূলত আমদানী, রপ্তানী ও সরবরাহকারী অর্থ্যাৎ সুনির্দিষ্টভাবে রেন্ট-এ কার ব্যবসা সংক্রান্ত বিষয়টি উল্লেখ নেই। এছাড়া অন্য দুইটি প্রতিষ্ঠান যথাক্রমে খান রেন্ট-এ কার ও হাসান এন্টারপ্রাইজ এর ট্রেড লাইসেন্স, ভ্যাট, আয়কর ও ব্যাংক সলভেন্সি দাখিল করা হয়েছে। সভায়

দাখিলকৃত ৩টি প্রতিষ্ঠানের মাইক্রোবাস সরেজমিনে টেন্ডার মূল্যায়ন কমিটির নিকট প্রদর্শণ এবং যাচিত টেকনিক্যাল স্পেসিফিকেশন অনুযায়ী প্রদর্শিত মাইক্রোবাসের সাথে সরেজমিনে মিলকরণ করে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের সুপারিশ গৃহিত হয়। সে আলোকে সংশ্লিষ্ট ০৩টি প্রতিষ্ঠানকে ০৫/০৪/২০২২ তারিখে মাইক্রোবাস (চালকসহ) নিয়ে সরেজমিনে উপস্থিত হওয়ার জন্য বিগত ৩১/০৩/২০২২ তারিখে পত্র প্রদান করা হয়েছে। প্রকল্প সদর দপ্তর, পল্লী ভবন এর সম্মুখে সরেজমিনে প্রদর্শণের জন্য জারিকৃত পত্রের আলোকে খান রেন্ট-এ কার ও হাসান এন্টারপ্রাইজ চালকসহ মাইক্রোবাস নিয়ে উপস্থিত হলেও ইফফাত ইন্টারন্যাশনাল সরেজমিনে উপস্থিত হননি। এ বিষয়ে মোবাইলে যোগাযোগ করা হলে ইফফাত ইন্টারন্যাশনাল এর প্রতিনিধি সদস্য সচিব কে প্রথমে জানান যে, গাড়ির শো-রুমে গিয়ে গাড়ি দেখার জন্য এবং পরবর্তীতে তিনি গাড়ি চট্টগ্রাম বন্দরে রয়েছে মর্মে অবহিত করেন। সভায় বিস্তারিত আলোচনাক্রমে ইফফাত ইন্টারন্যাশনাল কর্তৃক দাখিলকৃত ই- ট্রেড লাইসেন্স আমদানী, রপ্তানী ও সরবরাহকারী অর্থ্যাৎ সুনির্দিষ্টভাবে রেন্ট-এ কার ব্যবসা সংক্রান্ত না হওয়ায় এবং ০৫/০৪/২০২২ তারিখে সরেজমিনে চালকসহ মাইক্রোবাস উপস্থিত করতে ব্যর্থ হওয়ায় ইফফাত ইন্টারন্যাশনালের দরপত্রটি নন রেসপন্সিভ হিসেবে বিবেচনা করা হয়। এছাড়া অপর দুইটি প্রতিষ্ঠান খান রেন্ট-এ কার ও হাসান এন্টারপ্রাইজ এর দাখিলকৃত দরপত্রের চাহিত সকল তথ্যাদি সঠিক থাকায় উক্ত দুইটি প্রতিষ্ঠানের দরপত্র কে রেসপন্সিভ হিসেবে গণ্য করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। রেসপন্সিভ দুইটি দরপত্রের তুলনামূলক বিবরণী নিম্নরূপ:

| ক্র: নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | প্রতিষ্ঠান কর্তৃক উদ্বৃত দর | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | খান রেন্ট-এ কার,<br>৭৩ ফাইদাবাদ, চৌয়ারিরটেক, ফাইদাবাদ মাদ্রাসা,দক্ষিণ খান, ঢাকা-১২৩০ | ৬৭,০২,৮০০/- | ১ম সর্বনিম্ন |
| ২ | হাসান এন্টারপ্রাইজ,দোকান নং-২০, জেড আর টাওয়ার,রাজারবাগ,ঢাকা-১২১৭ | ৭০,২০,০০০/- | ২য় সর্বনিম্ন |

টেন্ডার মূল্যায়ন কমিটি কর্তৃক ০৫/০৪/২০২২ তারিখে অনুষ্ঠিত সভায় রেসপন্সিভ দুইটি প্রতিষ্ঠানের মধ্যে খান রেন্ট-এ কার এর দাখিলকৃত উদ্বৃত দর ৬৭,০২,৮০০ টাকা সর্বনিম্ন হওয়ায় খান রেন্ট-এ কার, ৭৩ ফাইদাবাদ, চৌয়ারিরটেক, ফাইদাবাদ মাদ্রাসা, দক্ষিণ খান, ঢাকা-১২৩০-কে তার উদ্বৃত দর ৬৭,০২,৮০০ (সাতষট্টি লক্ষ দুই হাজার আটশত) টাকায় দরপত্রটি গ্রহণের সুপারিশ করেন। টেন্ডার মূল্যায়ন কমিটির সুপারিশ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক ১৯/০৫/২০২২ তারিখে অনুমোদিত হয় এবং সে আলোকে Notification of Award (NOA) জারি করা হয়। পরবর্তীতে সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক কার্য সম্পাদন জামানত পে- অর্ডার আকারে দাখিল করায় বিগত ১২/০৬/২০২২ তারিখে খান রেন্ট-এ কার, ৭৩ ফাইদাবাদ, চৌয়ারিরটেক, ফাইদাবাদ মাদ্রাসা, দক্ষিণ খান, ঢাকা-১২৩০-কে তার উদ্বৃত দর ৬৭,০২,৮০০ (সাতষট্টি লক্ষ দুই হাজার আটশত) টাকায় চুক্তি সম্পাদানপূর্বক কার্যাদেশ প্রদান করা হয়। কার্যাদেশ অনুযায়ী প্রকল্প মেয়াদকালীন সময় পর্যন্ত অর্থ্যাৎ ৩০/০৬/২০২৬ পর্যন্ত সেবা গ্রহণ করা হয়েছে।

**পর্যবেক্ষণ :**

তথ্য বিশ্লেষণ করে দেখা যায় যে, ০১টি মাইক্রোবাস ভাড়া (চালকসহ) গ্রহণ সংক্রান্ত ক্রয় কাজটি মহাপরিচালক, বিআরডিবি'র অনুমোদনক্রমে অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী টেন্ডারটি উম্মুক্ত দরপত্র পদ্ধতিতে আহবান করা হয়েছে। পিপিআর অনুযায়ী টেন্ডার বিজ্ঞপ্তিটি পূর্ণাঙ্গ ছিল। পিপিএ-২০০৬ এর ধারা ৪০ (২) অনুযায়ী দুইটি বহুল প্রচারিত একটি বাংলা ও একটি ইংরেজি দৈনিক পত্রিকায় টেন্ডার বিজ্ঞপ্তিটি প্রকাশিত হয়েছে। টেন্ডার মূল্যায়ন কমিটির ০৬ সদস্যের মধ্যে ০২ জন সদস্যই বহিঃসদস্য হিসেবে অন্তর্ভুক্ত ছিলেন। সার্বিক পর্যালোচনায় প্রতিয়মান হয়েছে যে, বর্ণিত ০১টি মাইক্রোবাস ভাড়া (চালকসহ) গ্রহণ সংক্রান্ত ক্রয় প্রক্রিয়া যথাযথভাবে পিপিএ ও পিপিআর এর বিধি বিধান অনুসরণে এবং অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী সম্পন্ন করা হয়েছে।

## ৩.৭ অডিট পর্যালোচনা

চলমান প্রকল্পগুলো নিরীক্ষার জন্য সরকারের নিরীক্ষা দপ্তর প্রকল্পগুলো নিরীক্ষা করে আপত্তিসহ সরকারকে প্রতিবেদন প্রদান করে থাকে। বর্ণিত প্রকল্পের ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য হলেও এক্ষেত্রে এখন পর্যন্ত কোন অডিট সম্পন্ন হয়নি। ২০২১-২০২২ অর্থবছর সমাপ্তির পর নিরীক্ষা সম্পাদনের লক্ষ্যে প্রকল্প দপ্তর নিরীক্ষা দপ্তরের সঙ্গে যোগাযোগ করবে বলে তাদের সাথে আলোচনা করে জানা যায়।

## ৩.৮ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য

প্রকল্পটিতে এখন পর্যন্ত ১ জন প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেছেন। তবে তিনি অতিরিক্ত দায়িত্বে রয়েছেন। নিম্নের সারণীতে প্রকল্প পরিচালকের নাম, মূল দপ্তর ও পদবি, দায়িত্বকাল, দায়িত্বের ধরন (নিয়মিত/ অতিরিক্ত) দেওয়া হলো:

**সারণী ৩.৩: প্রকল্প পরিচালকের তথ্য**

| প্রকল্প পরিচালকের নাম | মূল দপ্তর ও পদবি | দায়িত্বকাল | দায়িত্বের ধরণ (নিয়মিত/ অতিরিক্ত) | একাধিক পদে অথবা একাধিক প্রকল্পের পরিচালক হিসেবে দায়িত্বপ্রাপ্ত কিনা | |
|---|---|---|---|---|---|
| | | | | হ্যাঁ / না | প্রকল্প সংখ্যা |
| মোহাম্মদ রাশেদুল আলম | যুগ্মপরিচালক, বিআরডিবি | প্রকল্প মেয়াদ | অতিরিক্ত | না | প্রযোজ্য নয় |

## ৩.৯ প্রকল্পের জনবল সংক্রান্ত

প্রকল্পের আওতায় নতুন কোন জনবল নিয়োগের সংস্থান নেই এবং বেতন-ভাতাদি খাতে কোন অর্থের সংস্থান নেই। বিআরডিবি'র ইরেসপো কর্মসূচির জনবল-কে ব্যবহার করে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্প সদর দপ্তরে প্রকল্প পরিচালকসহ ২জন উপপ্রকল্প পরিচালক ও ০৪ জন সহকারী পরিচালক অতিরিক্ত দায়িত্ব পালন করেন।

## ৩.১০ PIC এবং PSC এর সভা সংক্রান্ত

প্রকল্প কার্যক্রম তদারকির ক্ষেত্রে PIC এবং PSC এর সভা অনুষ্ঠিত হয়েছে। প্রকল্পের ডিপিপি ও পরিকল্পনা কমিশনের পরিপত্র অনুযায়ী ২০২৩ সালের ৩১ মার্চ পর্যন্ত প্রতি ৩ মাস অন্তর অন্তর একটি করে PIC এবং PSC সভা অনুষ্ঠানের বিধান রয়েছে। সে হিসাবে ২০২৩ সালের মার্চ পর্যন্ত PSC এর ৭টি এবং PIC এর ক্ষেত্রে ৭টি সভা হওয়ার বিধান ছিল। তার বিপরীতে এখন পর্যন্ত মাত্র PIC এর ৩টি এবং PSC এর ৪টি সভা অনুষ্ঠিত হয়েছে। তবে PIC এবং PSC এর সভা নিয়মিত না হলেও প্রকল্পটি সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগ কর্তৃক তদারকি করা হয়েছে।

**সারণী ৩.৪: PIC এবং PSC এর সভার লক্ষমাত্রার বিপরীতে অর্জন**

| কমিটি | ২০২১-২২ | | ২০২২-২০২৩ | | ২০২৩-২০২৪ | | ২০২৪-২০২৫ | | ২০২৫-২০২৬ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন |
| PIC | ৪ | ১ | ৪ | ২ | ৪ | | ৪ | | ৪ | |
| PSC | ৪ | ২ | ৪ | ২ | ৪ | | ৪ | | ৪ | |

**তথ্যসূত্র:** প্রকল্পের ডিপিপি ও প্রকল্প পরিচালকের দপ্তর

প্রকল্পের PIC এবং PSC এর সভাসমূহ যথাসময়ে অনুষ্ঠিত না হলেও যেসব সভা অনুষ্ঠিত হয়েছে তার সিদ্ধান্ত প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক যথাযথভাবে বাস্তবায়িত হয়েছে।

PIC ও PSC সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির চেকলিস্ট পরবর্তী পৃষ্ঠায় দেওয়া হলো

PIC সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির চেকলিস্ট

| ক্র নং | সভার তারিখ | সভার সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম | ২৭/১২/২০২১ খ্রি: | প্রকল্পের নির্ধারিত মেয়াদের মধ্যে সকল অঙ্গের বাস্তবায়ন শতভাগ নিশ্চিত করতে হবে। | প্রকল্পের নির্ধারিত মেয়াদের মধ্যে সকল অঙ্গের বাস্তবায়ন চলমান রয়েছে। | |
| | | ২০২১-২২ অর্থবছরের ক্রয়  ও কর্ম পরিকল্পনা (সংযুক্তি-১ ও ২) অনুমোদন করা হলো। | ২০২১২২- অর্থবছরের ক্রয় পরিকল্পনা ও কর্ম পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। | |
| | | ২০২১-২২ অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে | ২০২১-২২ অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হয়েছে। | |
| | | ক) পিডব্লিউডি’র নতুন রেট সিডিউল অনুযায়ী নির্মাণ মেরামত কার্যাদি সম্পাদনের স্বার্থে/ পিআইসি’র বিশেষ সভা আহ্বানপূর্বক ডিপিপি সংশোধনের উদ্যোগ নিতে হবে। এ লক্ষ্যে প্রস্তুতিমূলক পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>খ) প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী ১০০ জন প্রশিক্ষণার্থীর আবাসন সুবিধা নিশ্চিতকল্পে প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে। | (ক) পিডব্লিউডি এর নতুন রেটস অফ সিডিউল প্রকাশিত হয়েছে। বিগত ০৪/০৪/২০২২ তারিখে অনুষ্ঠিত প্রকল্পের ১ম স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী পিডব্লিউডি’র নতুন রেটস অফ সিডিউল এর আলোকে ভৌত অবকাঠামো নির্মাণ, সংস্কার ও আধুনিকায়ন কাজসমূহের ব্যয় নিরুপনপূর্বক ডিপিপি সংশোধন করা হয়েছে।<br>(খ) ডিপিপির সুনির্দিষ্ট উদ্দেশ্য ’ অনুযায়ী ১০০ জন প্রশিক্ষণার্থীর আবাসন সুবিধা নিশ্চিতকল্পে বিগত ০৪২০২২ তারিখে অনুষ্ঠিত /০৪/ ’পিএসসির সভায় ডিপিপি সংশোধনের মাধ্যমে ৬তলার স্থলে ৯তলা হোস্টেল ভবন নির্মাণের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | হোস্টেল ভবন নির্মাণ কাজসহ প্রশিক্ষণ কেন্দ্রের আর্কিটেকচারাল ড্রয়িং এবং মাস্টার প্ল্যান সভায় অনুমোদিত হয়। | অনুমোদিত আর্কিটেকচারাল ড্রয়িং এর আলোকে স্ট্যাকচারাল, ইলেক্টিক্যাল ও প্লাম্বিং ড্রয়িং সম্পন্ন করা হয়েছে। | |
| | | বিআরডিবি’র উপপরিচালক (পরিকল্পনা ও মনিটরিং)-কে পিআইসি কমিটিতে সদস্য হিসেবে কো-অপ্ট করতে হবে। | বিআরডিবি’র উপপরিচালক (পরিকল্পনা ও মনিটরিং)- কে পিআইসি কমিটিতে সদস্য হিসেবে কো-অপ্ট করা হয়েছে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২য় | **১৯/০৯/২০২২** | ২০২২-২৩ অর্থবছরের ক্রয় ও কর্ম পরিকল্পনা সংযুক্তি-১ ও ২ অনুমোদন করা হয়। | ২০২২-২৩ অর্থবছরের ক্রয় ও কর্ম পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন অব্যাহত রয়েছে। বর্তমানে আরএডিপি বরাদ্দের আলোকে ক্রয় ও কর্ম পরিকল্পনা সংশোধনের বিষয়ে আলোচনার জন্য পৃথকভাবে আলোচ্যসূচি রাখা হয়েছে।(৪-আলোচ্যসূচি) | |
| | | ২০২২-২৩ অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ২০২২-২৩ অর্থবছরের কার্যক্রম চলমান রয়েছে। বাস্তবায়ন অগ্রগতি আলোচ্যসূচি ৩ এ বিস্তারিতভাবে উপস্থাপন করা হয়েছে। | |
| | | প্রকল্প স্টিয়ারিং কমিটি'র সিদ্ধান্ত অনুযায়ী সংশোধিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে। | বিগত ১২২০২৩ তারিখে /০১/ সংশোধিত ডিপিপি অনুমোদনের জিও জারি হয়েছে। | |
| ৩য় | **২২/০৩/২০২৩** | ২০২২-২৩ অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | লক্ষ্যমাত্রার বিপরীতে শতভাগ অর্জনের বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | |
| | | ২০২২-২৩ অর্থবছরের ক্রয় ও কর্ম পরিকল্পনা সংযুক্তি-১ ও ২ অনুমোদন করা হয়। | ২০২২-২৩ অর্থবছরের ক্রয় ও কর্ম পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন অব্যাহত রয়েছে। | |
| | | ১কিশোরীদের বয়স ১৮ বছর পূর্ণ হওয়া পর্যন্ত ( জমাযোগ্য সঞ্চয় হিসাবকরে তাঁর দ্বিগুন হারে সঞ্চয় প্রণোদনার অর্থ আরডিপিপিতে সংস্থানকরণ।<br>২প্রকল্প মেয়াদে সংশ্লিষ্ট কিশোরীদের ( বিপরীতে দ্বিগুণ সঞ্চয় প্রণোদনার অর্থ র মাধ্যমে 'উপজেলায় স্থানান্তর করে বিআরডিবি ১৮ বছর পূর্তিতে পরিশোধের ব্যবস্থা রাখার সুপারিশ করা হয়। | এ বিষয়ে নীতিগত সিদ্ধান্তের জন্য বিগত ১৭/০৪/২০২৩ তারিখে পিএসসি সভা আহবান করা হয়েছে। | |
| | | নোয়াখালী পল্লী উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের ৯তলা হোস্টেল ভবন ও সীমানা প্রাচীর নির্মাণ কাজের ব্যয়ের সংস্থানের জন্য আরডিপিপি'র প্রাইস কনটিনজেন্সি খাত হতে সমন্বয়ের প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে। | এ বিষয়ে নীতিগত সিদ্ধান্তের জন্য বিগত ১৭/০৪/২০২৩ তারিখে পিএসসি সভা আহবান করা হয়েছে। | |

PSC সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির চেকলিস্ট

| ক্র নং | সভার তারিখ | সভার সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম | ০৪/০৪/২০২২ | ১) জুন ২০২২ এর মধ্যে চলতি অর্থ বছরের লক্ষ্যমাত্রার বিপরীতে শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ১) নোয়াখালী পল্লী উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের নির্মিতব্য ভবনে কোন সামাজিক অনুষ্ঠান করা যাবে না;<br>২) সংশোধিত ডিপিপিতে প্রকল্প শেষে ভবনের রক্ষণাবেক্ষণের ব্যবস্থা রাখতে হবে;<br>৩) প্রকল্পের আওতায় ভৌত অবকাঠামো নির্মাণ, সংস্কার ও আধুনিকায়ন কাজসমূহ পিডব্লিউডি এর রেট সিডিউলের আলোকে প্রাক্কলন সংশোধনের উদ্যোগ গ্রহণ করতে হবে;<br>৪) ডিপিপি'র সুনির্দিষ্ট উদ্দেশ্য অনুযায়ী ১০০ জন প্রশিক্ষণার্থীর আবাসন নিশ্চিতকল্পে ০৬ তলার স্থলে ০৯ তলা হোস্টেল ভবন নির্মাণের পরামর্শ দেয়া হয়;<br>৫) ০৯ তলা হোস্টেল ভবনের জন্য ০২টি লিফট (১টি বেড লিফটসহ), ফায়ার হাইড্রেন্ট, সাব-স্টেশন ও ০১টি গভীর নলকুপের সংস্থান রাখতে হবে;<br>৬) উপরোল্লিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের নিমিত্ত ডিপিপি সংশোধনের উদ্যোগ নিতে হবে।<br>৭) নোয়াখালী পল্লী উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের মাস্টার প্ল্যান ও প্রস্তাবিত হোস্টেল ভবনের অর্কিটেকচারাল ড্রয়িং (ফ্লোর প্লান, চারিপাশের থ্রিডি ভিউ) অনুমোদন করা হয়। | পিডব্লিউডি এর নতুন রেটস অফ সিডিউল চুড়ান্ত হয়েছে; কিন্তু এখনো প্রকাশিত হয়নি। নতুন রেটস অফ সিডিউল এর আলোকে প্রাক্কলন সংশোধন এবং ৬তলার স্থলে ৯তলা হোস্টেল ভবন নির্মাণসহ অন্যান্য সিদ্ধান্তসমূহ অর্ন্তভূক্ত করে ডিপিপি সংশোধনের কাজ চলমান রয়েছে। | |
| | | ১) ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখতে হবে;<br>২) ডিপিপি অনুযায়ী ২০২১-২২ অর্থ বছরের প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন করতে হবে;<br>৩) প্রকল্পের আওতায় প্রশিক্ষণার্থীর সংখ্যা বৃদ্ধিসহ এনএসডিএ'র নীতিমালা অনুযায়ী ৩৬০ ঘন্টা/০৩ মাস মেয়াদী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের উদ্যোগ নিতে হবে। প্রয়োজনে ডিপিপি সংশোধনপূর্বক বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে।<br>৪) কিশোরীদের প্রশিক্ষণ উপকরণ খাতে বরাদ্দকৃত অর্থে স্যানিটারী ন্যাপকিন বিতরণ করতে হবে এবং স্যানিটারী ন্যাপকিন পুনঃব্যবহারের পদ্ধতি কৌশলের বিষয়টি যাচাইপূর্বক সংশোধিত ডিপিপি'তে অন্তর্ভূক্ত রাখতে হবে। | ১) চলতি অর্থ বছরে মোট বিতরণযোগ্য ঋণ তহবিল ১০৬০০ লক্ষ টাকার বিপরীতে ঋণ বিতরণ হয়েছে ১২৪৬৬.৬২ লক্ষ টাকা (বিতরণের হার ১১৭.৬০%) এবং আদায় হয়েছে ১১৪৬৩.৫৮ লক্ষ টাকা ( আদায়ের হার ৯৪.০৬%)। ক্রমপুঁঞ্জিত আদায়ের হার ৯৯%।<br>২) ২০২১-২২ অর্থ বছরের প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।<br>৩) ৩.৩ ও ৩.৪ এর সিদ্ধান্তসমূহ সংশোধিত ডিপিপিতে অর্ন্তভূক্ত করা হবে। | |
| | | ক) কম্পিউটার এবং আনুষাঙ্গিক যন্ত্রাংশ ক্রয় খাতে ব্যয় বৃদ্ধির বিষয়টি সংশোধিত ডিপিপিতে সংস্থান রাখতে হবে;<br>খ) অভ্যন্তরীণ ভ্রমন ব্যয় খাতে ব্যয় বৃদ্ধির বিষয়টি সংশোধিত ডিপিপিতে সংস্থান রাখতে হবে;<br>গ) আসবাপত্রের পরিমাণ ও ব্যয় বৃদ্ধির বিষয়টি | সিদ্ধান্তের আলোকে বর্ণিত খাতসমূহের বরাদ্দ বৃদ্ধির বিষয়সমূহ সংশোধিত ডিপিপিতে অর্ন্তভূক্ত করা হবে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সংশোধিত ডিপিপিতে সংস্থান রাখতে হবে। | | |
| ২য় | ২৯/০৬/২০২২ | প্রকল্প স্টিয়ারিং কমিটির গৃহিত সিদ্ধান্তের আলোকে সংশোধিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | সংশোধিত ডিপিপি অনুমোদনের জন্য বিগত ৩০/১০/২০২২ খ্রি. তারিখে ডিপিইসি'র সভা অনুষ্ঠিত হয়েছে। ডিপিইসি সভার কার্যবিবরণীর আলোকে আরডিপিপি পুণঃগঠনপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। | |
| | | সংশোধিত ডিপিপি'তে প্রাক্কলিত ব্যয় ১৫% বা ৪০ কোটি টাকা (যা নিম্নে হয়) এর মধ্যে সীমাবদ্ধ রেখে প্রকল্পের মেয়াদকাল এক বছর বৃদ্ধির বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। | | |
| | | ২০২১-২০২২ অর্থ বছরের লক্ষ্যমাত্রার বিপরীতে আর্থিক ৯৮.৪৬% এবং বাস্তব শতভাগ অর্জন করায় সভায় সন্তোষ প্রকাশ করা হয় এবং এ ধারা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | ২০২১-২২ অর্থ বছরের ন্যায় ২০২২-২৩ অর্থ বছরের লক্ষ্যমাত্রার বিপরীতে কার্যক্রম বাস্তবায়ন অব্যাহত রয়েছে। | |
| ৩য় | ১৭/১১/২০২২ | ডিপিইসি সভায় গৃহিত সিদ্ধান্তের আলোকে পুনঃগঠনপূর্বক সংশোধিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | বিগত ১২/০১/২০২৩ তারিখে সংশোধিত ডিপিপি অনুমোদনের জিও জারি হয়েছে। | |
| | | ২০২২-২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রার বিপরীতে শতভাগ অর্জনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ২০২২-২৩ অর্থবছরের কার্যক্রম বাস্তবায়ন অব্যাহত রয়েছে। জুন,২০২৩ এর মধ্যে এ অর্থ বছরের লক্ষ্যমাত্রার শতভাগ অর্জিত হবে। | |
| | | সুফলভোগী নির্বাচনের ক্ষেত্রে আর্থিক সক্ষমতার বিষয়টি প্রাধান্য দিয়ে দরিদ্র লোককে নির্বাচন করতে হবে। | অনুমোদিত ডিপিপি অনুযায়ী দরিদ্র, অসহায়, সুবিধাবঞ্চিত ও বেকার মহিলাদের সুফলভোগী হিসেবে নির্বাচন করা হচ্ছে। | |
| | | প্রকল্পের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের স্বার্থে কর্মসূচির শূন্য পদ পুরণের জন্য মহাপরিচালক বিআরডিবি প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন। | কর্মসূচির অনুমোদিত জনবল ব্যবস্থাপনা নীতিমালা অনুযায়ী শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে বিগত ১৪/০২/২০২৩ তারিখে কর্মসূচি'র জনবল নিয়োগ সংক্রান্ত কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় টেলিটকের মাধ্যমে আবেদন গ্রহণ এবং নিয়োগ বিজ্ঞপ্তি চূড়ান্ত করা হয়েছে। নিয়োগ বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশের উদ্দ্যোগ নেয়া হচ্ছে। | |
| ৪র্থ | ১৭/০৪/২০২৩ | প্রকল্পের অনুকুলে চলতি অর্থ বছরের (২০২২-২৩) সংশোধিত এডিপিতে বরাদ্দকৃত অর্থ শতভাগ ব্যয় নিশ্চিত করতে হবে। | চলতি অর্থ বছরের (২০২২-২৩) সংশোধিত এডিপিতে বরাদ্দকৃত অর্থ শতভাগ ব্যয়ের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। | |
| | | আর্থিক বিধি-বিধান এবং পিপিআর-২০০৮ যথাযথভাবে অনুসরণ করে প্রকল্পের সকল ক্রয় কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে। | আর্থিক বিধি-বিধান এবং পিপিআর-২০০৮ যথাযথভাবে অনুসরণ করে প্রকল্পের সকল ক্রয় কার্যক্রম যথাসময়ে | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | সম্পন্নকরণের উদ্যোগ নেয়া হয়েছে। | |
| | | প্রকল্পের কার্যক্রম শতভাগ বাস্তবায়নের স্বার্থে ইরেসপো কর্মসূচির শূণ্য পদে দ্রুত জনবল নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্পের কার্যক্রম শতভাগ বাস্তবায়নের স্বার্থে ইরেসপো কর্মসূচির শূণ্য পদে দ্রুত জনবল নিয়োগের জন্য পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের উদ্যোগ নেয়া হয়েছে। | |
| | | গণপূর্ত বিভাগের সংশোধিত রেট অফ সিডিউল-২০২২ অনুযায়ী নির্মাণ, সংস্কার ও আধুনিকায়ন কাজসমূহের ব্যয় আরডিপিপি'র সংশ্লিষ্ট উপখাত হতে সর্বমোট ২২৫.১৬ লক্ষ টাকা বৃদ্ধি পাওয়ায় উক্ত অর্থ প্রাইস কনটিনজেন্সি খাত হতে সমন্বয়ের জন্য বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটি'র (ডিপিইসি) সভা আহ্বানের উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রকল্প মূল্যায়ন কমিটি'র (ডিপিইসি) সভা আহ্বানের উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। | |
| | | উক্ত দরপত্র ডকুমেন্টে শর্ত আরোপপূর্বক দ্রুত দরপত্র আহ্বানের উদ্যোগ গ্রহণ করতে হবে। | নির্মাণ কাজের দরপত্র ডকুমেন্টে শর্ত আরোপপূর্বক দ্রুত দরপত্র আহ্বানের উদ্যোগ নেয়া হচ্ছে। | |
| | | প্রকল্পের মেয়াদ শেষ হওয়ার পরও যে সকল শিক্ষার্থীর বয়স ১৮ বছর পূর্ণ হবে না তাদের প্রণোদনা কিভাবে প্রদান করা হবে সে বিষয়ে একটি নির্দেশিকা প্রণয়ন করতে হবে। | প্রকল্পের মেয়াদ শেষ হওয়ার পরও যে সকল শিক্ষার্থীর বয়স ১৮ বছর পূর্ণ হবে না তাদের প্রণোদনা কিভাবে প্রদান করা হবে সে বিষয়ে একটি নির্দেশিকা প্রণয়নের উদ্যোগ নেয়া হয়েছে। | |

## ৩.১১ লগফ্রেম অনুযায়ী প্রকল্পের উদ্দেশ্য ও আউটপুট পর্যালোচনা

সমীক্ষার এই অনুচ্ছেদে প্রকল্পের লগফ্রেমের আলোকে প্রকল্পের উদ্দেশ্য কতটুকু অর্জিত হচ্ছে তার পর্যালোচনা করা হয়েছে। সমীক্ষার পরামর্শকদল কর্তৃক সার্বিক পর্যবেক্ষণ, মাঠ পর্যায়ের জরিপ, স্থানীয় কর্মশালা হতে প্রাপ্ত সুফলভোগীদের মতামত, প্রকল্প দপ্তর হতে প্রাপ্ত হালনাগাদ তথ্য ইত্যাদির উপর ভিত্তি করে উক্ত পর্যালোচনাটি করা হয়েছে।

| সংক্ষিপ্ত বর্ণনা | অর্জনের অবস্থা | মন্তব্য |
|---|---|---|
| **উদ্দেশ্য**<br>১) দরিদ্র, অসহায় ও সুবিধা-বঞ্চিত মহিলাদের সংগঠিত করে জাতীয় উন্নয়নের স্রোত ধারায় আনয়ন;<br><br>২) মানব সম্পদ ও আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ঘটানো;<br><br>৩) সঞ্চয়ের মাধ্যমে স্থানীয় সম্পদ সৃষ্টি এবং স্থানীয় সম্পদের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে টেকসই উন্নয়ন;<br><br>৪) মহিলাদের পারিবারিক ও সামাজিক জীবিকায়ণ ব্যবস্থায় বৈচিত্র্য আনয়ন; | ১) দরিদ্র, অসহায় ও সুবিধা-বঞ্চিত মহিলাদের সংগঠিত করে সমিতি গঠনের কাজ চলমান রয়েছে। প্রশিক্ষণ ও ঋণ সহায়তা প্রদান করে পর্যায়ক্রমে এ সকল সদস্যদের দরিদ্র বিমোচন ও কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে উন্নয়নের স্রোত ধারায় আনয়ন করা সম্ভব হবে;<br>২) সুফলভোগী সদস্যদের বিভিন্ন আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি ও সমাজিক সচেতনতা সৃষ্টির মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন ও আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ঘটানো হচ্ছে;<br><br>৩) ৭৯৩৫৩ জন সুফলভোগী সদস্যদের ২৩.৭৮ কোটি টাকা এবং ১১৮০০ জন কিশোরী সদস্যের ২.৬৪ কোটি টাকার সঞ্চয় তহবিল সৃষ্টি হয়েছে। | প্রকল্পের অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের মেয়াদকাল জুলাই, ২০২১ থেকে শুরুর নির্দেশনা থাকলেও প্রকল্প পরিচালক নিয়োগসহ অন্যান্য কারণে প্রকৃত পক্ষে অক্টোবর, ২০২১ হতে কার্যক্রম শুরু হয়েছে। প্রকল্পের শুরু থেকে মার্চ, ২০২৩ পর্যন্ত ব্যয় হয়েছে ৭৩.২৫ কোটি টাকা, যা আরডিপিপি'র প্রাক্কলিত ব্যয়ের ১৮.৯৮% এবং বাস্তব অগ্রগতি ৩৫%। |

| সংক্ষিপ্ত বর্ণনা | অর্জনের অবস্থা | মন্তব্য |
|---|---|---|
| ৫) গ্রামীণ কিশোরীদের সঞ্চয়ী মনোভাব সৃষ্টির জন্য উদ্দীপ্তকরণ;<br><br>৬) গ্রামীণ শিক্ষিত বেকার মহিলাদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি;<br><br>৭) সুফলভোগীদের সচেতনতা সৃষ্টি এবং সামাজিক ও পারিবারিক কল্যাণমূলক চাহিদা মিটানো;<br><br>৮) প্রশিক্ষণের মাধ্যমে মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে অনুপ্রেরণা ও সচেতনতা সৃষ্টির মাধ্যমে দক্ষতা উন্নয়ন;<br><br>৯) ক্ষুদ্র ও উদ্যোক্তা ঋণ সহায়তা প্রদান;<br><br>১০) নারী উদ্যোক্তা সৃষ্টি;<br><br>১১) নারী ও কিশোরীদের ক্ষমতায়ন।<br><br>১২) তথ্য প্রযুক্তি ব্যবহারে উদ্বুদ্ধকরণ;<br><br>১৩) আয়বর্ধনমূলক কার্যক্রমে সম্পৃক্তকরে জীবনযাত্রার মানোন্নয়ন;<br><br>১৪) জনসংখ্যা বৃদ্ধি রোধকল্পে সচেতনতা সৃষ্টি; এবং<br>১৫) নোয়াখালী পল্লী উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের সক্ষমতা বৃদ্ধি। | ৪) গ্রামীন মহিলাদের সমিতির মাধ্যমে সংগঠিত করে বিভিন্ন সামাজিক বিষয়ে সচেতনতা সৃষ্টি, আয়বর্ধন প্রশিক্ষণ প্রদান ও ঋণ সহায়তা প্রদান করে তাদের স্বকর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে পারিবারিক ও সামাজিক জীবিকায়ন ব্যবস্থায় পরিবর্তন পরিলক্ষিত হয়েছে;<br><br>৫) গ্রামীণ কিশোরীদের প্রতি ০২ মাস অন্তর বিভিন্ন বিষয়ে সামাজিক সচেতনতা বৃদ্ধি এবং জমাকৃত সঞ্চয়ের বিপরীতে ২গুন হারে সঞ্চয় প্রণোদনা প্রদানের কারণে কিশোরীদের মধ্যে সঞ্চয়ী মনোভাব সৃষ্টি হয়েছে;<br><br>৬) গ্রামীণ শিক্ষিত বেকার মহিলাদের বিভিন্ন আয়বর্ধনমূলক প্রশিক্ষণ এবং ক্ষুদ্র ও উদ্যোক্তা ঋণ সহায়তা প্রদানের ফলে তাদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে;<br><br>৭) বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সুফলভোগীদের সচেতনতা সৃষ্টি এবং সামাজিক ও পারিবারিক কল্যাণমূলক চাহিদা মিটানোর প্রচেষ্টা চলমান রয়েছে;<br><br>৮) ১৬০ জন সুফলভোগীকে দীর্ঘমেয়াদী ও ১২৮৪০ জনকে বিভিন্ন আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান এবং উঠান বৈঠকের মাধ্যমে সচেতনতা সৃষ্টির মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন এবং এর ফলে তাদের সংশ্লিষ্ট বিষয়ে দক্ষতা উন্নয়ন হচ্ছে;<br><br>৯) ক্ষুদ্র ও উদ্যোক্তা ঋণ সহায়তা হিসাবে ১৯০৬৭ জন সুফলভোগী সদস্যকে সর্বমোট ৫৭২০.২২ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে;<br><br>১০) ৭৪৬ জন নারী উদ্যোক্তা সৃষ্টি হয়েছে;<br><br>১১) ৮৭% নারী সদস্যরা পারিবারিক সিদ্ধান্ত গ্রহণে যৌথভাবে অংশগ্রহণ করছেন ও শতভাগ কিশোরীদের সচেতনতা বৃদ্ধি পেয়েছে;<br>১২) প্রকল্পের সকল কাজ অনলাইন সফটওয়্যারের মাধ্যমে পরিচালিত হচ্ছে এবং এর ফলে যে কোন ব্যাক্তি যে কোন স্থান থেকে তথ্য প্রাপ্তি ও মনিটরিং জোরদার হয়েছে;<br>১৩) ১৬০ জন সুফলভোগীকে দীর্ঘমেয়াদী ও ১২৮৪০ জনকে বিভিন্ন আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান এবং ক্ষুদ্র ও উদ্যোক্তা ঋণ সহায়তা প্রদান করে ১৯০৬৭ জনকে আয়বর্ধনমূলক কার্যক্রমে সম্পৃক্তকরে জীবনযাত্রার মানোন্নয়ন করা হয়েছে;<br>১৪) জনসংখ্যা বৃদ্ধি রোধকল্পে জনসংখ্যা বৃদ্ধির কুফলসহ বিভিন্ন সামাজিক বিষয়ে সচেতনতা সৃষ্টি করা হচ্ছে;<br>১৫) নোয়াখালী পল্লী উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ভৌত অবকাঠামো নির্মাণ কাজের বরাদ্দ বৃদ্ধির উদ্যোগ নেয়া হয়েছে। | |

| সংক্ষিপ্ত বর্ণনা | অর্জনের অবস্থা | মন্তব্য |
|---|---|---|
| | | |
| **আউটপুট**:<br>১) নির্বাচিত ও সুফলভোগীদের উদ্বুদ্ধকরণের মাধ্যমে সমিতি গঠন (মহিলা সমিতি ও কিশোরী সংঘ)<br>২) সুফলভোগীদের প্রশিক্ষণ প্রদান<br>৩) সঞ্চয়ের মাধ্যমে নিজস্ব পুজিঁ গঠন (মহিলা সমিতি ও কিশোরী সংঘ)<br>৪) ক্ষুদ্র ঋণ সহায়তা প্রদান<br>৫) উদ্যোক্তা ঋণ সহায়তা প্রদান<br>৬) গ্রামীণ শিক্ষিত বেকার মহিলাদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা;<br>৭) সুফলভোগীদের উৎপাদিত পণ্যসামগ্রীর গুণগতমান বৃদ্ধিসহ অনলাইন বিপণনের ব্যবস্থাকরণ;<br>৮) দেশের দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব অঞ্চেলের দরিদ্র জনগোষ্ঠির আয় উৎসারি ও দক্ষতা উন্নয়নের প্রশিক্ষণ কেন্দ্রের ভবন নির্মাণ, সংস্কার ও আধুনিকায়ন। | ১. ৪৩৭০ টি মহিলা সমিতি/দল ও ১১৮ টি কিশোরী সংঘের মাধ্যমে সর্বমোট ১,২৯,৮০০ জন উপকারভোগীকে (মহিলা সুফলভোগী ১,১৮,০০০ জন এবং কিশোরী সুফলভোগী ১১,৮০০ জন) সংগঠিত করার লক্ষ্যমাত্রার বিপরীতে ৩২৪৬টি মহিলা সমিতি এবং ১১৮টি কিশোরী সংঘ গঠনের মাধ্যমে সর্বমোট ৯১১৫৩ জন সুফলভোগীকে (মহিলা সুফলভোগী ৭৯৩৫৩ জন এবং কিশোরী সুফলভোগী ১১,৮০০ জন) অন্তর্ভুক্ত করা হয়েছে।<br>২. মহিলা সুফলভোগীদের মধ্য হতে ৪১১০ জন-কে দীর্ঘমেয়াদী, ৫৩৭০০ জন-কে স্বল্পমেয়াদী আয়বর্ধনমূলক প্রশিক্ষণ এবং ২০০০ জন-কে উদ্যোক্তা প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রার বিপরীতে ১৬০ জনকে দীর্ঘমেয়াদী এবং ১২৮৪০ জন কে স্বল্পমেয়াদী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। করা হবে। এছাড়া ১১৮০০ জন কিশোরী সুফলভোগীকে উদ্বুদ্ধকরণ ও সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদাণের বিপরীতে ১১৮০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>৩. ৪৭২০ টি মহিলা সমিতি/দল এর মাধ্যমে ৩২৪০.০০ লক্ষ টাকা এবং ১১৮ টি কিশোরী সংঘের মাধ্যমে ১৪১৬.০০ লক্ষ টাকা সঞ্চয় তহবিল গঠনের বিপরীতে যথাক্রমে ২৩৭৮.০০ লক্ষ টাকা এবং ২৬৪.০০ লক্ষ টাকার সঞ্চয় তহবিল গঠিত হয়েছে।<br>৪. ৮২৬০০ জন সুফলভোগীকে ১৭৪১০.০০ লক্ষ টাকা ক্ষুদ্র ঋণ প্রদানের বিপরীতে ১৮৩১৪ জন সুফলভোগীকে ৪৬৯৫.২২ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে।<br>৫. ১৭৭০ জন সুফলভোগীকে ৪৪২৫.০০ লক্ষ টাকা উদ্যোক্তা ঋণ প্রদানের বিপরীতে ৭৪৬ জন সুফলভোগীকে ১০২৫.০০ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে।<br>৬. প্রকল্পে অর্ন্তভূক্ত শিক্ষিত বেকার মহিলাদের ৩০ ভাগের বিপরীতে ১৬ ভাগের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে।<br>৭. সুফলভোগীদের উৎপাদিত পণ্যসামগ্রীর গুণগতমান বৃদ্ধিসহ অনলাইন বিপণনের ব্যবস্থা চালুকরণের জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক একটি ই-কর্মাস সাইড এর সফটওয়্যার তৈরির কাজ চলমান রয়েছে। সফটওয়্যারটি তৈরির কাজ সমাপ্ত হলে এ বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>৮. নির্মাণ সামগ্রীর দর অব্যাহত বৃদ্ধির কারণে অর্থ মন্ত্রনালয় কর্তৃক দর পুনঃনির্ধারণ এবং সে আলোকে পিডব্লিউডি'র রেট সিডিউল ২০২২ সংশোধিত হয়। সংশোধিত পিডব্লিউডি'র রেট সিডিউল ২০২২ অনুযায়ী আরডিপিপি'র সংস্থানকৃত বরাদ্দে প্রকল্পের ভৌত অবকাঠনো নির্মাণ, সংস্কার ও আধুনিকায়ন কাজসমূহ বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না বিধায় কাজটি শুরু করা হয়নি। তবে কাজসমূহ বাস্তবায়নের স্বার্থে প্রকল্প স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পের প্রাইজ কনটিনজেন্সি খাত হতে বরাদ্দের সংস্থানের উদ্যোগ নেয়া হয়েছে। | |

## ৩.১২ গুণগতমান যাচাই

নিবিড় মনিটরিং এ চুক্তিবদ্ধ হবার পর থেকে পরামর্শকগণ প্রকল্পের বিভিন্ন দলিলাদি পর্যালোচনা করেন। প্রকল্প পরিচালক এবং উপ-প্রকল্প পরিচালকদের প্রদত্ত তথ্যের ভিত্তিতে এবংবিভিন্ন দলিলাদি পর্যবেক্ষণের মাধ্যমে প্রতীয়মান হয় যে প্রকল্পের কর্মকর্তাগণ প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিত সরেজমিনে পরিদর্শন করেন এবং প্রশিক্ষণের গুণগত মান নিশ্চিত করেন। পরিদর্শনের সময় তারা প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষণ প্রদানকারীদের সঙ্গে আলোচনার মাধ্যমে প্রশিক্ষণের আগে এবং পরে প্রশিক্ষণের আউটকাম পর্যালোচনা করেন। প্রকল্প পরিচালক এবং উপ-প্রকল্প পরিচালকদের ভ্রমণ পরিকল্পনা এবং ভ্রমণ শিডিউল এবং এ সংক্রান্ত অন্যান্য দলিলপত্র পর্যালোচনা করে এর সত্যতা পাওয়া যায়। উল্লেখ্য যে প্রশিক্ষণের দায়িত্বে দেশীয় স্বনামধন্য প্রতিষ্ঠান নিয়োজিত রয়েছে এবং প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম সরকার অনুমোদিত মডিউল এর আওতায় পরিচালনা করা হচ্ছে।

## ৩.১৩ জরিপের মাধ্যমে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণ ও ফলাফল:

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় এর জরিপ কার্য পরিচালনার জন্য ১৭টি জেলার ১৭টি উপজেলার সর্বমোট ৪২৫ জন সুফলভোগী সদস্যকে (মহিলা ৩৪০ জন ও কিশোরী ৮৫ জন) দৈবচয়নের ভিত্তিতে নির্বাচন করে কাঠামোগত প্রশ্নপত্রের মাধ্যমে তথ্য ও উপাত্ত সংগ্রহ করা হয়েছে।

### ৩ ১.১৩.প্রশিক্ষণ প্রাপ্তদের নিকট থেকে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ

#### ৩.১৩.১.১ পরিবারের প্রধান

সারণী ৩.৫: পরিবারের প্রধান

| | সংখ্যা | % |
|---|---|---|
| পুরুষ | ৩০২ | ৯৩.২ |
| মহিলা | ২২ | ৬.৮ |
| মোট | ৩২৪ | ১০০.০ |

উপরোক্ত সরণীতে দেখা যায় যে, সুফলভোগীদের মধ্যে পুরুষ প্রধান পরিবারের সংখ্যা ৯৩ ভাগ, বাকি ৭ ভাগ মহিলা প্রধান পরিবার ।

#### ৩.১৩.১.২ বৈবাহিক অবস্থা

সারণী ৩.৬: বৈবাহিক অবস্থা

| | সংখ্যা | % |
|---|---|---|
| বিবাহিত | ৩০১ | ৯৪.৭ |
| অবিবাহিত | ৫ | ১.৬ |
| তালাকপ্রাপ্ত | ৩ | ০.৯ |
| বিধবা | ৭ | ২.২ |
| স্বামী পরিত্যক্তা | ২ | ০.৬ |
| মোট | ৩১৮ | ১০০.০ |

উপরোক্ত সারণী বিশ্লেষনে দেখা যায় যে, প্রকল্প এলাকায় বিবাহিত সুফলভোগীর সংখ্যা ৯৫ ভাগ, বাকি ৫ ভাগ মহিলাদের মধ্যে অবিবাহিত ২ ভাগ, বিধবা ২ ভাগের বেশি, অন্যান্য ১ ভাগ।




চিত্র ৩.৩: উত্তরদাতাদের বৈবাহিক অবস্থা

### ৩.১৩..১.৩ শিক্ষাগত যোগ্যতা

সারণী ৩.৭: শিক্ষাগত যোগ্যতা

| | সংখ্যা | % |
|---|---|---|
| নিরক্ষর | ৭ | ২.১ |
| ১ম থেকে ৫ম শ্রেণী | ৮২ | ২৫.২ |
| ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণী | ১৫৭ | ৪৮.২ |
| এস এস সি | ৪৫ | ১৩.৮ |
| এইচ এস সি | ২৫ | ৭.৭ |
| গ্রাজুয়েশন বা তার উপরে | ৯ | ২.৮ |
| অন্যান্য | ১ | ০.৩ |
| মোট | ৩২৬ | ১০০.০ |

উপরোক্ত সারণীতে দেখা যায় যে, প্রকল্প এলাকায় সুবিধাভোগীদের মধ্যে ২ ভাগ নিরক্ষর, বাকি ৯৮ ভাগ শিক্ষিত, যাদের মধ্যে ৯৫ ভাগ ১ম শ্রেনী থেকে এসএসসি পর্যন্ত, বাকি ৩ ভাগ গ্রাজুয়েশন বা এর উপরে শিক্ষাগ্রহণ করেছে।

### ৩.১৩.১.৪ বর্তমান প্রধান পেশা

সারণী ৩.৮ বর্তমান প্রধান পেশা

| | সংখ্যা | % |
|---|---|---|
| ক্ষুদ্র ব্যবসা | ৮৮ | ২৭.২ |
| মাঝারি ব্যবসা | ১২ | ৩.৭ |
| সরকারি চাকুরী | ১ | ০.৩ |
| বেসরকারি চাকুরী | ১ | ০.৩ |
| বেকার | | |
| কৃষিকাজ | ৮৪ | ২৬.০ |
| গৃহিনী | ২৫ | ৭.৭ |
| অন্যান্য উল্লেখ করুন | | |
| গরু মোটাতাজা করণ | ৮ | ২.৫ |
| গবাদি পশু পালন | ৬১ | ১৮.৯ |
| ক্ষুদ্র খামার | ১১ | ৩.৪ |
| হাস মুগির খামার | ১৭ | ৫.৩ |
| সেলাই | ১২ | ৩.৭ |
| কারু/হস্ত | ১ | ০.৩ |
| ছাত্র | ২ | ০.৬ |
| মোট | ৩২৩ | ১০০.০ |

উপরের সারণীতে দেখা যায় যে, প্রকল্প এলাকায় সুবিধাভোগীদের মধ্যে ২৭ ভাগ এর বেশী লোকের প্রধান পেশা ক্ষুদ্র ব্যবসা , ২৬ ভাগ লোকের দ্বিতীয় প্রধান কৃষিকাজ ও ১৯ ভাগ লোকের তৃতীয় প্রধান গবাদি পশু পালন,
বাকি ২৮ ভাগ অন্যান্য।

### ৩.১৩.৩.৫ প্রকল্পে অন্তর্ভুক্তি/প্রশিক্ষণ প্রাপ্তির আগে পেশা

সারণী ৩.৯: প্রকল্পে অন্তর্ভুক্তি/প্রশিক্ষণ প্রাপ্তির আগে পেশা

| | সংখ্যা | % |
|---|---|---|
| ক্ষুদ্র ব্যবসা | ৩ | ০.৯ |
| মাঝারি ব্যবসা | ১ | ০.৩ |
| সরকারি চাকুরী | ১ | ০.৩ |
| বেসরকারি চাকুরী | | |
| বেকার | ৭ | ২.১ |
| কৃষিকাজ | ৪ | ১.২ |
| গৃহিনী | ৩০০ | ৯২.০ |
| অন্যান্য উল্লেখ করুন | ১ | ০.৩ |
| গরু মোটাতাজা করণ | ১ | ০.৩ |
| গবাদি পশু পালন | ১ | ০.৩ |
| প্রাইভেট টিউশন | ১ | ০.৩ |
| হাস মুগির খামার | ৩ | ০.৯ |
| ছাত্র | ৩ | ০.৯ |
| মোট | ৩২৬ | ১০০.০ |

উপরোক্ত সারণীতে দেখা যায় যে, প্রশিক্ষণ প্রাপ্তির আগে প্রকল্প এলাকায় ৯২ ভাগ সুফলভোগীর প্রধান পেশা ছিল গৃহিনী । বাকি ৮ ভাগ এর মধ্যে ২ ভাগ ছিল বেকার ও ৬ ভাগ অন্যান্য।

### ৩.১৩.১.৬ বর্তমানে আয়ের উৎস

সারণী ৩.১০: বর্তমানে আয়ের উৎস

| | সংখ্যা | % |
|---|---|---|
| সেলাই এবং পোষাক তৈরি | ৪০ | ১২.৩ |
| গবাদি পশু পালন | ১৫৭ | ৪৮.৫ |
| হাঁস-মুরগী পালন | ১০৭ | ৩৩.০ |
| কৃষি জমি চাষ | ৯৯ | ৩০.৬ |
| অন্যান্য উল্লেখ করুন | ২ | ০.৬ |
| ব্যবসা | ৮ | ২.৫ |
| প্রাইভেট টিউশন | ২ | ০.৬ |
| কারু/হস্ত | ৫ | ১.৫ |
| মোট | ৩২৪ | ১০০.০ |

উপরোক্ত সারণীতে দেখা যায় যে, প্রকল্প এলাকায় সুফলভোগীর বর্তমানে ৪৯ ভাগ লোকের প্রধান আয়ের উৎস হচ্ছে গবাদি পশু পালন, দ্বিতীয় ও তৃতীয় প্রধান আয়ের উৎস যথাক্রমে হাসমুরগী পালন ও কৃষিকাজ।

### ৩.১৩.১.৭ সুফলভোগী সদস্যের মাসিক আয় সংক্রান্ত

সারণী ৩.১১: সুফলভোগী সদস্যের মাসিক আয় সংক্রান্ত

| নির্দেশক | সংখ্যা | % |
|---|---|---|
| ≤ ৫০০০ টাকা | ৫৪ | ১৫.৮৮ |
| ৫০০১-৭৪৯৯ টাকা | ৮৬ | ২৫.২৯ |
| ৭৫০০-৯৯৯৯ টাকা | ১৩১ | ৩৮.৫৩ |
| ≥ ১০০০০ টাকা | ৬৯ | ২০.২৯ |
| মোট | ৩৪০ | ১০০.০ |

উপরোক্ত সারণীতে দেখা যায় যে, প্রকল্প এলাকায় বর্তমানে ১৫.৮৮ ভাগ সুফলভোগী সদস্যের মাসিক আয় ৫০০০ টাকার নিচে, ২৫.২৯ ভাগ সুফলভোগী সদস্যের মাসিক আয় ৫০০০ টাকা থেকে ৭৫০০ টাকার মধ্যে, ৩৮.৫৩ ভাগ সুফলভোগী সদস্যের মাসিক আয় ৭৫০০ টাকা থেকে ১০০০০ টাকার মধ্যে, ২০.২৯ ভাগ সুফলভোগী সদস্যের মাসিক আয় ১০০০০ টাকার বেশি। প্রকল্পে অর্ন্তভুক্তির পূর্বে সদস্যদের পরিবারের মাসিক গড় আয় ছিল ১৫,৩৬৮ টাকা অর্থ্যাৎ বছরে গড় আয় ১,৮৪,৪১৬ টাকা। পরিবারে সদস্য সংখ্যা গড়ে ৪ জন। সে হিসেবে সদস্যদের বার্ষিক গড় মাথাপিছু আয় ছিল ৪৬,১০৪ টাকা। বর্তমানে সদস্যদের পরিবারের মাসিক গড় আয় ২২,১০০ টাকা অর্থাৎ বছরে গড় আয় ২,৬৫,২০০ টাকা। সে হিসেবে বর্তমানে সদস্যদের বার্ষিক গড় মাথাপিছু আয় ৬৬,৩০০ টাকা। প্রকল্পে অন্তর্ভুক্তির পর বর্তমানে সদস্যদের বার্ষিক গড় মাথাপিছু আয় ২০,১৯৬ টাকা বৃদ্ধি পেয়েছে।



চিত্র ৩.৪: সুফলভোগী সদস্যের মাসিক আয়

### ৩.১৩.১.৮ প্রশিক্ষণে সন্তুষ্টির অবস্থা

সারণী ৩.১২: প্রশিক্ষণে সন্তুষ্টির অবস্থা

| | সংখ্যা | % |
|---|---|---|
| খুব সন্তুষ্ট | ২৭০ | ৮৩.১ |
| সন্তুষ্ট | ৪৮ | ১৪.৮ |
| মোটামোটি সন্তুষ্ট | ৭ | ২.২ |
| সন্তুষ্ট না | | |
| মোটেই সন্তুষ্ট না | | |
| মোট | ৩২৫ | ১০০.০ |

উপরোক্ত সারণীতে দেখা যায় যে, প্রশিক্ষণের বিষয়ে ৮৩ শতাংশ সুফলভোগী সদস্যরা খুব সন্তুষ্ট হয়েছেন, বাকি ১৭ ভাগ প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ বিষয়ে সন্তুষ্ট/মোটামোটি সন্তুষ্ট হয়েছেন।



চিত্র ৩.৫: প্রশিক্ষণে সন্তুষ্টির অবস্থা

### ৩.১৩.১.৯ প্রশিক্ষণের সময়কাল সম্পর্কে মতামত

সারণী ৩.১৩: প্রশিক্ষণের সময়কাল সম্পর্কে মতামত

| | সংখ্যা | % |
|---|---|---|
| খুবই ভাল ছিল | ১৮১ | ৫৫.৭ |
| ভাল ছিল | ১০০ | ৩০.৮ |
| মোটামুটি ভাল ছিল | ৪১ | ১২.৬ |
| ভাল ছিলো না | ৩ | ০.৯ |
| মোট | ৩২৫ | ১০০.০ |

উপরোক্ত সারণীতে দেখা যায় যে, প্রশিক্ষণের সময়কাল সর্ম্পকে ৫৬ শতাংশ সুফলভোগী সদস্যরা খুব ভাল ছিল বলে মতামত দিয়েছেন। ৪৩ ভাগ ভাল বলেছেন । তবে ১ ভাগ সুফলভোগী সদস্যরা সময়কাল ভাল ছিল না বলে মতামত প্রকাশ করেছেন।

**৩.১৩.১.১০ প্রশিক্ষণ গ্রহণের ফলে সুবিধা**

সারণী ৩.১৪: প্রশিক্ষণ গ্রহণের ফলে কী কী সুবিধা হয়েছে

| | সংখ্যা | % |
|---|---|---|
| আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে | ২৭৩ | ৮৫.০ |
| জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি পেয়েছে | ২৮৪ | ৮৮.৫ |
| কাজের প্রতি আগ্রহ বৃদ্ধি পেয়েছে | ২৩৪ | ৭২.৯ |
| পরিবারের আয় বৃদ্ধি পেয়েছে | ২৮৩ | ৮৮.২ |
| দৃষ্টিভঙ্গির পরিবর্তন হয়েছে | ১৪৮ | ৪৬.১ |
| সঠিক সময়ে সঠিক সিদ্ধান্ত নিতে পারছি | ১৫০ | ৪৬.৭ |
| আত্মবিশ্বাস বেড়েছে | ১৮৪ | ৫৭.৩ |
| কাজের ক্ষেত্রে ভুল কম হচ্ছে | ১৩৩ | ৪১.৪ |
| নারীর ক্ষমতায়ন বৃদ্ধি পেয়েছে | ১৯৭ | ৬১.৪ |
| তেমন কোন লাভ হয়নি | ১ | ০.৩ |
| মোট | ৩২১ | ১০০.০ |

উপরোক্ত সারণীতে দেখা যায় যে, প্রশিক্ষণ গ্রহণের ফলে ৯০-৯৮ শতাংশ সুফলভোগীদের সুবিধা হয়েছে, বাকি ১ ভাগের নীচে সদস্যরা বলেছেন যে, তাদের তেমন কোন লাভ হয় নি।




চিত্র ৩.৬: প্রশিক্ষণ গ্রহণের ফলে সুবিধা

### ৩.১৩.১.১১ প্রশিক্ষণকালীন সময়ে অসুবিধা

সারণী ৩.১৫: প্রশিক্ষণকালীন সময়ে কী কী অসুবিধা

| | সংখ্যা | % |
|---|---|---|
| বসা/জাগার সমস্যা | ৭ | ২২.৬ |
| লোডশেডিং | ২৩ | ৭৪.২ |
| সময় কম | ১ | ৩.২ |
| মোট | ৩১ | ১০০.০ |

উপরোক্ত সারণীতে দেখা যায় যে, প্রশিক্ষণ গ্রহণের সময়ে ৭৪ শতাংশ সুফলভোগীদের লোডশেডিং এর জন্য অসুবিধা হয়েছে, এছাড়া ২২ ভাগের বেশী সদস্যদের কাছে বসার জায়গা ভাল ছিলা না ।

### ৩.১৩.২ ঋণ কার্যক্রম সংক্রান্ত:

#### ৩.১৩.২.১ ঋণের টাকা ব্যয়

সারণী ৩.১৬: ঋণের টাকা ব্যয়

| | সংখ্যা | % |
|---|---|---|
| গাভী পালন | ৯১ | ২৮.২ |
| গরুমোটাজাতকরণ | ৬৮ | ২১.১ |
| নার্সারী | ৩৭ | ১১.৫ |
| পোল্ট্রি | ৬০ | ১৮.৬ |
| ছাগল ও ভেড়া পালন | ১৬ | ৫.০ |
| সেলাই কাজ | ৯ | ২.৮ |
| ভারমী কম্পোস্ট | ১ | ০.৩ |
| চুন উৎপাদন | ১ | ০.৩ |
| জমি বন্দোক | ৪ | ১.২ |
| ক্ষুদ্র ব্যবসা | ১৭ | ৫.৩ |
| কৃষি কাজ | ৪৩ | ১৩.৩ |
| মাছ চাষ | ১৩ | ৪.০ |
| কারু/হস্ত | ৩ | ০.৯ |
| বাড়ী নির্মাণ | ১ | ০.৩ |
| মোট | ৩২৩ | ১০০.০ |

উপরোক্ত সারণীতে দেখা যায় যে, সুফলভোগীরা ৮৮ শতাংশ ঋণের টাকা প্রধান উৎপাদন খাতে (গাভী পালন , গরু মোটাতাজাকরণ, পোলট্রি ও নার্সারী, কৃষিকাজ) ব্যবহার করেছেন, বাকি ১২ ভাগের নিচে সদস্যরা বলেছেন যে, তাদের তেমন কোন লাভ হয় নি।

#### ৩.১৩.২.২ ঋণের টাকা সম্পূর্ণ পরিশোধ

সারণী ৩.১৭: ঋণের টাকা সম্পূর্ণ পরিশোধ

| | সংখ্যা | % |
|---|---|---|
| হ্যাঁ | ১৬৩ | ৫০.০ |
| না | ১৬৩ | ৫০.০ |
| মোট | ৩২৬ | ১০০.০ |

উপরোক্ত সারণীতে দেখা যায় যে, সুফলভোগীরা ৫০শতাংশ ঋণের টাকা সম্পূর্ন পরিশোধ করেছেন, বাকি ৫০ ভাগ সম্পূর্ণ পরিশোধ করেন নি।

### ৩.১৩.২.৩ প্রকল্পের কার্যক্রম সম্পর্কে পরামর্শ

সারণী ৩.১৮: প্রকল্পের কার্যক্রম সম্পর্কে পরামর্শ

| | সংখ্যা | % |
|---|---|---|
| দীর্ঘমেয়াদি প্রশিক্ষন | ৭৯ | ৩০.৭ |
| সেলাই প্রশিক্ষন | ১৪ | ৫.৪ |
| ঋণের পরিমান বৃদ্ধি/মেয়াদ বৃদ্ধি | ৫৪ | ২১.০ |
| একাধিক বিষয় প্রশিক্ষন | ৮৩ | ৩২.৩ |
| একক ঋণ প্রদান | ১৯ | ৭.৪ |
| গবাদিপশু পালন/হাস মুরগি | ৬ | ২.৩ |
| নিজ উপজেলায় প্রশিক্ষন | ৪ | ১.৬ |
| কৃষি বিষয় | ৬ | ২.৩ |
| সবাইকে প্রশিক্ষন দেওয়া | ৬ | ২.৩ |
| সুদের হার কমানো | ৩৭ | ১৪.৪ |
| মাছ চাষ | ৮ | ৩.১ |
| মোট | ২৫৭ | ১০০.০ |

উপরোক্ত সারণীতে দেখা যায় যে, ৩২ শতাংশ সুফলভোগীদের প্রকল্প কার্যক্রম সম্পর্কে পরামর্শ হলো প্রশিক্ষণের মেয়াদ বৃদ্ধি ও একাধিক বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা। এছাড়া ১৪ ভাগের পরামর্শ হলো সুদের হার কমানো।

### ৩.১৩.৩ প্রকল্পের স্কুলগামী কিশোরী সংঘের কিশোরীদের সাক্ষাৎকার

সচেতনতা বৃদ্ধি এবং সঞ্চয় প্রণোদনা প্রদানের মাধ্যমে প্রকল্পের স্কুলগামী ১১৮ টি কিশোরী সংঘের ১১,৮০০ জন সদস্যদের মধ্য থেকে দৈবচয়নের মাধ্যমে মোট ৫৫ জন কিশোরীদের সাক্ষাৎকার নেয়া হয়, যাদের বয়স ভিত্তিক সংখ্যা উপস্থাপন করা হল :

### ৩.১৩.৩.১ কিশোরী সংঘের সদস্যদের বয়সের শ্রেণীবিন্যাস

সারণী ৩.১৯ কিশোরী সংঘের সদস্যদের বয়সের শ্রেণীবিন্যাস

| বয়স | সংখ্যা | শতকরা |
|---|---|---|
| ১১ | ১ | ১.৮ |
| ১২ | ৭ | ১২.৭ |
| ১৩ | ৯ | ১৬.৪ |
| ১৪ | ১১ | ২০.০ |
| ১৫ | ২০ | ৩৬.৪ |
| ১৬ | ৫ | ৯.১ |
| ১৭ | ২ | ৩.৬ |
| মোট | ৫৫ | ১০০.০ |

উপরোক্ত সারণীতে দেখা যায় যে, প্রকল্পের কিশোরী সংঘের সদস্যদের মধ্য ১.৮ ভাগ এর বয়স ১১ বছর , বাকি ৮৯.২ ভাগ কিশোরীদের মধ্যে অর্ধেকের বয়স ১৪-১৫ বছর, আর অন্যান্যদের বয়স ১৬-১৭ বছর।

### ৩.১৩.৩.২ কিশোরী সংঘের সদস্যদের  শিক্ষাগত যোগ্যতা

| সারণী ৩.২০:কিশোরী সংঘের সদস্যদের  শিক্ষাগত যোগ্যতা | | |
|---|---|---|
| শ্রেণী | সংখ্যা | শতকরা |
| ৭ম শ্রেণী | ৭ | ১২.৭ |
| ৮ম শ্রেণী | ১৪ | ২৫.৫ |
| ৯ম শ্রেণী | ১৩ | ২৩.৬ |
| ১০ম শ্রেণী | ২১ | ৩৮.২ |
| মোট | ৫৫ | ১০০.০ |

উপরোক্ত সারণীতে দেখা যায় যে, ৭ম শ্রেণীর কিশোরীদের সংখ্যা মোট কিশোরীদের ১২.৭ ভাগ, বাকি ৮৭.৩ ভাগ কিশোরীরা ৮ম থেকে ১০ম শেণিতে পড়ে। শ্রেণী বিশ্লেষণে দেখা যায় যে, কিশোরীদের মধ্যে অর্ধেকের বেশী ৯ম ও ১০ম শ্রেণীর শিক্ষার্থী। এ ছাড়া ৮ম শ্রেণীতে পড়ে এমন কিশোরীদের সংখ্যা এক চর্তুথাংশ ।

যে সকল কিশোরীরা বয়সে তুলনামূলক ছোট ও নিম্ন শ্রেণীতে অধ্যয়ন করে তাদেরকে এই প্রকল্পে কমসংখ্যক সংঘের সদস্য হিসেবে নেয়া হয়েছে । ১০ম শ্রেণীর কিশোরীদের সংখ্যা মোট কিশোরীদের ৩৮.২%। অর্থাৎ ১৪-১৫ বছরের কিশোরীদের বেশী অর্ন্তভূক্ত করা হয়েছে কারণ এ বয়সের কিশোরীরা ৭ম শ্রেণীর কিশোরীদের থেকে বাল্যবিবাহ প্রতিরোধকরণ ইস্যূতে তারা অধিক ভূমিকা রাখতে পারবে ।




চিত্র ৩.৭: কিশোরী সংঘের সদস্যদের শিক্ষাগত যোগ্যতা

### ৩.১৩.৩.৩ কিশোরী সংঘের সদস্যদের পরিবারের পুরুষ সদস্যদের সংখ্যা

| সারণী ৩.২১: কিশোরী সংঘের সদস্যদের পরিবারের পুরুষ সদস্যদের সংখ্যা | | |
|---|---|---|
| পরিবারের সদস্য সংখ্যা | কিশোরীদের সংখ্যা | শতকরা |
| ০ | ১ | ১.৮ |
| ১ | ২০ | ৩৬.৪ |
| ২ | ২৯ | ৫২.৭ |
| ৩ | ৩ | ৫.৫ |
| ৫ | ১ | ১৮.৮ |
| ৬ | ১ | ১৮.৮ |
| মোট | ৫৫ | ১০০ |

উপরোক্ত সারণীতে দেখা যায় যে, ২ জন পুরুষ সদস্য পরিবারের কিশোরীদের সংখ্যা সবচেয়ে বেশী অর্থাৎ মোট কিশোরী পরিবারের ৫২.৭ %, পাশাপাশি ১.৮ % কিশোরী পবিবার রয়েছে যেখানে কোন পুরুষ সদস্য নেই অর্থাৎ ঐ কিশোরীদের বাবা নেই যেখানে তাদের মা'ই হয়তো পরিবারের প্রধান একমাত্র আয়ের উৎস। অন্য দিকে ১ জন পুরুষ পরিবারের কিশোরীদের সংখ্যা দ্বিতীয় বৃহত্তম, যা মোট কিশোরীদের ৩৬.৪ %। ৫-৬ জন পুরুষ সদস্য পরিবারের কিশোরীদের সংখ্যা সবচেয়ে কম অর্থাৎ মোট কিশোরী পরিবারের ১৮.৮ %। বিশ্লেষনে দেখা যায় যে কিশোরীসংঘ পরিবারে ১-২ জন পুরুষ সদস্য সংখ্যাই বেশী, যা ছোট ও সুখী পরিকল্পিত পরিবারের দিক নির্দেশিত।

### ৩.১৩.৩.৪ কিশোরী সংঘের সদস্যদের পরিবারের মহিলা সদস্যদের সংখ্যা

| সারণী ৩.২২: কিশোরী সংঘের সদস্যদের পরিবারের মহিলা সদস্যদের সংখ্যা | | |
|---|---|---|
| পরিবারের সদস্য সংখ্যা | কিশোরীদের সংখ্যা | শতকরা |
| ২ | ১৬ | ২৯.১ |
| ৩ | ২৩ | ৪১.৮ |
| ৪ | ১৩ | ২৩.৬ |
| ৫ | ১ | ১৮.৮ |
| ৬ | ১ | ১৮.৮ |
| ৭ | ১ | ১৮.৮ |
| মোট | ৫৫ | ১০০ |

উপরোক্ত সারণীতে দেখা যায় যে, ৩ জন মহিলা সদস্য পরিবারের কিশোরীদের সংখ্যা সবচেয়ে বেশী অর্থাৎ মোট কিশোরী পরিবারের ৪১.৮%, পাশাপাশি ৫-৭ জন মহিলা সদস্য বিশিষ্ট কিশোরী পবিবার রয়েছে ১.৮% যেখানে মহিলা সদস্য সবচেয়ে বেশী, অর্থাৎ ঐ কিশোরীদের পরিবার যৌথ পরিবার। বিশ্লেষনে দেখা যায় যে কিশোরী সংঘ পরিবারে মহিলা সদস্য নেই বা পরিবারের মা নেই এমন কোন পরিবার নেই।

### ৩.১৩.৩.৫ কিশোরী সংঘের সদস্যদের পরিবারের স্কুলগামী ভাই ও বোনের সংখ্যা

| সারণী ৩.২৩: কিশোরী সংঘের সদস্যদের পরিবারের স্কুলগামী ভাই ও বোনের সংখ্যা | | | | | |
|---|---|---|---|---|---|
| | ভাই | | বোন | | |
| পরিবারের সদস্য সংখ্যা | কিশোরীদের সংখ্যা | শতকরা | পরিবারের সদস্য সংখ্যা | কিশোরীদের সংখ্যা | শতকরা |
| ০ | ৩১ | ৫৬.৪ | ০ | ৯ | ১৬.৪ |
| ১ | ২৩ | ৪১.৮ | ১ | ৩২ | ৫৮.২ |
| ২ | ১ | ১.৮ | ২ | ১৩ | ২৩.৬ |
| | | | ৩ | ১ | ১.৮ |
| মোট | ৫৫ | ১০০ | | ৫৫ | ১০০ |

উপরোক্ত সারণী বিশ্লেষনে দেখা যায় যে, কিশোরী সংঘের সদস্য পরিবারের মধ্যে ৫৬.৪ % কিশোরী পরিবার রয়েছে যেখানে কোন স্কুলগামী ছেলে সন্তান নেই। পাশাপাশি ১৬.৪ % কিশোরী পরিবার রয়েছে যেখানে একমাত্র ঐ কিশোরী ছাড়া কোন দ্বিতীয় স্কুলগামী মেয়ে সন্তান নেই । এ ছাড়া সবচেয়ে বেশী অর্থাৎ ৫৮.২% কিশোরীদের পরিবরে ঐ কিশোরী ছাড়াও ১ জন স্কুলগামী মেয়ে সন্তান রয়েছে , এবং ৪১.৮ % পরিবারে ১জন স্কুগামী ছেলে সন্তান আছে, এতে প্রতীয়মান হয় যে প্রকল্প এলাকায় স্কুলগামী ছেলে সন্তান এর চেয়ে মেয়ে সন্তানের সংখ্যা বেশী, যা নারী শিক্ষা তথা নারী ক্ষমতায়ন এর দিক নির্দেশ করে। এছাড়া ১.৮% মেয়ে সন্তান রয়েছে যাদের পরিবারে কমপক্ষে ৩জন স্কুলগামী মেয়ে সন্তান রয়েছে, যা নারী শিক্ষাকে সবচেয়ে উৎসাহিত করে।

### ৩.১৩.৩.৬ কিশোরী সংঘের সদস্যদের গড় বয়স

| সারণী ৩.২৪: কিশোরী সংঘের সদস্যদের গড় বয়স ও পরিবারের নারী, পুরুষ, ভাই ও বোনের সংখ্যা | | |
|---|---|---|
| | গড় সংখ্যা | মোট সংখ্যা |
| বয়স | ১৪.২ | ৫৫ |
| পরিবারে মোট পুরুষ সদস্য সংখ্যা | ১.৮ | ৫৫ |
| পরিবারে মোট মহিলা সদস্য সংখ্যা | ৩.১ | ৫৫ |
| পরিবারে মোট স্কুলগামী ভাই/ ছেলে সদস্য সংখ্যা | ০.৫ | ৫৫ |
| পরিবারে মোট স্কুলগামী বোন/ মেয়ে সদস্য সংখ্যা | ১.১ | ৫৫ |

উপরোক্ত সারণী বিশ্লেষণে দেখা যায় যে, কিশোরী সংঘের সদস্যদের বয়স গড়ে ১৪ বছর । এদের পরিবারে মোট পুরুষ সদস্য সংখ্যা গড়ে ২জন ও পরিবারে মোট মহিলা সদস্য সংখ্যা গড়ে ৩ জন, যেখানে গড়ে স্কুলগামী ছেলে সন্তান ০.৫। পাশাপাশি গড়ে যেখানে ১জন স্কুলগামী মেয়ে সন্তান রয়েছে, এতে প্রতীয়মান হয় যে প্রকল্প এলাকায় স্কুলগামী ছেলে সন্তান এর চেয়ে মেয়ে সন্তনের সংখ্যা বেশী , যা নারী শিক্ষা তথা নারী ক্ষমতায়ন এর দিক নির্দেশ করে।

### ৩.১৩.৩.৭ কিশোরী সংঘের সদস্যদের বয়:সন্ধিকাল ব্যবস্থাপনা

| সারণী ৩.২৫: কিশোরী সংঘের সদস্যদের বয়:সন্ধিকাল ব্যবস্থাপনা | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| বিষয় | হ্যাঁ | | না | | মোট | |
| | মোট সংখ্যা | শতকরা | মোট সংখ্যা | শতকরা | মোট সংখ্যা | শতকরা |
| আপনি কি বয়সন্ধিকালীন স্বাস্থ্য পরিচর্যাসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ পেয়েছেন কি না? | ৫৫ | ১০০ | - | - | ৫৫ | ১০০ |
| প্রশিক্ষণকালীন স্যানিটারী ন্যাপকিন ও শিক্ষা উপকরণ বিনামূল্যে প্রদান করা হয় কি না? | ৫৫ | ১০০ | | | ৫৫ | ১০০ |
| প্রশিক্ষক হিসেবে ডাক্তার/ উপজেলা/ জেলা প্রশাসনের কর্মকর্তা উপস্থিত থাকেন কি না? | ৫৫ | ১০০ | | | | |
| আপনি কি মনে করেন প্রশিক্ষণের সময় যথেষ্ট ছিলো? | ৫২ | ৯৪.৫ | ৩ | ৫.৫ | ৫৫ | ১০০ |
| প্রশিক্ষণের কারণে আপনি সচেতন হয়েছেন কি? | ৫৫ | ১০০ | - | - | | |
| প্রশিক্ষণের সংখ্যা আরো বৃদ্ধি করার প্রয়োজন আছে কি? | ৫৫ | ১০০ | | | ৫৫ | ১০০ |
| কিশোরী সংঘভূক্ত হওয়ার পূর্বে আপনি কি কিশোরীদের বয়ঃসন্ধিকালীন পরিবর্তন সম্পর্কে অবহিত ছিলেন? | ১২ | ২১.৮ | ৪৩ | ৭৮.২ | ৫৫ | ১০০ |
| কিশোরী সংঘভূক্ত হওয়ার পর আপনি কি কিশোরীদের বয়ঃসন্ধিকালীন পরিবর্তন সম্পর্কে অবহিত ? | ৫৪ | ৯৮.২ | ১ | ০.৮ | ৫৫ | ১০০ |
| কিশোরী সংঘভূক্ত হওয়ার পূর্বে আপনি কি নিয়মিত স্যানিটারী ন্যাপকিন ব্যবহার করতেন? | ৯ | ১৬.৭ | ৪৬ | ৮৩.৩ | ৫৫ | ১০০ |
| বর্তমানে স্যানিটারী ন্যাপকিন ব্যবহার করছেন ? | ৫৫ | ১০০ | | | ৫৫ | ১০০ |
| কিশোরী স্বাস্থ্য বিষয়ক প্রশিক্ষণে আপনি কি উপকৃত হয়েছেন | ৫৫ | ১০০ | | | ৫৫ | ১০০ |
| আপনি কি এখন বয়সন্ধিকালীন পরিবর্তনসমূহের সাথে খাপখাইয়ে নেয়ার জন্য মানসিকভাবে প্রস্তত ? | ৫৫ | ১০০ | | | ৫৫ | ১০০ |

উপরোক্ত সারণী বিশ্লেষণে দেখা যায় যে, শতকরা ১০০ ভাগ বলেন প্রশিক্ষণকালীন স্যানিটারী ন্যাপকিন ও শিক্ষা উপকরণ বিনামূল্যে প্রদান করা হয়। শতকরা ৯৫ ভাগ মনে করেন প্রশিক্ষণের সময় যথেষ্ট ছিলো । শতকরা মাত্র ১৭% কিশোরী প্রশিক্ষণের পূর্বে স্যানিটারী ন্যাপকিন ব্যবহার করতেন বর্তমানে যার হার ১০০%। শতকরা ১০০% কিশোরী মনে করেন কিশোরী স্বাস্থ্য বিষয়ক প্রশিক্ষণে উপকৃত হয়েছেন এবং এখন তারা বয়সন্ধিকালীন পরিবর্তনসমূহের সাথে খাপ খাইয়ে নেয়ার জন্য মানসিকভাবে প্রস্তত।




চিত্র ৩.৮ কিশোরী সংঘের সদস্যদের বয়:সন্ধিকাল ব্যবস্থাপনা

### ৩.১৩.৩.৮ কিশোরী সংঘের সদস্যদের ইভটিজিং ও বাল্য বিবাহ প্রতিরোধ ব্যবস্থাপনা

সারণী ৩.২৬: কিশোরী সংঘের সদস্যদের ইভটিজিং ও বাল্য বিবাহ প্রতিরোধ ব্যবস্থাপনা

| বিষয় | হ্যাঁ | | না | | মোট | |
|---|---|---|---|---|---|---|
| | মোট সংখ্যা | শতকরা | মোট সংখ্যা | শতকরা | মোট সংখ্যা | শতকরা |
| কিশোরী সংঘভূক্ত হওয়ার পূর্বে আপনি কি ইভটিজিং এর ভয়ে ভীত ছিলেন? | ৫২ | ৯৪.৫ | ৩ | ৫.৫ | ৫৫ | ১০০ |
| বর্তমানে আপনি কি সংঘবদ্ধভাবে ইভটিজিং প্রতিরোধে সাহসী হয়েছেন? | ৫২ | ৯৪.৫ | ৩ | ৫.৫ | ৫৫ | ১০০ |
| আপনি কি বর্তমানে ইভটিজিং প্রতিরোধে জেলা ও উপজেলা প্রশাসনের সাথে যোগাযোগ করতে অধিক পারদর্শী ? | ৫৫ | ১০০ | | | ৫৫ | ১০০ |
| আপনি কি বর্তমানে ইভটিজিং সম্পর্কিত কোন তথ্য গোপন করেন? | ২ | ৩.৬ | ৫৩ | ৯৬.৪ | ৫৫ | ১০০ |
| কিশোরী সংঘভূক্ত হওয়ার পূর্বে আপনি কি বাল্যবিবাহের কুফল সর্ম্পকে অবগত ছিলেন? | ৫ | ৯.১ | ৫০ | ৯০.৯ | ৫৫ | ১০০ |
| কিশোরী সংঘভূক্ত হওয়ার পূর্বে আপনি কি বাল্যবিবাহ প্রতিরোধে সক্ষম ছিলেন কি না ? | ৪ | ৭.৩ | ৫১ | ৯২.৭ | ৫৫ | ১০০ |
| আপনি কি এখন বাল্যবিবাহের কুফল সর্ম্পকে জানেন ? | ৫৩ | ৯৮.১ | ১ | ১.৯ | ৫৪ | ১০০ |
| আপনি বাল্যবিবাহ না করার বিষয়ে কুফল সর্ম্পকে প্রতিজ্ঞাবদ্ধ কি না ? | ৫৪ | ৯৮.২ | ১ | ১.৮ | ৫৫ | ১০০ |
| বাল্যবিবাহ প্রতিরোধে আপনি এখন প্রশাসনের কর্মকর্তাদের সাথে যোগাযোগ করতে পারেন কি না? | ৫৩ | ৯৬.৪ | ২ | ৩.৬ | ৫৫ | ১০০ |

উপরোক্ত সারণী বিশ্লেষণে দেখা যায় যে, ৯৫ ভাগ শিক্ষার্থী কিশোরী সংঘভুক্ত হওয়ার পূর্বে ইভটিজিং এর ভয়ে ভীত, বাকি মাত্র ৫ ভাগ সাহসী ছিলেন। বর্তমানে প্রশিক্ষণ পেয়ে এ চিত্র সম্পূর্ন বিপরীত, অর্থাৎ ৫ ভাগ কিশোরী ইভটিজিং এর ভয়ে ভীত, বাকি মাত্র ৯৫ ভাগ সাহসী হয়েছেন, এ ছাড়া শতভাগ কিশোরী ইভটিজিং প্রতিরোধে জেলা ও উপজেলা প্রশাসনের সাথে যোগাযোগ করতে সক্ষম। আর প্রশিক্ষণ পাওয়ার পূর্বে বাল্যবিবাহ কুফল সর্ম্পকে মাত্র ৯ভাগ কিশোরী অবগত ছিল। অপরদিকে প্রশিক্ষণ পাওয়ার পর ৯৮ ভাগ কিশোরী বাল্যবিবাহের কুফল সর্ম্পকে অবগত হয়েছে।




চিত্র ৩.৯: কিশোরী সংঘের সদস্যদের ইভটিজিং প্রতিরোধ ব্যবস্থাপনা




চিত্র ৩.১০: কিশোরী সংঘের সদস্যদের বাল্য বিবাহ প্রতিরোধ ব্যবস্থাপনা

### ৩.১৩.৩.৯ কিশোরী সংঘের সদস্যদের সঞ্চয়/সরকারী প্রণোদনা ব্যবস্থাপনা

| সারণী ৩.২৭:কিশোরী সংঘের সদস্যদের সঞ্চয়/সরকারী প্রণোদনা ব্যবস্থাপনা | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | হ্যাঁ | | না | | মোট | |
| | মোট সংখ্যা | শতকরা | মোট সংখ্যা | শতকরা | মোট সংখ্যা | শতকরা |
| আপনি কি কিশোরী সংঘভূক্ত হওয়ার পূর্বে সঞ্চয় করতেন ? | ৩ | ৫.৫ | ৫২ | ৯৪.৫ | ৫৫ | ১০০ |
| আপনি কি বর্তমানে নিযমিত সঞ্চয় করেন ? | ৫৪ | ৯৮.২ | ১ | ১.৮ | ৫৫ | ১০০ |
| সঞ্চয় জমার ক্ষেত্রে পারিবারিকভাবে কোন সমস্যার সৃষ্টি হচ্ছে না? | ৩ | ৫.৬ | ৫১ | ৯৪ | ৫৪ | ১০০ |
| জমাকৃত সঞ্চয়ের বিপরীতে দ্বিগুন হারে সরকারী প্রণোদনা বিষয়ে আপনি অবগত কি না? | ৫৫ | ১০০ | | | ৫৫ | ১০০ |
| ১৮ বছর পূরণ হওয়ার পূর্বে বাল্য বিবাহ করলে সরকারী প্রণোদনার অর্থ প্রাপ্ত না হওয়ার বিষয়ে আপনি অবগত ? | ৫৪ | ৯৮.২ | ১ | ১.৮ | ৫৫ | ১০০ |

উপরোক্ত সারণী বিশ্লেষণে দেখা যায় যে, ৯৫ ভাগ শিক্ষার্থী কিশোরী সংঘভুক্ত হওয়ার পূর্বে সঞ্চয় করতেন না, বাকি মাত্র ৫ ভাগ সঞ্চয় করতেন । বর্তমানে প্রশিক্ষণ পেয়ে ৯৫ ভাগ কিশোরীই সঞ্চয় করেন বাকি মাত্র ৫ ভাগ করেন না এমনকি তাদের পারিবারিকভাবে কোন সমস্যা দেখা দেয়নি, এ ছাড়া প্রশিক্ষণ পাওয়ার পর শতভাগ কিশোরী সরকারী প্রণোদনা বিষয়ে সর্ম্পকে অবগত হয়েছে।




চিত্র ৩.১১:কিশোরী সংঘের সদস্যদের সঞ্চয়/সরকারী প্রণোদনা ব্যবস্থাপনা

## ৩.১৪ এফজিডি'র মাধ্যমে প্রাপ্ত ফলাফল বিশ্লেষণ

সমীক্ষার গুণগত জরিপের অংশ হিসেবে প্রকল্পের আওতায় ১৭ টি উপজেলায় মোট ১৭ টি এফজিডি করা হয়েছে। এফজিডি-তে বিভিন্ন প্রকার প্রশিক্ষণগ্রহণকারী অংশগ্রহণ করেন।

সভায় উপস্থিত সকলেই মত প্রকাশ করেন যে, আলোচ্য প্রকল্পের মাধ্যমে তাদের কারিগরি দক্ষতা বৃদ্ধি পেয়েছে, তারা স্বাবলম্বী হয়েছেন, তাদের আয়ের ক্ষেত্র বৃদ্ধি পেয়েছে এবং তারা পরিবারের আয় বৃদ্ধিতে সহযোগিতা করতে পারছেন। এছাড়া কেউ কেউ মত দেন যে এই প্রকল্পের আওতায় গৃহীত প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে বেকারত্ব দূর হয়েছে।

উপস্থিত সকলেই এই প্রকল্পের মাধ্যমে প্রশিক্ষণের ক্ষেত্র তৈরি হওয়াতে আর্থিকভাবে লাভবান হয়েছেন। কৃষিক্ষেত্রে প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে উৎপাদন বৃদ্ধি পাওয়ায় আয়ও বৃদ্ধি পেয়েছে এবং তারা আর্থিকভাবে লাভবান হয়েছেন।

এফজিডিতে অংশগ্রহণকারী সকলেই মনে করেন প্রশিক্ষণপ্রাপ্তির মাধ্যমে নারীর ক্ষমতায়ন হয়েছে। নারীরা অতীতের তুলনায় অধিক পরিমাণে নিজেদেরকে আয়বর্ধক কার্যক্রমে নিয়োগ করতে পারছেন বলে মতামত দিয়েছেন। এফজিডিসমূহে উপস্থিত অধিকাংশ মানুষই সমবায় সমিতির মাধ্যমে গ্রুপ গঠন করে প্রশিক্ষণ গ্রহণ করেছেন গ্রুপ গঠনের ফলে একাধিক প্রশিক্ষণার্থীর অংশগ্রহণ নিশ্চিত হয়েছে এবং তারা একই সাথে প্রশিক্ষণ পেয়েছেন।

প্রকল্পের আওতায় ঋণ কার্যক্রম থাকায় তাই প্রকল্পের আওতায় প্রশিক্ষণ গ্রহণের পর তারা ঋণ পেয়েছেন এবং তারা এই ঋণ দিয়ে নিজে উদ্যোক্তা হিসেবে ব্যবসা শুরু করেছেন এবং এর মাধ্যমে লাভবানও হয়েছেন। তারা পরবর্তীতে ঋণ পরিশোধ ও করেছেন। তাদের মধ্যে কেউ কেউ ঋণের কিস্তির সংখ্যা বৃদ্ধির জন্য অনুরোধ করেছেন এবং কেউ কেউ পারিবারিক বিপর্যয়, দুর্যোগ ইত্যাদি কারণে ঠিক সময় মত ঋণ পরিশোধে ব্যর্থ হওয়ার কথা জানিয়েছেন। তারা ঋণের সুদ মউকুফ ও ঋণ পুনঃতফসিলিকরণের আবেদন জানিয়েছেন।

এফজিডি তে অংশগ্রহণকারীদের অনেকেই মত দেন যে প্রশিক্ষণের মাধ্যমে অর্জিত শিক্ষা বাস্তবে প্রয়োগ করতে গিয়ে তারা নানাবিধ অসুবিধার সম্মুখীন হন। তাই প্রশিক্ষণের পর বাস্তব প্রয়োগের সময় আর একটি follow up প্রশিক্ষণের ব্যবস্থা থাকলে তারা আরও লাভবান হবেন বলে মনে করেন।
এফজিডিতে অংশগ্রহণকারী সকলেই প্রকল্পের সবলদিক, দুর্বলদিক, সুযোগ ও ঝুঁকি সম্পর্কে মত প্রদান করেছেন। সবলদিকের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে প্রকল্পটি অংশগ্রহণকারীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে দিচ্ছে। দুর্বলদিক এর মধ্যে সর্বাধিক আলোচিত হচ্ছে প্রশিক্ষণ গ্রহণের পর হাতে কলমে বাস্তবায়নের সময় কোন follow up প্রশিক্ষণের ব্যবস্থা না থাকা।

প্রকল্পের ঝুঁকি সম্পর্কে এফজিডতে অংশগ্রহণকারীগণ মনে করেন যে প্রশিক্ষণ গ্রহণকারীরা এ সংক্রান্ত কাজে নিয়োজিত না হলে এর সুফল আসবে না।




চিত্র ৩.১২: সমীক্ষার আওতায় এফজিডি আয়োজনের স্থিরচিত্র

## ৩.১৫ KII এর মাধ্যমে প্রাপ্ত ফলাফল বিশ্লেষণ

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার গুণগত জরিপের অংশ হিসেবে প্রকল্পের আওতায় বিআরডিবির কর্মকর্তা ও উপজেলা নির্বাহী কর্মকর্তাগণের সাক্ষাৎকার নেয়া হয়েছে।

তাদের প্রত্যেকেই মনে করেন করেন এই প্রকল্পের ফলে প্রশিক্ষণ প্রাপ্ত মানুষের আয় বৃদ্ধি পেয়েছে, হলে স্ব-কর্মসংস্থান ও আয়বর্ধক কার্যাবলী বৃদ্ধি পাবে, ম্যাইক্রো ফাইন্যান্স প্রতিষ্ঠানসমূহের সাথে সার্বক্ষণিক সংযোগ সৃষ্টি হবে, নিরাপদ মাতৃত্ব ও শিশু কল্যাণ সেবা, স্বাস্থ্য ও পয়ঃনিস্কাশন ব্যবস্থার উন্নয়ন হবে, হলে বৃক্ষরোপণ, প্রাণিসম্পদ তথা গবাদি পশু, হাঁস-মুরগি ও মৎস্য সম্পদের উন্নয়ন ঘটবে।

উপজেলা নির্বাহী কর্মকর্তাগণের অধিকাংশ মনে করেন সমিতিতে অন্তর্ভুক্ত সকলকে সুবিধাজনক আইজিএ এর আওতায় এনে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে এবং প্রশিক্ষণের পর চাহিদা অনুযায়ী ঋণ প্রদানের ব্যবস্থা করতে হবে। তাদের মধ্যে কেউ কেউ উপজেলার প্রতিটি স্কুলে কিশোরী সংঘ গঠন এবং প্রতি মাসে তাদের জন্য সচেতনতামূলক প্রশিক্ষণ কার্যক্রম আয়োজনের দাবি জানান।

প্রকল্পটি পিছিয়ে পড়া গ্রামীণ মহিলাদের সমিতিভুক্ত করে তাদের আয়বর্ধনমুলক ও সচেতনতা মুলক প্রশিক্ষণ প্রদান করে দারিদ্র বিমোচন ও আর্থিক সচ্ছলতা বৃদ্ধি করছে । তাছাড়া স্কুল পর্যায়ে কিশোরীদের সচেতনতা মুলক প্রশিক্ষণ প্রদান, বিনামুল্যে স্যানিটারি ন্যাপকিন বিতরণ ও শিক্ষা উপকরন প্রদান, দ্বিগুন হারে সঞ্চয় প্রনোদনা প্রদান কার্যক্রম কিশোরীদের শতভাগ বাল্য বিবাহ প্রতিরোধে যুগান্তকারী পদক্ষেপ । তবে স্বাস্থ্য ও শিক্ষা উপকরনের বরাদ্ধ ১৫০/- টাকায় মান সম্পন্ন সামগ্রী সংগ্রহ অসম্ভব । সুতরাং তারা এ বাবদ বরাদ্দ বৃদ্ধি করার পক্ষে মত দেন ।

প্রকল্পকে আরো শক্তিশালী করার জন্য তারা আরো উন্নত ধরনের প্রশিক্ষণ, প্রশিক্ষণের মেয়াদ বৃদ্ধি, প্রশিক্ষণের জন্য বিভিন্ন আধুনিক সরঞ্জামাদি অন্তর্ভুক্তকরণ, প্রশিক্ষণভাতা বৃদ্ধিকরণ, সমবায় সমিতির সংখ্যা বৃদ্ধিকরণ ইত্যাদি বিষয়ের ওপর জোর দেন।

স্কুলের প্রধান শিক্ষকগনের মতে অভিভাবক ও কিশোরীদের অধিকাংশই বাল্যবিবাহ, যৌতুক ও ইভটিজিং এর কুফল সম্পর্কে অবগত ছিলেন না। উক্ত প্রকল্পের মাধ্যমে কিশোরীদের বাল্যবিবাহ, যৌতুক ও ইভটিজিং এর কুফল সম্পর্কে অবগত হচ্ছে এবং এর মাধ্যমে তাদের মধ্যে সচেতনতা বৃদ্ধি পাচ্ছে। তারা এখন বাল্যবিবাহ ও ইভটিজিং এর স্বীকার হতে নিজেরাই এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে পারছে। প্রশিক্ষণ প্রদানের ফলে কিশোরীদের মধ্যে বয়ঃসন্ধিকালীন পরিবর্তন সম্পর্কে ইতিবাচক প্রভাব পড়ছে। তাছাড়া প্রকল্প গ্রহণের কারণে কিশোরীদের মধ্যে সঞ্চয় জমাকরণের আগ্রহ বৃদ্ধি পেয়েছে।

প্রকল্প দপ্তর পরিদর্শন ও প্রকল্প কর্মকর্তাদের সঙ্গে আলোচনা করে জানা যায় যে, প্রকল্পের সকল কার্যক্রম অনলাইন সফটওয়্যারের মাধ্যমে পরিচালিত হয়। এর ফলে সুফলভোগী সদস্যদের যাবতীয় ব্যক্তিগত তথ্য, প্রশিক্ষণ ও ঋণ সংক্রান্ত তথ্যসহ অন্যান্য সকল তথ্য যে কোন প্রান্ত থেকে প্রাপ্তির সুযোগ প্রসারিত হয়েছে। যার ফলশ্রুতিতে প্রকল্প কার্যক্রমে আর্থিক স্বচ্ছতা ও জোরদার মনিটরিং পরিলক্ষিত হয়েছে।

## ৩.১৬ প্রকেল্পর সাফল্যগাথা (Success stories)

**কেস স্টাডি-১:**

### বিউটি'র সফলতার কাহিনী

বিউটি , স্বামী- সোয়েব, গ্রাম-বড়খড়ি , ডাকঘর- সত্যপুর, উপজেলা- মাগুরা সদর, জেলা- মাগুরা। জাতীয় পরিচয় পত্র নং- ৭৩৪০৩০৯৪৫৪। তিনি বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের আওতাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো) প্রকল্পের একজন সদস্য। উক্ত প্রকল্পের সদস্য হওয়ার পূর্বে বিউটি ছিলেন অসহায়, সম্বলহীন, দরিদ্র পরিবারের গৃহবধু। তার পরিবারের অর্থনৈতিক অবস্থা ছিল অত্যন্ত দরিদ্র, তিন বেলা খেতে পারতেন না, তার স্বামী ছিল একজন ভ্যান চালক। স্বামী-স্ত্রী এবং দুই ছেলেকে নিয়ে তার সংসার। তাই একজনের আয়ে সংসার চালাতে তাদের হিমসিম খেতে হতো । বাড়ীতে টিনের ঘর ছিল, তার নিজের কোন কর্ম ছিল না। এমতাবস্থায় ইরেসপো প্রকল্পের মাঠ সংগঠক হোসনেয়ারা খাতুনের সাথে তার সাক্ষাৎ হয়। সমিতি সম্পর্কে তার কাছে জানতে পেরে ২০ জন মহিলা একত্রিত করে বড়খড়ি মধ্য পাড়া পল্লী উন্নয়ন মহিলা সমিতি নামে একটি সমিতি গঠন করেন। এরপর সমিতির উঠান বৈঠকের মাধ্যমে সে প্রথম উক্ত প্রকল্পের বিভিন্ন সুযোগসুবিধা সম্পর্কে প্রাথমিক ধারনা লাভ করেন এবং বড়খড়ি মধ্য পাড়া পল্লী উন্নয়ন মহিলা সমিতি'র সদস্যরা তাকে সমিতির ম্যানেজার পদের দায়িত্ব প্রদান করেন। এর পরে তিনি ইরেসপো প্রকল্প হতে মাশরুম চাষের উপর স্বল্প মেয়াদে ০৩দিন হাতে কলমে ব্যবহারিকসহ প্রশিক্ষণ গ্রহণ করেন। উক্ত প্রশিক্ষণে তিনি মাশরুম চাষের প্রতি দারুনভাবে উদ্বুদ্ধ হন। নিজের স্বল্প পুঁজি ছিল আর ইরেসপো প্রকল্প থেকে প্রথম দফায় ৩০,০০০/- টাকা ঋণ নিয়ে বাড়ীতে স্বল্প পরিসরে একটি মাশরুম খামার গড়ে তোলেন। ইরেসপো প্রকল্পের প্রশিক্ষণের ফলে তার উপজেলা কৃষি অফিসের সাথে সার্বক্ষনিক যোগাযোগের ক্ষেত্র তৈরী হয়। এর ফলে মাশরুম চাষের উপর তার সফলতা আসতে শুরু করে।



তিনি ১৫০ টাকা কেজি দরে কাঁচা মাশরুম ও ১০০০/-কেজি দরে শুকনা মাশরুম বিক্রি করে মাসে তার প্রায় ১৫০০০/-টাকা আয় হয়। ফলে তার সংসারের স্বচ্ছলতা আসতে শুরু করে এবং ঋণের টাকা কিস্তিতে পরিশোধ করেন। এভাবে তার ভেতর আত্নবিশ্বাস তৈরি হয় এবং মারশুম চাষ অনেক লাভজনক হওয়ায় পরবর্তীতে তিনি ২০২২ সালে প্রকল্প ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ হিসেবে ১,২৫,০০০/- টাকা ঋণ গ্রহণ করে বড় আকারে একটি মাশরুম খামার গড়ে তুলেন। বর্তমানে তার জমাকৃত সঞ্চয়ের পরিমান ১৭৩৯৫/- টাকা। তার মাশরুম চাষে উদ্বুদ্ধ হয়ে আশে পাশে আরও অনেক মহিলা মাশরুম চাষ শুরু করেছেন। তাদের উৎপাদিত মাশরুম স্থানীয় বাজারসহ দেশের বিভিন্ন স্থানে বিক্রি হয়। মাশরুমের চাহিদা দিন দিন বৃদ্ধি পাওয়ার ফলে বিউটির নেতৃত্বে গ্রামের অনেক মহিলাই মাশরুম চাষে উদ্বুদ্ধ হচ্ছে। মাশরুম চাষ করে ক্রমেই বিউটির উন্নতি হতে থাকে। আগে টিনের ঘর ছিল, তিন বেলা খেতে পারত না। এখন মাশরুম বিক্রি করে আধা পাকা টিনের বাড়ি করেছেন,বাড়িতে স্যানিটারী টয়লেটসহ অন্যান্য স্থাপনা তৈরি করেছেন। এখন তাদের সুখের দিন ফিরে এসেছে। ছেলে ও মেয়েকে ভালো স্কুলে পড়াচ্ছেন। স্বামী এবং ছেলের সহযোগিতায় বিউটি তার মাশরুম খামার ক্রমেই সম্প্রশারন করছেন। বর্তমানে কাঁচা এবং শুকনা মাশরুম বিক্রি করে বিউটি মাসে প্রায় ২০,০০০/-টাকা আয় করেন । তার পরামর্শে এবং প্রচেষ্ঠায় অনেক বেকার মহিলার কর্মসংস্থান হয়েছে। গ্রামে এখন সবাই বিউটিকে আদর্শ নারী হিসাবে ভাবে। সমাজ এবং পরিবারে তার মূল্যায়ন



বেড়েছে। ইরেসপো প্রকল্পের সহযোগীতায় জেলা/উপজেলা প্রশাসনসহ সরকারের বিভিন্ন  জাতিগঠন মূলক দপ্তরের সাথে তার যোগাযোগ স্থাপিত হয়েছে। বিউটি বর্তমানে মাগুরা সদর উপজেলার একজন আদর্শ মহিলা উদ্যোক্তা। তিনি সমাজে অনুকরনীয় ও অনুসরনীয়।

**<u>কেস স্টাডি-২:</u>**

## রাজিয়া'র সফলতার কাহিনী

রাজিয়া, স্বামী- মোকছেদ বোদ্য, গ্রাম- চকহাদীপুর, ডাকঘর- আস্কারপুর, উপজেলা- দেবহাটা, জেলা- সাতক্ষীরা। জাতীয় পরিচয় পত্র নং ৮৭১২৫৪৭৫৪৪০২৩ । তিনি বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের আওতাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো) প্রকল্পের একজন সদস্য। উক্ত প্রকল্পের সদস্য হওয়ার পূর্বে তিনি ছিলেন অসহায় ও দরিদ্র পরিবারের গৃহবধু। তার পরিবারের অর্থনৈতিক অবস্থা অনেক খারাপ ছিল, তিন বেলা খাবার জোগার করার জন্য অনেক সংগ্রাম করতে হতো কারণ তার স্বামী ছিল একজন দিন মজুর। তাই তার স্বামী যেদিন কাজ পেতো সেইদিন তাদের তিন বেলার আহার হতো। একজনের অনিয়মিত আয়ে কোন ভাবেই সংসার চালাতে পারতেন না। তিনি নিজে গৃহিনী ছিলেন।  ইরেসপো প্রকল্পের মাঠ সংগঠকের উঠান বৈঠকের মাধ্যমে সে প্রথম উক্ত প্রকল্পের বিভিন্ন সুযোগসুবিধা সম্পর্কে প্রাথমিক ধারনা লাভ করে আস্কারপুর পল্লী উন্নয়ন মহিলা সমিতিতে প্রাথমিক সদস্য হিসাবে ৩১/০১/২০২২খিঃ তারিখে অন্তভুক্ত হন। পরবর্তীতে তিনি ইরেসপো প্রকল্প হইতে হস্তশিল্প বাঁশের সামগ্রী তৈরীর উপর স্বল্প মেয়াদী প্রশিক্ষণ গ্রহন করেন। এতে তিনি বাঁশ ও সুতা দিয়ে তৈরি মাছ ধরার আটল তৈরীর দক্ষতা অর্জন করেন। প্রশিক্ষণ পরবর্তীতে তিনি সর্বপ্রথম ৩০/০৩/২০২২খিঃ তারিখে ইরেসপো প্রকল্প হতে ৩০,০০০/- টাকা ঋণ গ্রহণ করে বাঁশ এবং সুতা ক্রয় করে নিজ উদ্যোগে বাঁশের সামগ্রী তৈরি ও স্থানীয় বাজারে বিক্রয় শুরু করেন।



ইরেসপো প্রকল্প হইতে প্রশিক্ষণের ফলে উপজেলা প্রশাসনসহ আটল বিক্রির বিভিন্ন বাজার সম্পর্কে তার ধারনা লাভ হয় এবং তাহার আটল বিক্রি বাড়তে থাকে। এমতাবস্থায় তিনি ২২/০২/২০২৩ খ্রিঃ তারিখে পরিবারের আয় এবং আটলের ব্যবসা আরো বৃদ্ধির জন্য ইরেসপো প্রকল্প হইতে ১,২৫,০০০/- টাকা ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ গ্রহন করে আটল তৈরীর মালামাল বাঁশ ও সুতা মজুত করেন এবং আটল বিক্রির পাইকারী কারবার শুরু করেন। তিনি ইরেসপো প্রকল্প হইতে সর্বমোট ১,৫৫,০০০/- টাকা ঋণ গ্রহন করেন এবং তাহার বর্তমানে সঞ্চয় জমা আছে ১৯,১৫০/- টাকা। তিনি আটল বিক্রি করার জন্য বাড়ীতে একটি দোকান দেন এবং একজন লোক নিয়োগ দেন। রাজিয়ার পূর্বে তেমন আয় ছিল না। বর্তমানে মাসে তিনি প্রায় ১২,০০০/- টাকা করে আয় করেন। নিজের কর্মসংস্থানের পাশাপাশি অন্য আর এক জনকে কর্মসংস্থানের ব্যবস্থা করে দেন। তার সন্তানরা স্কুলে যায় তাকে দেখে অনেকে আটল তৈরীর কাজে যুক্ত হয়েছেন। বর্তমানে উক্ত আস্কারপুর গ্রামে অনেক মহিলা আটল তৈরী কাজে যুক্ত। এ কাজে তিনি নিজ উদ্যোগে অন্যান্যদের শিখিয়ে উক্ত গ্রামের আরও প্রায় ৪০/৫০ জন মহিলাকে আটল তৈরীর কাজে যুক্ত করেন এবং এর ফলে তারা প্রত্যেকে দৈনিক জন প্রতি ৩০০/- টাকা করে রোজগার করছেন। যেহেতু উক্ত গ্রামের একই জায়গায় অনেক আটল তৈরী হয় সেই জন্য বাইরের ক্রেতারা আটল ক্রয়ের জন্য আস্কারপুর গ্রামে আসে। পরিবহন ও যোগাযোগ ব্যবস্থা ভাল হওয়ায় সহজেই আটল ক্রয় করে বাইরে নিয়ে যায়। বর্তমানে আস্কারপুর গ্রাম একটি আটল তৈরীর গ্রাম হিসাবে অত্র এলাকায় পরিচিতি লাভ করেছে। রাজিয়ার কারনে উক্ত গ্রামের অন্যান্য মহিলাদের কর্মসংস্থান ও আয়ের



সুযোগ সৃষ্টি হয়েছে তাই গ্রামের সবাই রাজিয়াকে সম্মান করে এবং রাজিয়ার নেতৃত্ব সবাই মেনে চলে। তিনি নিজে ও অন্যান্য মহিলাদের আয় এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেছেন। রাজিয়া বর্তমানে দেবহাটা উপজেলার একজন আদর্শ মহিলা উদ্যোক্তা।

**কেস স্টাডি-৩:**

## সীমা রানীর সফলতার কাহিনী

পটুয়াখালী জেলার বাউফল উপজেলার প্রত্যন্ত অঞ্চলে একটি ইউনিয়ন মদনপুরার পালপাড়ার বাসিন্দা সীমা রানী। তার জাতীয় পরিচয় পত্র নম্বর-১৯৭৬৭৮১৩৮৭৭৯২৬৭৯০ । তিনি বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের আওতাধীন "দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো) প্রকল্পের" একজন সদস্য। দরিদ্র পরিবারের বেকার যুবক সমির পালের সাথে তার বিয়ে হয়। খুবই আর্থিক সমস্যায় তাদের দিন কাটে। তার পরিবারে অবস্থা ছিল অত্যান্ত দরিদ্র। তিন বেলা ভালভাবে খেয়ে পড়ে দিন কাটানো ছিল দুঃসাধ্য। ইতিমধ্যে সীমার কোলজুড়ে আসে একটি মেয়ে। সংসারে খরচ বাড়লেও আয় বাড়েনি। সীমা রানী অভাবের করাল গ্রাস থেকে রক্ষা পাওয়ার জন্য উপায় খুঁজতেছিলেন। স্বামীর কাছ থেকে মাটির হাঁড়ি পাতিল বানানো শিখে নিজের জমানো সম্বল দিয়ে কোন রকম মাটির হাঁড়ি পাতিল বানিয়ে স্থানীয় বাজারে বিক্রি করে দিনাতিপাত করতেন। তার হাতে নিপুন ছোয়ায় তিনি সুন্দর মাটির হাঁড়ি পাতিল বানাতে পারলেও এটাকে শিল্পে রূপ দেয়ার জন্য এবং লাভজনক ব্যবসায় রুপান্তরের জন্য তার কাছে কোন নগদ অর্থের সংস্থান ছিল না। এছাড়া বানিজ্যিকভাবে চাহিদানুযায়ী নকশাঁ তৈরি ও অন্যান্য বিষয়ে দক্ষতার ঘাটতি ছিল। তাছাড়া করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারনে তাদের আর্থিক অবস্থা খরাপ হয়ে যায় এবং স্থবির হয়ে যায় সীমার জীবনযাত্রা। কোন রকম খেয়ে না খেয়ে করোনা পরিস্থিতির সামাল দিয়েছিল সীমা রানী। এমনি অবস্থায় সীমা রানী তার এক প্রতিবেশির কাছে জানতে পারলেন বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের আওতায় পালপাড়া মহিলা সমিতি নামে একটি সমিতির কার্যক্রম পরিচালিত হচ্ছে এবং শুধুমাত্র মহিলাদের উন্নয়নের জন্য প্রশিক্ষণ ও ঋণ সহায়তা প্রদান করা হয়। উক্ত সমিতির মাঠসংগঠকের সাথে আলাপ করে দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানতে পারেন। সব কিছু জানার পর সীমা রানী সমিতির একজন সদস্য হন। সদস্য হওয়ার পর থেকে সমিতির নিয়ম অনুযায়ী সভায় উপস্থিত থেকে নিয়মিত সঞ্চয় জমা করতে থাকেন। সমিতির সদস্য হওয়ার কারনে তাঁর উপজেলায় যাতায়াত বৃদ্ধি পাওয়ায় উপজেলা প্রশাসন কর্তৃক তাকে যুগপোযুগি মাটির সামগ্রী তৈরির বিষয়ে পরামর্শ ও বানিজ্যিকভাবে কাজ করে স্বাবলম্বি হওয়ার বিষয়ে উৎসাহিত করা হয়। সীমা রানীর আগ্রহ ও উদ্যোগে তাকে স্বাবলম্বী করার প্রয়াসে বিআরডিবি'র ইরেসপো প্রকল্প থেকে ২০২২ সালে তাকে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা উদ্যোক্তা ঋণ প্রদান করা হয়।



প্রকল্পের ঋনের টাকা তিনি ব্যবসায় বিনিয়োগ করে অত্যান্ত দক্ষতার সাথে ব্যাপক ভিত্তিক মাটির বাসন, হাড়ি ছাড়াও বর্তমানে ফুলদানি, টব, শোপিচসহ অন্যান্য তৈজসপত্র তৈরি শুরু করেন। তাছাড়া ঋণের টাকা দিয়ে তিনি মাটির তৈরি তৈজসপত্র বানানোর জন্য একটি হুইল মেশিন ক্রয় করে নতুন আঙ্গিকে ব্যবসা শুরু করেন। তার উৎপাদিত পণ্যের গুনগতমান ভালো হওয়ায় তৈরিকৃত ফুলদানি, শোপিস, মাটির ডিনার সেট, কয়েল দানি, টবসহ বিভিন্ন জিনিসপত্র বাউফলে লোকাল বাজারে চাহিদা মিটিয়ে ঢাকার আড়ং এ সরবরাহ করা হয়।



বিগত ০১(এক) বছরের মধ্যে তিনি ব্যবসায় উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছেন। বর্তমানে তিনি এ কাজের জন্য একটি কারখানা স্থাপন করেছেন, যেখানে তিনি স্বামীসহ আরও ০২(দুই) জন মহিলার কর্মসংস্থান সৃষ্টি করেছেন। বর্তমানে তার বাড়িঘর উন্নত করাসহ স্যানেটারি টয়লেট ও ব্যাপক আর্থ-সামাজিক পরিবর্তন সাধিত হয়েছে। সন্তানদের লেখাপড়ার খরচ ও পারিবারিক প্রয়োজনে স্বামীর সাথে তিনি সমানতালে আগাতে পারছেন । মদনপুরা ইউনিয়নের পিছিয়ে পড়া নারীদের কাছে সিমা রানী একজন আদর্শ।নারীদের বিভিন্ন সামাজিক অসংগতির ক্ষেত্রে সিমা রানী একজন প্রতিবাদী চরিত্র।বর্তমানে তিনি একজন সফল উদ্যোক্তা তাই সমাজ ও পরিবার তার মূল্যায়ন করে। তিনি অনুকরণীয় ও অনুসরণীয়।



**<u>কেস স্টাডি-৪:</u>**

**রত্না রানী ঘোষ এর সফল উদ্যোক্তা হওয়ার কাহিনী**

জনাব রত্না রানী ঘোষ, পিতাঃ রাজকুমার ঘোষ, মাতাঃ গঙ্গা রানী ঘোষ, স্বামীঃ সুজিত কুমার ঘোষ, গ্রামঃ বলরামপুর, পোষ্টঃ বলরামপুর, উপজেলাঃ কালিগঞ্জ, জেলাঃ ঝিনাইদহ। জাতীয় পরিচয় পত্রের নম্বরঃ ৮২১৭৯৯৭৯০০। বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প-২য় পর্যায়, কালিগঞ্জ, ঝিনাইদহ এর আওতায় বলরামপুর পল্লী উন্নয়ন মহিলা সমিতির একজন সদস্য। জনাব রত্না রানী ঘোষ স্বামীসহ চার জনের পরিবার। তিনি ছিলেন একজন সাধারণ গৃহিনী। ঝিনাইদহ জেলার অন্তর্গত কালীগঞ্জ উপজেলার বলরামপুর গ্রামের কৃষক সুজিত কুমার ঘোষের সাথে জনাব রত্না রানী ঘোষ এর খুব অল্প বয়সে বিয়ে হয়। বাড়ির জমি ছাড়া চাষাবাদ করার জন্য মাঠে নিজস্ব কোন জমি ছিল না। কৃষি কাজ ও দিনমজুর করে তার স্বামী যে আয় করত তাতে তাদের সংসারে প্রায়ই অভাব-অনটন লেগে থাকত। সুতরাং বাড়তি কিছু আয়ের জন্য তার স্বামী সুজিত কুমার ঘোষ কে প্রায়ই বাইরে থাকতে হত। তারপরও সংসারের অভাব অনটন নিয়ে সুখে-দুখে দিন কাটছিল। কিন্তু নিস্তরঙ্গ জীবনে হঠাৎ ছন্দপতন ঘটে। সংসারের উপার্জনকারী একমাত্র ব্যক্তি তার স্বামী হঠাৎ অসুস্থ্য হয়ে কর্মহীন হয়ে পড়ে। এতে তার আর্থিক অনটন আরও বেড়ে যায়। স্বামীর চিকিৎসা, সংসারের ব্যয় এবং সন্তানদের লেখাপড়ার খরচ সব মিলিয়ে দিশেহারা অবস্থা।



এমন অবস্থায় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)” এর মাঠ সংগঠক পদে কর্মরত জনাব মোছাঃ কনা খাতুন এর সাথে আলাপ হয় রত্না রানী ঘোষের। ঘোর আমানিশার মধ্যে কিঞ্চিত আশার আলো দেখতে পান তিনি। আর বিলম্ব না করে মাঠ সংগঠকের সহায়তায় কালীগঞ্জ বিআরডিবি অফিসে যোগাযোগ করেন রত্না রানী ঘোষ । প্রতিবেশী ২৯ জন দরিদ্র, অসহায় ও সুবিধা বঞ্চিত মহিলা নিয়ে গঠন করেন বলরামপুর মহিলা সমিতি (সমিতির আইডি নং-৪০১৪৩৩-৫৮)। উক্ত সমিতিতে জনাব রত্না রানী ঘোষ এর সদস্য আইডি নং ৪০১৪৩৩-৫৮-২৩। এরপর রত্না রানী ঘোষ উপজেলা পল্লী উন্নয়ন অফিস, কালীগঞ্জ, ঝিনাইদহ কর্তৃক বাস্তবায়িত “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)” এর সহায়তায় কালিগঞ্জ উপজেলা পল্লী ভবনে ০৩ দিনের আইজিএ ভিত্তিক গাভী পালন এর উপর প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রশিক্ষণ পরবর্তীতে উন্নত জাতের গাভী পালনের উদ্যোগ গ্রহণ করেন এবং উদ্যোক্তা ঋণের আবেদন করলে ঋণ সহায়তা হিসাবে গাভী পালন এর উপর

১,২৫,০০০.০০ (এক লক্ষ পচিঁশ হাজার) টাকা ঋণ গ্রহণ করেন। জনাব রত্না রানী ঘোষ এর উদ্যোগে তার নিজ বাড়ীতে তার নের্তৃত্বে ও নির্দেশনায় গরু পালনের জন্য ছোট একটা ঘর তৈরী করেন এবং ০২ টি উন্নত জাতের গাভী ক্রয় করেন। প্রতিদিন ০২ টি গাভী থেকে ১৫ থেকে ১৬ কেজি দুধ আসে। স্থানীয় বাজারে দুধ বিক্রয় করে অর্থ উপার্জন করতে সক্ষম হয়। বর্তমানে তার ০২ টি গাভী ০২ টি বাছুরসহ মোট ০৪ টি গরু আছে। এতে পরিবাবের সকলের উৎসাহ আরও বেড়ে যায়। এছাড়া জনাব রত্না রানী ঘোষ এভাবে সে নিজে একজন সফল ক্ষুদ্র উদ্যোক্তায় পরিনত হয়েছেন। বর্তমানে তার মাসিক আয় ১৫,০০০/- টাকা থেকে ২০,০০০/- টাকা। তার নিজের এবং সমিতির আদায়যোগ্য ঋণের বিপরীতে আদায়ের হার ১০০% । সমিতিতে তার নিজস্ব সঞ্চয় জমার পরিমাণ ৩১,০৫০.০০(একত্রিশ হাজার পঞ্চাশ) টাকা। বতর্মানে তার ০২ টি ছেলেকে স্কুলে লেখাপড়া করাচ্ছেন। লাভের অংশ হতে রত্না রানী ঘোষ ০৩ রুম বিশিষ্ট ০১টি পাঁকা ছাদের বাড়ি তৈরী, স্বাস্থ্যসম্মত পয়ঃনিষ্কাশন ও বিশুদ্ধ খাবার পানির সুব্যবস্থা করেছেন। তিনি বর্তমানে একজন স্বাবলম্বি নারী হওয়ায় সংসারে তার মতামতকে যথেষ্ট গুরুত্ব দেয়া হয়। অদম্য ইচ্ছা, চেষ্টা এবং পরিশ্রমের মাধ্যমে একজন সাধরণ নারীও যে তাঁর দারিদ্র্যতা দুর করে একজন সফল ক্ষুদ্র উদ্যোক্তা হতে পারে তার দৃষ্টান্ত স্থাপন করতে সক্ষম হয়েছেন জনাব রত্না রানী ঘোষ । পরিবার পরিকল্পনা, প্রাথমিক স্বাস্থ্য সচেতনতা, বাল্য বিবাহ, যৌতুক, মাদকের কুফল ও জঙ্গীবাদ সম্পর্কে জনাব রত্না রানী ঘোষ নিজে যেমন সচেতন, প্রতিবেশী মহিলাদেরকেও তেমনি সচেতন করে চলেছেন। ইতোমধ্যে প্রতিবেশীদের নিকট আদর্শ ও অনুকরণীয় হয়ে উঠেছেন তিনি। বর্তমানে তার সংসারে অভাব নেই। আর এজন্য তারা স্বামী স্ত্রী উভয়েই কালীগঞ্জ বিআরডিবি কর্তৃপক্ষের নিকট কৃতজ্ঞ। রত্না রানীর প্রবল ইচ্ছার কাছে দারিদ্র্য হার মেনেছে। তিনি সত্যিই একজন সংগ্রামী ও সফল নারী।

**<u>কেস স্টাডি-৫</u>:**

মোছা: হাছিনা আক্তারের সফলতার কাহিনী

মোছা: হাছিনা আক্তার, স্বামী- মো: জায়েদুল হক, গ্রাম-কাদির হানিফ, ডাকঘর- মাইজদী র্কোট, উপজেলা- নোয়াখালী, জেলা- নোয়াখালী। জাতীয় পরিচয় পত্র নং ৫৫১৩৩৯০০৫৩। তিনি ছিলেন গৃহিনী। তার পরিবারের অর্থনৈতিক অবস্থা ছিল অত্যন্ত অস্বচ্ছল, তার কোন র্কম ছিল না। ইরেসপো প্রকল্পের মাঠ সংগঠকের মাধ্যমে সে প্রথম উক্ত প্রকল্পের বিভিন্ন সুযোগসুবিধা সর্ম্পকে প্রাথমিক ধারনা লাভ করে কাদিরহানিফ পল্লী উন্নয়ন মহিলা সমিতিতে প্রাথমিক সদস্য হিসাবে অন্তর্ভুক্ত হন। এর পরে তিনি ইরেসপো প্রকল্প হতে গবাদি পশু পালনের উপর স্বল্প মেয়াদী প্রশিক্ষণ গ্রহন করেন। উক্ত প্রশিক্ষণে তিনি গবাদি পশু পালনের জন্য দারুণভাবে উদ্বুদ্ধ হন। নিজের স্বল্প পুঁজি ছিল আর প্রাথমিক সমিতির মাধ্যমে ইরেসপো প্রকল্প হতে প্রথম ৩০,০০০/- টাকা ঋণ নিয়ে বাড়ীতে স্বল্প পরিসরে দুইটি বাচ্চা সহ একটি বকনা ছাগল কিনে পালন শুরু করেন। ইরেসপো প্রকল্পের প্রশিক্ষণের ফলে তার উপজেলা প্রাণী সম্পদ



কার্যালয়ের সাথে সার্বক্ষনিক যোগাযোগের ক্ষেত্র তৈরি হয়। পরর্বতী বছরে উক্ত বকনা ছাগলের আরো দুটি বাচ্চা হয় এবং



পূর্বের দুটি বাচ্চাও বড় হতে থাকে (একটি এঁড়ে বাছুর ও একটি বকনা বাছুর)। এর ফলে তার বর্তমান বকনা বাছুরসহ মোট ছাগলের সংখ্যা (১+২+২)=০৫টি। এতে তার ছাগল পালনের চেষ্টা আরও বেড়ে যায়। এর পর তিনি ২য় বার আরও ৩,০০,০০০/- টাকা উদ্যোক্তা ঋণ নিয়ে নিজ বাড়ীতে একটি ছাগলের ঘর তৈরিসহ আরও কয়েকটি ছাগল ক্রয় করনে। প্রথম বকনা ছাগলটির বাচ্চা হওয়ায় এবং পরবর্তী একটি বাছুর ও বকনা হওয়ায় তার ছাগলের সংখ্যা অন্য ছাগল ক্রয় সহ একটি খামারের সৃষ্টি হয়। ফলে তাহার সংসারের ছাগল ক্রয় বিক্রয়ের মাধ্যমে স্বচ্ছলতা আসতে শুরু করে । তার ছাগল পালনে উদ্বুদ্ধ হয়ে আশে পাশে আরও অনেক

মহিলা ছাগল পালন শুরু করেছেন। তিনি ছাগল পালন করে ছাগল বিক্রির টাকা দিয়ে গ্রামে ০.১০ শতাংশ জায়গা ক্রয় করে ছাগলের খাদ্যের জন্য উন্নত জাতের বিদেশী ঘাস চাষ করেন এবং আরো ভালভাবে ছাগলের পরিচর্যা করেন । ক্রমেই তার অবস্থার পরিবর্তন হতে হচ্ছে। এখন ছাগল বিক্রি করে টিনের বাসস্থান তৈরি করেছে। বাড়ীতে স্যানিটারী ল্যাট্রিন সহ অন্যান্য স্থাপনা তৈরি করেছেন।

## ৩.১৭ স্থানীয় পর্যায়ের কর্মশালা থেকে প্রাপ্ত ফলাফল বিশ্লেষণ

প্রকল্পের নিবিড় পরীবিক্ষণ সমীক্ষা কার্যক্রম, ভেনাস কনসাল্টিং প্রাইভেট এর উদ্যেগে মাগুরা সদর উপজেলা পরিষদ মিলনায়তনে একটি স্থানীয় পর্যায়ের কর্মশালা আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় সভাপতিত্ব করেন মাগুরা সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ তারিফ-উল- হাসান। সভাপতি মহোদয় কর্মশালায় আগত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইএমইডি'র সেক্টর- ৮ এর মহাপরিচালক জনাব মোঃ রাব্বি মিয়া। এছাড়াও আইএমইডি'র পক্ষ থেকে পরিচালক জনাব মোঃ কামাল হোসেন তালুকদার উপস্থিত ছিলেন।




চিত্র ৩.১৩: স্থানীয় পর্যায়ের কর্মশালা

কর্মশালায় পরামর্শক প্রতিষ্ঠানের প্রতিনিধি সূচনা বক্তব্যে বলেন, প্রকল্পের মাধ্যমে স্থানীয় জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন এবং কর্মমূখী প্রশিক্ষণ প্রদানে মাধ্যমে প্রকল্পভুক্ত সমিতির সদস্যগণের জীবনযাত্রার মান উন্নয়ন এবং প্রকল্পের স্থানীয় পর্যায়ে কী কী অসুবিধা রয়েছে তা জানতে এ কর্মশালার আয়োজন করা হয়েছে। এ বিষয়ে প্রকল্পভুক্ত সমিতির সদস্যগণকে সার্বিক সহায়তা করার জন্য অনুরোধ করেন।

কর্মশালায় প্রধান অতিথি সকলকে মাহে রমযানের শুভেচ্ছা জানিয়ে তার বক্তব্য শুরু করেন। বক্তব্যে তিনি উপস্থিত সকলকে জানান যে "দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় (১ম সংশোধিত)"শীর্ষক প্রকল্পটি আইএমইডি কর্তৃক নিবিড় পরিবীক্ষণের জন্য নির্বাচিত হয়েছে। প্রকলের আওতায় যারা ইতোমধ্যে সমবায় সমিতির সদস্য হয়ে প্রকল্প থেকে প্রশিক্ষণ গ্রহণ করেছেন, তাদের সুচিন্তিত মতামত গ্রহণের লক্ষ্যে এই কর্মশালার আয়োজন করা হয়েছে। প্রকল্পের সুফল এবং প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রম আর টেকসই ও মানসম্মত করার লক্ষ্য তাদের সুচিন্তিত মতামত অনেক প্রয়োজনীয় বলে তিনি উপস্থিতিকে অবহিত করেন।

কর্মশালায় আগত প্রশিক্ষণপ্রাপ্তদের নিকট হতে প্রাপ্ত তথ্য মতে, তারা প্রশিক্ষণের বিষয়ে সন্তুষ্ট ছিল। সভায় উপস্থিত সকলেই মত প্রকাশ করেন যে আলোচ্য প্রকল্পের মাধ্যমে তাদের কারিগরি দক্ষতা বৃদ্ধি পেয়েছে, তারা স্বাবলম্বী হয়েছেন, তাদের আয়ের ক্ষেত্র বৃদ্ধি পেয়েছে এবং তারা পরিবারের আয়বৃদ্ধিতে সহযোগিতা করতে পারছেন।

প্রশিক্ষণের কারণে উত্তরদাতাদের পরিবার লাভবান হয়েছে কিনা, সে তথ্য বিশ্লেষণে দেখা যায় যে, প্রায় সকলেই সহমত যে তারা লাভবান হয়েছেন। প্রশিক্ষণ গ্রহণের ফলে কি কি সুবিধা হয়েছে, সে তথ্য বিশ্লেষণ করলে দেখা যায় যে, সকলেই মনে করেন এর ফলে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে, জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি পেয়েছে, পরিবারের আয় বৃদ্ধি পেয়েছে এবং আত্মবিশ্বাস বেড়েছে।

কর্মশালায় সকলেই মনে করেন প্রশিক্ষণ প্রাপ্তির মাধ্যমে নারীর ক্ষমতায়ন হয়েছে। নারীরা অতীতের তুলনায় অধিক পরিমাণে নিজেদেরকে আয়বর্ধক কার্যক্রমে নিয়োগ করতে পারছেন বলে মতামত দিয়েছেন। সভায় উপস্থিত অধিকাংশ

মানুষই সমবায় সমিতির মাধ্যমে গ্রুপ গঠন করে প্রশিক্ষণ গ্রহণ করেছেন গ্রুপ গঠনের ফলে একাধিক প্রশিক্ষণার্থীর অংশগ্রহণ নিশ্চিত হয়েছে এবং তারা একই সাথে প্রশিক্ষণ পেয়েছেন।

উপস্থিত সকলেই এই প্রকল্পের মাধ্যমে আয়ের ক্ষেত্র তৈরি হওয়াতে তারা আর্থিকভাবে লাভবান হয়েছেন। কৃষিক্ষেত্রে প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে উৎপাদন বৃদ্ধি পাওয়ায় আয়ও বৃদ্ধি পেয়েছে এবং তারা আর্থিকভাবে লাভবান হয়েছেন।

প্রকল্পের আওতায় ঋণ কার্যক্রম থাকায় তাই প্রকল্পের আওতায় প্রশিক্ষণ গ্রহণের পর তারা ঋণ পেয়েছেন এবং তারা এই ঋণ দিয়ে নিজে উদ্যোক্তা হিসেবে ব্যবসা শুরু করেছেন এবং এর মাধ্যমে লাভবানও হয়েছেন, তারা পরবর্তীতে ঋণ পরিশোধ ও করেছেন। তাদের মধ্যে কেউ কেউ ঋণের কিস্তির সংখ্যা বৃদ্ধির জন্য অনুরোধ করেছেন এবং কেউ কেউ পারিবারিক বিপর্যয়, দুর্যোগ ইত্যাদি কারণে ঠিক সময় মত ঋণ পরিশোধে ব্যর্থ হওয়ার কথা জানিয়েছেন। তারা ঋণের সুদ মউকুফ ও ঋণ পুনঃতফসিলকরণের আবেদন জানিয়েছেন।

কর্মশালায় আগত কিশোরীদের মতে উক্ত প্রকল্পের মাধ্যমে কিশোরীদের বাল্যবিবাহ, যৌতুক ও ইভটিজিং এর কুফল সম্পর্কে অবগত হচ্ছে এবং এর মাধ্যমে তাদের মধ্যে সচেতনতা বৃদ্ধি পাচ্ছে। তারা এখন বাল্যবিবাহ ও ইভটিজিং এর স্বীকার হলে নিজেরাই এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে পারছে। প্রশিক্ষণ প্রদানের ফলে কিশোরীদের মধ্যে বয়ঃসন্ধিকালীন পরিবর্তন সম্পর্কে ইতিবাচক প্রভাব পড়ছে। তাছাড়া প্রকল্প গ্রহণের কারণে কিশোরীদের মধ্যে সঞ্চয় জমাকরণের আগ্রহ বৃদ্ধি পেয়েছে। এছাড়া জমাকৃত সঞ্চয়ের বিপরীতে ২গুন হারে প্রণোদনা প্রদানের সংস্থান রয়েছে, যা কিশোরীদের বয়স ১৮ বছর পূর্ণ হওয়ার পর বাল্যবিবাহ না করলে প্রদানযোগ্য। এর ফলে কিশোরীদের সাথে জেলা ও উপজেলা প্রশাসনের সংযোগ স্থাপন, সংগঠিতভাবে ইভটিজিং প্রতিরোধ, বাল্যবিবাহের কুফলের বিষয়ে সচেতনতা সৃষ্টি, জমাকৃত সঞ্চয়ের ২গুন প্রণোদনা যা বাল্যবিবাহ করলে প্রদানযোগ্য নয় ইত্যাদি কারনে প্রকল্প এলাকাভূক্ত কিশোরীদের বাল্যবিবাহ প্রতিরোধে ইতিবাচক ভূমিকা রাখতে সক্ষম হচ্ছে। উল্লেখ্য, প্রকল্প মেয়াদ শেষ হওয়ার পরও যে সকল শিক্ষার্থীর বয়স ১৮ বছর পূর্ণ হবে না তাদের সঞ্চয় প্রণোদনা কিভাবে প্রদান করা হবে সে বিষয়ে একটি নির্দেশিকা প্রণয়ন করা প্রয়োজন।

প্রকল্পের মানোন্নয়নের বিষয়ে মতামত দিতে গিয়ে কেউ কেউ প্রশিক্ষণের মেয়াদ বৃদ্ধি ও প্রশিক্ষণ গ্রহণের পর হাতে কলমে বাস্তবায়নের সময় কোন follow up প্রশিক্ষণের ব্যবস্থা করার দাবি জানান।

### ৩.১৮ প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত বিভিন্ন সমস্যা ও ব্যবস্থাপনা সংক্রান্ত তথ্য

প্রকল্পটি অনুমোদিত হয় ২০২১ সালে। পরিকল্পনা কমিশন কর্তৃক অক্টোবর ২০১৬ সালে জারিকৃত পরিপত্র অনুযায়ী ২৫ কোটি টাকার উর্ধ্বে প্রকল্পের ব্যয় হলে সেক্ষেত্রে সম্ভাব্যতা সমীক্ষা অত্যাবশ্যক হলেও বর্ণিত প্রকল্পের ক্ষেত্রে তা প্রতিপালিত হয়নি। তাছাড়া প্রকল্প গ্রহণের পূর্বে কোন বেজলাইন স্টাডিও সম্পাদিত হয়নি। প্রকল্পটি গ্রহণের পূর্বে ১ম পর্যায়ে বাস্তবায়িত প্রকল্পের দাখিলকৃত পিসিআর এর আলোকে আইএমইডি কর্তৃক সরেজমিনে মূল্যায়ন করা হয়েছে। মূল্যায়নের সুপারিশের প্রেক্ষিতে ২য় পর্যায়ের প্রকল্পটি অনুমোদিত হয়েছে। সম্ভাব্যতা সমীক্ষা বা বেজলাইন স্টাডি হলে প্রকল্পের স্টেকহোল্ডারগণের মতামত আরো বিস্তারিতভাবে সংগ্রহ করে তা প্রকল্পের কার্যপরিধিতে অন্তর্ভুক্ত করা সম্ভব হতো।

প্রকল্পটি ব্যবস্থাপনার ক্ষেত্রে শুরুর দিকে কিছু দুর্বলতা ছিল। প্রকল্পের অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের মেয়াদকাল জুলাই, ২০২১ থেকে শুরুর নির্দেশনা থাকলেও প্রকল্প পরিচালক নিয়োগসহ অন্যান্য কারণে প্রকৃত পক্ষে অক্টোবর, ২০২১ হতে কার্যক্রম শুরু হয়েছে। এ সমস্ত কারণে প্রকল্প কার্যক্রমে কিছুটা বিলম্ব হয়েছে।

তাছাড়া ২০২২-২৩ অর্থ বছরে এডিপি বরাদ্দের বিপরীতে ৭৫% ব্যয়ের নির্দেশনা থাকায় এবং পরবর্তীতে সংশোধিত এডিপিতে বরাদ্দের ৮৫% ব্যয়ের নির্দেশনা থাকায় ২০২২-২৩ অর্থ বছরের জন্য আরডিপিপি'র নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে না।

প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের জন্য ডিপিপিতে নিজস্ব কোন জনবলের সংস্থান নেই। বিআরডিবি'র নিজস্ব ব্যবস্থাপনায় পরিচালিত ইরেসপো কর্মসূচি'র বিদ্যমান জনবল-কে ব্যবহার করে প্রকল্প কর্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। কিন্তু বর্তমানে ইরেসপো কর্মসূচির ৪০টির অধিক পদ শূন্য থাকায় কিছু সংখ্যক উপজেলায় প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন কঠিন হচ্ছে।

নির্মাণ সামগ্রীর দর অব্যাহত বৃদ্ধির কারণে অর্থ মন্ত্রনালয় কর্তৃক দর পুনঃনির্ধারণ এবং সে আলোকে পিডব্লিউডি'র রেট সিডিউল ২০২২ সংশোধন করা হয়েছে। আরডিপিপি'র সংস্থানকৃত বরাদ্দে প্রকল্পের ভৌত অবকাঠামো নির্মাণ, সংস্কার ও আধুনিকায়ণ সম্ভব হচ্ছে না। তাই প্রকল্পের প্রাইস কনটিনজেন্সি খাত হতে বরাদ্দের সংস্থানের বিষয়ে প্রকল্প স্টিয়ারিং কমিটির সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

### ৩.১৯ সমিতির স্থায়িত্ব এবং সমাপ্তি পরিকল্পনা (Exit Plan)

প্রকল্প মেয়াদ শেষে কার্যক্রম অব্যাহত রাখার লক্ষ্যে টেকসই পরিকল্পনা ডিপিপিতে সংযোজন করা রয়েছে। সমবায় সমিতি পরিচালনার ও প্রশিক্ষণ কেন্দ্রের অবকাঠামোসমূহের নিয়মিত মেরামত ও রক্ষণাবেক্ষণ এর বিষয়ে যে নির্দেশনা দেওয়া হয়েছে তা প্রাসঙ্গিক হিসেবে পরামর্শক দলের নিকট প্রতীয়মান হয়েছে। স্থায়ী সম্পদ যেমন আনুষঙ্গিক যন্ত্রপাতি, আসবাবপত্র, অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি কোথায় হস্তান্তরের করা হবে তা সম্পর্কে কোন নির্দেশনা এক্সিট প্ল্যান এ বলা হয়নি।।

# চতুর্থ অধ্যায়

## প্রকল্পটির সবল ও দুর্বল দিক পর্যালোচনা (SWOT Analysis)

### ৪.১ প্রকল্পটির সবল ও দুর্বল দিক, সুযোগ ও ঝুঁকিসমূহ

কর্মপরিকল্পনায় যে সকল তথ্য-উপাত্ত সংগ্রহ এবং বিশ্লেষণের প্রস্তাব করা হয়েছে, সে সকল তথ্য উপাত্ত সংগ্রহপূর্বক বিশ্লেষণ করে প্রকল্পটির সবল (Strengths) ও দুর্বল (Weaknesses) দিক, সুযোগ (Opportunities) ও ঝুঁকি (Threats) সমূহ সনাক্ত করা হয়েছে। নির্দেশক/মাত্রা (Indicator) অনুযায়ী প্রকল্পের সবল ও দুর্বলদিক এবং সুযোগ (Opportunities) ও ঝুঁকি (Threats) পর্যালোচনা করা হয়েছে।

| প্রকল্পের সবলদিকসমূহ (Strengths) | প্রকল্পের দুর্বলদিকসমূহ (Weaknesses) |
|---|---|
| প্রকল্পের শুরু থেকে অদ্যবধি একজন প্রকল্প পরিচালক প্রকল্পের দায়িত্বে নিয়োজিত রয়েছেন; | মূল ডিপিপির নির্ধারিত ব্যয়ের মধ্যে প্রকল্প কার্যক্রম সমাপ্ত করা সম্ভব হয়নি; |
| প্রকল্পের খাতওয়ারী বাজেট চাহিদা ছিল ; | প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের জন্য ডিপিপিতে নিজস্ব কোন জনবলের সংস্থান নেই; |
| প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম সরকার এর অনুমোদিত মডিউল এর আওতায় পরিচালনা করা হচ্ছে; | প্রকল্প প্রণয়নের পূর্বে কোন বেজলাইন স্টাডি বা সম্ভাব্যতা সমীক্ষা করা হয়নি; |
| প্রকল্পের আওতায় বাৎসরিক কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে; | PIC ও PSC'র সভাসমূহ পরিকল্পনা কমিশনের গাইডলাইন অনুসারে অনুষ্ঠিত হয়নি; |
| প্রকল্পটি মন্ত্রণালয় ও বিভাগ এর নিয়মিত মনিটরিং এ ছিল; | প্রকল্পের শুরুর দিকে প্রকল্প পরিচালক ও সহকারী প্রকল্প পরিচালকদের নিয়োগ বিলম্বিত হওয়া; এবং |
| প্রশিক্ষণের পর ঋণ প্রদান করে প্রকল্প প্রশিক্ষণার্থীদের স্বাবলম্বী হওয়ার সুযোগ করে দিচ্ছে; | মূল ডিপিপির বাৎসরিক কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন করা সম্ভব হয়নি। |
| প্রকল্পের আওতায় ঋণ আদায়ের হার ৯৯%যা সন্তোষজনক; | |
| প্রকল্পের মাধ্যমে প্রশিক্ষন প্রাপ্তদের পারিবারিক আয় বৃদ্ধির মাধ্যমে আরো উন্নত জীবনযাত্রা নিশ্চিত হচ্ছে, সামাজিক মর্যাদা বৃদ্ধি পাচ্ছে এবং নারীর ক্ষমতায়ন হচ্ছে; এবং | |
| প্রকল্পের ডিপিপিতে Exit Plan এবং Sustainability Plan সম্পর্কে সুস্পষ্ট ধারণা দেওয়া আছে। প্রকল্প কার্যক্রম বাস্তবায়নের পর সমিতিসমূহ কীভাবে পরিচালিত হবে এবং সংগৃহীত পণ্য কোথায় কীভাবে হস্তান্তর হবে তা সম্পর্কে সুস্পষ্ট | |

| দিক নির্দেশনা দেওয়া আছে। | |
|---|---|
| **প্রকল্পের সুযোগসমূহ (Opportunities)** | **প্রকল্পের ঝুঁকিসমূহ (Threats)** |
| - প্রকল্পে কিশোরীদের জন্য প্রশিক্ষণ ও সচেতনতা কার্যক্রম এর অন্তর্ভুক্তি কিশোরীদের তাদের সাথে ঘটে যাওয়া বিভিন্ন সামাজিক অপরাধের বিরুদ্ধে আরো সোচ্চার করবে যা এই ধরনের অপরাধ প্রতিরোধে আরো সহায়ক ভূমিকা পালন করবে;<br>- উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে সরকারের অগ্রাধিকার প্রদানের ফলে এ লক্ষ্যে আরো বহুবিধ নুতন কার্যক্রমের সূচনা হবে;<br>- প্রকল্পটি বাস্তবায়নের ফলে গ্রামীণ মহিলাদের প্রশিক্ষণের মাধ্যমে অর্জিত জ্ঞানকে কাজে লাগিয়ে জীবিকা নির্বাহ এবং আয় বৃদ্ধির মাধ্যমে আর্থ সামাজিক উন্নতির পথ সুগম হবে;<br>- দুগ্ধ, মাংস, মৎস্য ইত্যাদির নতুন নতুন খামার প্রতিষ্ঠার মাধ্যমে উৎপাদন বৃদ্ধি পেলে এসবের সঙ্গে জড়িত পশ্চাদবর্তী ও পূর্ববর্তী শিল্পজাত দ্রবের চাহিদা বৃদ্ধির সম্ভাবনা সৃষ্টি হবে। ফলে এ সমস্ত শিল্পে বিনিয়োগ ও কর্মসংস্থান বৃদ্ধির সুযোগও তৈরি হবে;<br>- প্রকল্পের মাধ্যমে গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীকে উন্নয়নের মূল স্রোতধারায় নিয়ে আসার লক্ষ্যে তাদেরকে প্রশিক্ষণ, কর্মসংস্থান ও আয়বৃদ্ধিমুলক কার্যক্রমে সম্পৃক্তকরণ প্রক্রিয়া জোরদারকরণ হচ্ছে;<br>- প্রকল্পের প্রশিক্ষণার্থীদের আত্মনির্ভরশীল Life Skill Training শেষে প্রকল্পের বাইরের অন্যান্য উৎস থেকে সহজ শর্তে ঋণ সুবিধা পাওয়ার সুযোগ তৈরি হবে;<br>- প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে এস.ডি.জি.বাস্তবায়ন ও দেশজ পরিকল্পনার সাথে এর সমন্বিতকরণ করা সম্ভব হবে;<br>- প্রকল্পটি সফল হলে কর্মসংস্থান নিয়ে কাজ করা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অন্যান্য মন্ত্রণালয় যেমন যুব, ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক | - ২০২২-২০২৩ অর্থবছরের ন্যয় পরবর্তী অর্থবছরগুলোতে এডিপি বরাদ্দের তুলনায় ব্যয় কম করার নির্দেশনা থাকলে তা প্রকল্প কার্যক্রম পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়নের জন্য একটি ঝুঁকি হয়ে দাঁড়াবে;<br>- প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য যথাসময়ে প্রকল্প দপ্তরের চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ কেন্দ্রের প্রাপ্যতা;<br>- প্রকল্প সমাপ্তির পর গঠনকৃত কোন কোন সমবায় সমিতি পূর্বের ন্যয় নিষ্ক্রিয় হয়ে পরার আশংকা;<br>- নির্মাণ সামগ্রির মূল্য অস্বাভাবিকভাবে বৃদ্ধি। |

| | |
|---|---|
| মন্ত্রণালয় ইত্যাদি অনুরূপ প্রকল্প গ্রহণের মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের জন্য আরো অনুপ্রাণিত এবং উদ্যোগী হবে; এবং<br><br>- লিঙ্গবৈষম্য দূরীকরণের মাধ্যমে নারী জনগোষ্ঠীকে উন্নয়নের মূল স্রোতধারায় নিয়ে আসার লক্ষ্যে সরকারের নতুন উদ্যোগসমুহ নারীদেরকে আত্মনির্ভরশীলতার দিকে আরো এগিয়ে নিয়ে যাবে; | |

পর্যালোচনায় প্রাপ্ত সবল দিকসমূহের মধ্যে কিছু সবল দিক প্রকল্প কর্তৃপক্ষ প্রকল্প ব্যবস্থাপনায় সঠিকভাবে ব্যবহার করতে পেরেছেন। যেমন প্রকল্পের পরিচালক পরিবর্তন না হওয়ার প্রকল্প কার্যক্রম অপেক্ষাকৃত ভালভাবে চলেছে এবং কারিগরি মানসম্পন্ন প্রশিক্ষণকেন্দ্রে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রকল্পের আওতায় ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম ও সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে এবং ঋণ আদায়ের হার অত্যন্ত সন্তোষজনক। তাছাড়া প্রকল্প শেষে Sustainability Plan ও Exit Plan এর বাস্তবায়নের মাধ্যমে প্রকল্পের টেকসইকরণ করে সবলদিকের পরিপূর্ণ ব্যবহার সম্ভব।

প্রকল্প কর্তৃপক্ষ প্রকল্পের দুর্বলতাসমূহ বিভিন্ন কার্যকর পদক্ষেপের মাধ্যমে কাটিয়ে উঠতে পারেন। বিদ্যমান জনবলের মাধ্যমে প্রকল্প কার্যক্রম সংশোধিত মেয়াদের মধ্যে সমাপ্তকরণ প্রকল্পের জন্য একটি বিশাল চ্যালেঞ্জ। বিআরডিবি'র নিজস্ব ব্যবস্থাপনায় পরিচালিত ইরেসপো কর্মসূচি'র বিদ্যমান জনবল-কে ব্যবহার করে প্রকল্প কর্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। কিন্তু বর্তমানে ইরেসপো কর্মসূচির ৪০টির অধিক পদ রয়েছে। তাই জরুরী ভিত্তিতে ইরেসপো কর্মসূচির জনবল ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা অনুযায়ী অনুমোদিত পদের বিপরীতে যে সকল পদ শূন্য রয়েছে তা দ্রুত নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের মাধ্যমে প্রকল্প কার্যক্রমকে আরো বেগবান করা সম্ভব। প্রকল্পের দুর্বল দিকসমুহের মধ্যে অন্যতম হিসেবে প্রতীয়মান হয়েছে সঠিক পরিমাণ PIC ও PSC সভা অনুষ্ঠান না হওয়া। এই দুর্বলতা কাটিয়ে ওঠার জন্য অনানুষ্ঠানিত ও অনুষ্ঠিতব্য সভাসমুহের তালিকা প্রণয়নপূর্বক সেগুলোকে অনুষ্ঠানের ব্যবস্থা করতে হবে। এই পদক্ষেপটির মাধ্যমে অধিক জবাবদিহিতার একটি ক্ষেত্র তৈরি হবে। এ ছাড়া প্রকল্পে নিয়োজিত জনবলের বদলি এড়িয়ে তাদেরকে প্রকল্পের শেষ পর্যায় পর্যন্ত স্ব স্ব স্থানে নিয়েজিতকরণ প্রকল্পের অধিক গুণগত ও পরিমাণগত সাফল্যের জন্য প্রয়োজন বলে প্রতিভাত হয়েছে। এই পদক্ষেপটিও প্রকল্পের দুর্বল দিককে সবল দিকে ধাবিত করার একটি কৌশল হিসেবে বিবেচিত হতে পারে।

প্রকল্পটি একটি আর্থ-সামাজিক ও সচেতনতামূলক প্রকল্প হওয়ায় প্রকল্পটির সফল বাস্তবায়নের মাধ্যমে বহুবিধ সুযোগের সৃষ্টি হবে। প্রকল্পে কিশোরীদের জন্য প্রশিক্ষণ ও সচেতনতা কার্যক্রম এর অন্তর্ভুক্তি কিশোরীদের তাদের সাথে ঘটে যাওয়া বিভিন্ন সামাজিক অপরাধের বিরুদ্ধে আরো সোচ্চার করবে যা এই ধরনের অপরাধ প্রতিরোধে আরো সহায়ক ভূমিকা পালন করবে। তাই প্রকল্প সফলভাবে সমাপ্ত করার পর গঠিত সমিতিসমূহকে এবং কিশোরী সংঘসমূহ সক্রিয় রেখে এবং এ সংক্রান্ত প্রয়োজনীয় সহায়তা প্রদানের মাধ্যমে প্রকল্পের মাধ্যমে সৃষ্ট সুযোগসমূহের সর্বোত্তম ব্যবহার করা যেতে পারে।

কারিগরি মানসম্পন্ন ও আবাসিক সুবিধাসম্পন্ন প্রশিক্ষণ কেন্দ্রের অগ্রিম সংস্থানের মাধ্যমে প্রকল্প কর্তৃপক্ষ প্রকল্পের বিদ্যমান ঝুঁকিসমূহকে সুযোগে রূপান্তর করতে পারেন। উন্নয়ন প্রকল্পে সরকারের ব্যয় যৌক্তিককরণের সিদ্ধান্ত এবং MTBF সিলিং এর ঝুঁকি প্রশমনে প্রকল্প দপ্তর প্রকল্পের অপেক্ষাকৃত কম গুরুত্বপূর্ণ খাতসমূহের ব্যয় হ্রাসকরণের ও অপেক্ষাকৃত বেশি গুরুত্বপূর্ণ খাতসমূহের ব্যয় স্বাভাবিক রাখার মাধ্যমে MTBF সিলিং এর সাথে সমতা রেখে ব্যয় করতে পারে। মালামাল ও নির্মাণ সামগ্রীর মূল্য বৃদ্ধিজনিত কারণে প্রকল্পের ভৌত অবকাঠনো নির্মাণসংস্কার ও আধুনিকায়ন কাজসমূহ বাস্তবায়ন , সংক্রান্ত সমস্যা প্রকল্পের প্রাইস কনটিনজেন্সি খাত হতে বরাদ্দের সংস্হান নিশ্চিতকরণের মাধ্যমে সমাধান করা যেতে

পারে। প্রকল্প সমাপ্তির পর প্রকল্পের আওতায় গঠিত সমিতিসমূহকে ও কিশোরী সংঘগুলোকে যথাযথ পৃষ্ঠপোষকতা ও মনিটরিং এর মাধ্যমে সেগুলোকে টেকসই সুফলদায়ক সংস্থায় রূপান্তরিত করা যেতে পারে। বস্তুত:পক্ষে এ ধরণের পদক্ষেপ সরকারপ্রণীত টেকসই উন্নয়ন নীতির জন্য একটি মাইলফলক হিসেবে চিহ্নিত হতে পারে।

# পঞ্চম অধ্যায়
# সমীক্ষার পর্যবেক্ষণ

## ৫.১ প্রকল্প সংশোধনের কারণ

প্রকল্পের মূল অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রাক্কলিত ব্যয় ছিল ৩৪৬.৫৫ কোটি টাকা। সংশোধিত ডিপিপিতে প্রকল্পের ব্যয় বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ৩৮৫.৮৯ কোটি টাকা। এ ক্ষেত্রে ব্যয় বৃদ্ধি পায় প্রায় ৩৯ কোটি টাকা। ব্যয় বৃদ্ধির কারণ হলো প্রকল্পের অনুমোদিত ডিপিপিতে ভৌত অবকাঠামো নির্মাণ, সংস্কার ও আধুনিকায়ন কাজসমূহের প্রাক্কলিত ব্যয় পিডাব্লিউডি'র রেট সিডিউল ২০১৮ অনুযায়ী সংস্থান হয়েছে। কিন্তু বর্তমানে সকল নির্মাণ সামগ্রীর দর অনেক বৃদ্ধি পাওয়ায় অর্থ মন্ত্রনালয় কর্তৃক দর বৃদ্ধি করায় সে আলোকে পিডাব্লিউডি'র রেট সিডিউল ২০২২ প্রকাশিত হয়। পিডাব্লিউডি'র রেট সিডিউল ২০২২ অনুযায়ী নির্মান কাজের ব্যয় অনেক বৃদ্ধি পাওয়ায় এবং স্টিয়ারিং কমিটি কর্তৃক ৬তলা স্হলে ৯তলা  হোস্টেল ভবন নির্মাণের সিদ্ধান্ত গৃহিত হওয়ায় ডিপিপি'র অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ে নির্মাণ কাজসমূহ বাস্তবায়ন সম্ভব নয়। বাস্তব অবস্হার প্রেক্ষিতে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নের স্বার্থে নির্মাণ, সংস্কার ও আধুনিকায়ন খাতসমূহের বরাদ্দ বৃদ্ধি, সুফলভোগী সদস্যদের দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণের সংস্থানসহ প্রশিক্ষণার্থীর সংখ্যা বৃদ্ধি জনিত কারনে প্রশিক্ষণ খাতে বরাদ্দ বৃদ্ধি, কম্পিউটার ও আনুসাঙ্গিক যন্ত্রাংশ এবং আসবাবপত্রের মূল্য বৃদ্ধির কারণে এ সকল সামগ্রী ক্রয়ের স্বার্থে বরাদ্দ বৃদ্ধি পাওয়ায় প্রকল্পের স্টিয়ারিং কমিটির সিদ্ধান্তের আলোকে মন্ত্রণালয় কর্তৃক বিভাগীয় মূল্যায়ন কমিটি (ডিপিইসি) এর সুপারিশক্রমে প্রকল্পের ১ম সংশোধনী অনুমোদিত হয় (অনুচ্ছেদ ৩.১ এবং ৩.২)।

## ৫.২ প্রকল্পের অগ্রগতি সংক্রান্ত

সংশোধিত ডিপিপি (আরডিপিপি) অনুযায়ী ২০২১-২০২২, ২০২২-২০২৩, ২০২৩-২০২৪, ২০২৪-২০২৫ ও ২০২৫-২০২৬ এই ৫টি অর্থবছরে প্রকল্পের অনুকূলে ব্যয়ের লক্ষ্যমাত্রা ছিল প্রায় ৩৮৫.৮৯ কোটি টাকা। চলতি অর্থবছরে মার্চ পর্যন্ত ব্যয় হয়েছে ৪০.৬৩ কোটি টাকা যা চলতি অর্থবছরের লক্ষ্যমাত্রার প্রায় ৫১.৫%। প্রকল্পের শুরু থেকে চলতি অর্থবছরের মার্চ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ৭৩.২৪ কোটি টাকা, যা সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয়ের প্রায় ১৯% ।

প্রকল্প পরিচালকের দপ্তর থেকে প্রাপ্ত সর্বশেষ তথ্য মতে মার্চ ২০২৩ পর্যন্ত প্রকল্পের বাস্তব অগ্রগতি ১৯% (অনুচ্ছেদ ৩.৪)।

## ৫.৩ প্রয়োজনীয় জনবল সংক্রান্ত

প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের জন্য ডিপিপিতে নিজস্ব কোন জনবলের সংস্থান নেই। বিআরডিবির নিজস্ব ব্যবস্থাপনায় পরিচালিত  ইরেসপো  কর্মসূচি'র জনবল ব্যবহার করে প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। কিন্তু বর্তমানে ইরেসপো কর্মসূচির ৪০টির অধিক পদ শূন্য থাকায় কিছু সংখ্যক উপজেলায় প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন দুরূহ হচ্ছে। তাই জরুরী ভিত্তিতে ইরেসপো কর্মসূচির জনবল ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা অনুযায়ী অনুমোদিত পদের বিপরীতে যে সকল পদ শূন্য রয়েছে তা দ্রুত নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রয়োজন (অনুচ্ছেদ ৩.৯ এবং ৩.১৮)।

## ৫.৪ প্রকল্প পরিবীক্ষণ সংক্রান্ত

প্রকল্প কার্যক্রম তদারকির ক্ষেত্রে PIC এবং PSC এর সভা অনুষ্ঠিত হয়েছে। পরিকল্পনা কমিশনের গাইডলাইনের অনুসারে প্রতি ৩ মাস অন্তর একটি করে PIC এবং PSC সভা অনুষ্ঠানের বিধান রয়েছে। সে হিসাবে ২০২৩ সালের ৩১ মার্চ পর্যন্ত PSC এর ৭টি এবং PIC এর ৭ টি সভার বিধান ছিল। তার বিপরীতে এখন পর্যন্ত PIC এর ৩টি এবং PSC এর ৪টি সভা অনুষ্ঠিত হয়েছে। এক্ষেত্রে পরিকল্পনা কমিশনের গাইডলাইনের যথাযথ প্রতিপালন ঘটেনি (অনুচ্ছেদ ৩.১০)।

## ৫.৫ প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা না হওয়া

প্রকল্পটি অনুমোদিত হয় ২০২১ সালে। পরিকল্পনা কমিশন কর্তৃক অক্টোবর ২০১৬ সালে জারিকৃত পরিপত্র অনুযায়ী ২৫ কোটি টাকার উর্ধ্বে প্রকল্পের ব্যয় হলে সেক্ষেত্রে সম্ভাব্যতা সমীক্ষা অত্যাবশ্যক হলেও বর্ণিত প্রকল্পের ক্ষেত্রে তা প্রতিপালিত হয়নি (অনুচ্ছেদ ৩.১৮)।

## ৫.৬ ক্রয় প্রক্রিয়া

ডিপিপি/আরডিপিপি অনুযায়ী পণ্য ক্রয়ের ১১টি প্যাকেজ, কার্য ক্রয়ে ১১টি প্যাকেজ ও সেবা ক্রয়ের ১টি প্যাকেজ অন্তর্ভুক্ত রয়েছে। বাস্তবে প্রকল্পের আওতায় পণ্য ক্রয়ের ২টি প্যাকেজ এবং সেবা ক্রয়ের ১টি প্যাকেজের ক্রয় কাজ সম্পন্ন হয়েছে। প্রকল্প কার্যালয় হতে ক্রয় সংক্রান্ত প্যাকেজসমূহের তথ্য সংগ্রহ করা হয়েছে। তথ্য পর্যালোচনায় দেখা যায় যে, ৩১টি মটরসাইকেল ডিপিএম পদ্ধতিতে, অফিস সরঞ্জামাদি ই-জিপিতে উম্মুক্ত দরপত্র এবং একটি মাইক্রোবাস হায়ারিং চার্জ উম্মুক্ত দরপত্র পদ্ধতিতে নন-কনসালটিং সেবা ক্রয় করা হয়েছে। প্রকল্পটির কার্যক্রম বাস্তবায়ন অক্টোবর, ২০২১ সনে শুরু হওয়ায় এবং নির্মাণ সামগ্রী ও বিভিন্ন পণ্যের দর অত্যাধিক বৃদ্ধি পাওয়ায় প্রকল্পের অনুমোদিত ডিপিপিতে সংস্থানকৃত অর্থে ভৌত অবকাঠামো নির্মাণ, সংস্কার ও আধুনিকায়ন কাজসমূহ এবং কম্পিউটার ও আনুসাঙ্গিক যন্ত্রাংশ, আসবাবপত্র ও অন্যান্য পণ্যের ক্রয় কার্যক্রম শুরু করা সম্ভব হয়নি। বর্ণিত কারনে প্রকল্পের ১ম সংশোধনী জানুয়ারি, ২০২৩ মাসে অনুমোদিত হয়। সে আলোকে পন্য এবং কার্য ও ভৌত সেবা ক্রয়ের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। তবে, সমাপ্তকৃত সকল ক্রয় প্রক্রিয়া যথাযথ বিধিমালা অনুসারে সম্পন্ন করা হয়েছে (অনুচ্ছেদ ৩.৫)।

## ৫.৭ পিডব্লিউডির রিভাইজড সিডিউল অফ রেট ২০২২ অনুযায়ী নির্মাণ খাতে বরাদ্দ বৃদ্ধি

প্রকল্পের আরডিপিপিতে ভৌত অবকাঠামো নির্মাণ, সংস্কার ও আধুনিকায়ন কাজসমূহের প্রাক্কলিত ব্যয় পিডাব্লিউডি'র রেট সিডিউল ২০২২ অনুযায়ী সংস্থান রয়েছে। নির্মাণ সামগ্রীর দর অব্যাহত বৃদ্ধির কারণে প্রকল্পের ভৌত অবকাঠামো নির্মাণ, সংস্কার ও আধুনিকায়ন কাজসমূহ বাস্তবায়নের জন্য পিডব্লিউডি'র রিভাইজড সিডিউল অফ রেট ২০২২ অনুযায়ী নির্মাণ খাতে বরাদ্দ বৃদ্ধি করা প্রয়োজন (অনুচ্ছেদ ৩.২ ও ৩.১৮)।

## ৫.৮ সুফলভোগী অন্তর্ভুক্তি:

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী দরিদ্র, অসহায়, সুবিধাবঞ্চিত ও বেকার নারীদের ১,১৮,০০০ জনকে অর্ন্তভুক্তির বিপরীতে মার্চ, ২০২৩ পর্যন্ত ৭৯৩৫৩ জনকে অর্ন্তভুক্তিকরণ এবং হাইস্কুলগামী কিশোরীদের ১১৮০০ জনের বিপরীতে ১১৮০০ জনকে অন্তর্ভুক্ত করা হয়েছে। মহিলা সদস্য অর্ন্তভুক্তির লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন ৬৭.২৫% এবং কিশোরী সদস্য অর্ন্তভুক্তির লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন ১০০% (অনুচ্ছেদ ৩.৪)।

## ৫.৯ সুফলভোগীদের নিজস্ব সঞ্চয় তহবিল গঠন:

প্রকল্পের আওতায় আরডিপিপি অনুযায়ী মহিলা সদস্যদের ৩২.৪০ কোটি টাকা এবং কিশোরী সদস্যদের ১৪.১৬ কোটি টাকা সঞ্চয় তহবিল গঠনের লক্ষ্যমাত্রা ছিল। বাস্তবে সুফলভোগীদের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জমার মাধ্যমে মার্চ, ২০২৩ পর্যন্ত ২৩.৭৮ কোটি টাকা এবং কিশোরী সদস্যদের ২.৬৪ কোটি টাকা সঞ্চয় তহবিল গঠনে সক্ষম হয়েছে। এতে প্রত্যেক মহিলা সদস্য গড়ে ২৯৯৬.৭৩ টাকা নিজস্ব সঞ্চয় তহবিল গঠন করে তাদের পরিবারের আয় বৃদ্ধিতে সক্ষম হয়েছে। এছাড়া কিশোরী সদস্য গড়ে ২২৩৮.৮৯ টাকা করে সঞ্চয় জমা করেছেন। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী জুন ২০২৬ সনের মধ্যে মহিলা সুফলভোগী সদস্যদের গড় মাথাপিছু ৩০০০.০০ এবং স্কুলগামী কিশোরীদের গড় মাথাপিছু ৫০০০ টাকা সঞ্চয় তহবিল সৃষ্টি করতে হবে (অনুচ্ছেদ ৩.৪)।

## ৫.১০ প্রশিক্ষণ কার্যক্রম:

প্রকল্পের আওতায় ৩১৫০ জন সুফলভোগী নারী সদস্যকে বিভিন্ন আইজিএ বিষয়ে দীর্ঘমেয়াদী (৩০দিন, ৬০ দিন) ও ৫৩৭০০ জন সুফলভোগী নারী সদস্যকে বিভিন্ন আয়বর্ধনমূলক স্বল্প মেয়াদী (৩ দিন) প্রশিক্ষণ এবং ২০০০ জন নারী উদ্যোক্তাকে উদ্যোক্তা প্রশিক্ষণের সংস্থান রয়েছে। মার্চ, ২০২৩ পর্যন্ত ১৬০ জন সুফলভোগী সদস্যকে দীর্ঘ মেয়াদী এবং ১২৮৪০ জন কে স্বল্পমেয়াদী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ গ্রহণের ফলে তাঁদের সচেতনতা সৃষ্টি, দক্ষতা উন্নয়ন, অর্থনৈতিক সক্ষমতা ও সামাজিক মর্যাদা বৃদ্ধি পেয়েছে। এছাড়া প্রকল্পভূক্ত ১১৮টি হাই স্কুলের কিশোরী সদস্যদের প্রতি ০২ মাস অন্তর বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য সচেতনতা, বাল্য বিবাহ প্রতিরোধসহ অন্যান্য সামাজিক সচেতনতা বিষয়ে প্রশিক্ষণের ৪২৪৮ ব্যাচের বিপরীতে মার্চ, ২০২৩ পর্যন্ত ৬৩৮টি ব্যাচের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে এবং প্রতিটি ব্যাচে কিশোরীদের বিনামূল্যে স্যানিটারী ন্যাপকিন ও শিক্ষা উপকরণ প্রদান করা হয়েছে। ফলে কিশোরীদের মাঝে বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য পরিচর্যাসহ বিভিন্ন সামাজিক বিষয়ে সচেতনতা বৃদ্ধি পেয়েছে এবং প্রত্যেক কিশোরী বাল্যবিবাহ না করার বিষয়ে প্রতিজ্ঞাবদ্ধ হয়েছে (অনুচ্ছেদ ৩.৪)।

## ৫.১১ স্যানিটারী ন্যাপকিন ও শিক্ষা উপকরণ বাবদ বরাদ্দ বৃদ্ধি:

প্রকল্পের আওতায় হাইস্কুলগামী কিশোরীদের প্রতি ০২ মাস অন্তর বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য সচেতনতা, বাল্য বিবাহ প্রতিরোধসহ অন্যান্য সামাজিক সচেতনতা বিষয়ে প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষণ উপকরণ হিসেবে বিনামূল্যে স্যানিটারী ন্যাপকিন ও শিক্ষা উপকরণ প্রদানের সংস্থান রয়েছে। কিন্তু প্রশিক্ষণ উপকরণ হিসেবে স্যানিটারী ন্যাপকিন ও শিক্ষা উপকরণ বাবদ বরাদ্দ রয়েছে ১৫০ টাকা । বর্তমানে বিভিন্ন সামগ্রীর মূল্যবৃদ্ধিজনিত কারণে বরাদ্দকৃত ১৫০ টাকার মধ্যে ভ্যাট ও আয়কর কর্তনপূর্বক অবশিষ্ট টাকায় ভালোমানের স্যানিটারী ন্যাপকিন ও শিক্ষা উপকরণ প্রদান করা সম্ভব নয় বিধায় স্যানিটারী ন্যাপকিন ও শিক্ষা উপকরণ বরাদ্দ বৃদ্ধি করা প্রয়োজন (অনুচ্ছেদ ৩.১৫)।

## ৫.১২ কিশোরীদের বাল্য বিবাহ প্রতিরোধে ব্যবস্থা গ্রহণ:

প্রকল্পের আওতায় কিশোরীদের শতভাগ বাল্যবিবাহ প্রতিরোধে হাইস্কুলগামী কিশোরীদের সংগঠিত করে কিশোরী সংঘ গঠন, কিশোরী বয়স থেকে সঞ্চয় জমায় উৎসাহিতকরণ, বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য সচেতনতা, বাল্য বিবাহ প্রতিরোধসহ অন্যান্য সামাজিক সচেতনতা বিষয়ে প্রশিক্ষণ এবং বিনামূল্যে স্যানিটারী ন্যাপকিন ও শিক্ষা উপকরণ প্রদান করা হচ্ছে। এছাড়া জমাকৃত সঞ্চয়ের বিপরীতে ২গুন হারে প্রণোদনা প্রদানের সংস্থান রয়েছে, যা কিশোরীদের বয়স ১৮ বছর পূর্ণ হওয়ার পর বাল্যবিবাহ না করলে প্রদানযোগ্য। এর ফলে কিশোরীদের সাথে জেলা ও উপজেলা প্রশাসনের সংযোগ স্থাপন, সংগঠিতভাবে ইভটিজিং প্রতিরোধ, বাল্যবিবাহের কুফলের বিষয়ে সচেতনতা সৃষ্টি, জমাকৃত সঞ্চয়ের ২গুন প্রণোদনা যা বাল্যবিবাহ করলে প্রদানযোগ্য নয় ইত্যাদি কারনে প্রকল্প এলাকাভূক্ত কিশোরীদের বাল্যবিবাহ প্রতিরোধে ইতিবাচক ভূমিকা রাখতে সক্ষম হচ্ছে। উল্লেখ্য, প্রকল্প মেয়াদ শেষ হওয়ার পরও যে সকল শিক্ষার্থীর বয়স ১৮ বছর পূর্ণ হবে না তাদের সঞ্চয় প্রণোদনা কিভাবে প্রদান করা হবে সে বিষয়ে একটি নির্দেশিকা প্রণয়ন করা প্রয়োজন (অনুচ্ছেদ ৩.১৩ ও ৩.১৫)।

## ৫.১৩ ঋণ বিতরণ ও ঋণ আদায়:

সুফলভোগী সদস্যদের ক্ষুদ্র ও উদ্যোক্তা ঋণের চাহিদার ভিত্তিতে মার্চ, ২০২৩ পর্যন্ত ৫৭২০.২২ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। মূলত চাহিদার প্রেক্ষিতে ঋণ ব্যবহারের সক্ষমতা বিবেচনায় এ ঋণ বিতরণ করা হয়েছে। প্রকল্প মেয়াদে ঋণ আদায়ের হার ৯৯.১৮% যা সন্তোষজনক মর্মে প্রতীয়মান হয়েছে। তবে সুফলভোগীদের প্রয়োজনের অতিরিক্ত ঋণ গ্রহণ এবং এক হাতে একাধিক ঋণ গ্রহণ করলে সদস্যের ক্ষতি হওয়ার সম্ভাবনা থাকবে (অনুচ্ছেদ ৩.৪)।

### ৫.১৪ কর্মসংস্থান সৃষ্টি:

প্রকল্পের আওতায় ঋণ সহায়তা কার্যক্রমের ফলে সরাসরি ১৯০৬৭ জনের স্ব-কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। সুফলভোগী সদস্যদের মধ্যে প্রায় শতভাগের কাছাকাছি (৯৩.৩%) সুফলভোগী সদস্য ইরেসপো প্রকল্পের আওতাধীন সমিতি থেকে ঋণ গ্রহণ করেছেন। এছাড়া, গড়ে প্রতি ক্ষুদ্র উদ্যোক্তা সদস্যের মাধ্যমে আরও ১-২ জন করে কিছু সদস্যের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। সমীক্ষায় প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে দেখা যায় জরিপে অংশগ্রহণকারী প্রায় শতভাগ নারী প্রকল্পে অর্ন্তভুক্তির পূর্বে গৃহিনী ছিলেন এবং নিজের কোন আয় ছিল না। প্রকল্প হতে বিভিন্ন আয়বর্ধনমূলক প্রশিক্ষণে অংশগ্রহণ করে দক্ষতা অর্জন এবং প্রকল্প হতে ৮% সেবামূল্যে ঋণ সহায়তা গ্রহণ করে ৮০% সদস্য আত্ম-কর্মসংস্থান সৃষ্টি করতে সক্ষম হয়েছেন। প্রকল্পে অর্ন্তভুক্তির পূর্বে সদস্যদের বার্ষিক গড় মাথাপিছু আয় ছিল ৪৬,১০৪ টাকা এবং বর্তমানে সদস্যদের বার্ষিক গড় মাথাপিছু আয় ৬৬,৩০০ টাকা। প্রকল্পে অন্তর্ভুক্তির পর বর্তমানে সদস্যদের বার্ষিক গড় মাথাপিছু আয় ২০,১৯৬ টাকা বৃদ্ধি পেয়েছে। তবে প্রকল্পের আরডিপিপি অনুযায়ী দীর্ঘমেয়াদি প্রশিক্ষণসমূহ (মোবাইল মেরামত, বিউটিফিকেশন, খাদ্য প্রক্রিয়াজাতকরণ, কম্পিউটার ফ্রিল্যান্সিং, হস্তশিল্প, সেলাই ও এমব্রয়ডারি, অন্যান্য) প্রকল্পের অবশিষ্ট মেয়াদের মধ্যে বাস্তবায়িত হলে অধিক সংখ্যক নারীদের কর্মসংস্থানের সুযোগসহ উদ্যোক্তার সংখ্যা বৃদ্ধি পাবে। (অনুচ্ছেদ ৩.১৩.১.৭) ।

### ৫.১৫ নারী ও কিশোরীর ক্ষমতায়ন:

প্রকল্পের আওতায় সুফলভোগীদের সকলেই নারী ও কিশোরী সদস্য। তাই প্রকল্পের আওতায় নারীদের বিভিন্ন প্রশিক্ষণ ও উঠান বৈঠক এবং কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণের মাধ্যমে বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য পরিচর্যা, যৌতুক প্রথা ও বাল্য বিবাহের কুফল, নেতৃত্ব বিকাশ, নারীর ক্ষমতায়ন, সিদ্ধান্ত গ্রহণে নারীর অংশগ্রহণ, শিশু অধিকার সংরক্ষণ, সঞ্চয় তহবিল সৃষ্টি ও এর সঠিক ব্যবহার, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, মাতৃত্ব ও শিশু স্বাস্থ্য এবং শিক্ষা বিষয়ে নারীদের সচেতনতা বৃদ্ধির কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে প্রকল্পে অন্তর্ভুক্তির পরে অধিকাংশ সুফলভোগী নারী সদস্যরা যৌথভাবে পরিবারিক সিদ্ধান্ত গ্রহণে অংশ গ্রহণ করে থাকেন। এছাড়া প্রকল্পে অন্তর্ভুক্তির পরে প্রায় ১০০ ভাগ কিশোরী বাল্য বিবাহের কুফল সম্পর্কে অবহিত হওয়াসহ বাল্য বিবাহ প্রতিরোধে করনীয় সম্পর্কে সচেতন হয়েছেন। প্রকল্পটি বাস্তবায়নের ফলে নারী ও কিশোরীদের ক্ষমতায়নে ব্যাপক ভূমিকা রাখতে সক্ষম হবে (অনুচ্ছেদ ৩.১৩.১ ও ৩.১৩.২)।

### ৫.১৬ ভৌত অবকাঠামো নির্মাণ, সংস্কার ও আধুনিকায়ন কাজ পর্যবেক্ষণ:

নির্মাণ সামগ্রীর দর অব্যাহত বৃদ্ধির কারণে অর্থ মন্ত্রনালয় কর্তৃক দর পুনঃনির্ধারণ এবং সে আলোকে পিডাব্লিউডি'র রেট সিডিউল ২০২২ সংশোধিত হয়। পিডাব্লিউডি'র রেট পুরাতন সিডিউল ২০২২ অনুযায়ী আরডিপিপির সংস্থানকৃত বরাদ্দে নির্মাণ, সংস্কার ও আধুনিকায়ন কাজসমূহ বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না (অনুচ্ছেদ ৩.১৮) ।

### ৫.১৭ প্রকল্পের আইসিটি কার্যক্রম:

প্রকল্পের সকল কার্যক্রম অনলাইন সফটওয়্যারের মাধ্যমে পরিচালিত হয়। এর ফলে সুফলভোগী সদস্যদের যাবতীয় ব্যক্তিগত তথ্য, প্রশিক্ষণ ও ঋণ সংক্রান্ত তথ্যসহ অন্যান্য সকল তথ্য যে কোন প্রান্ত থেকে প্রাপ্তির সুযোগ প্রসারিত হয়েছে। যার ফলশ্রুতিতে প্রকল্প কার্যক্রমে আর্থিক স্বচ্ছতা ও জোরদার মনিটরিং পরিলক্ষিত হয়েছে। প্রকল্পের আইসিটি কার্যক্রম আরও বিস্তৃত, সদস্যদের দোড়গোরায় সেবা প্রদান, মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ঋণ বিতরণ ও আদায় এবং মাঠ পর্যায় থেকে ডাটা এন্ট্রির সুযোগ প্রসারিত করা যেতে পারে (অনুচ্ছেদ ৩.১৮)।

### ৫.১৮ প্রকল্পটির ডিজাইন এবং লজিক্যাল ফ্রেমওয়ার্ক বিশ্লেষণ

প্রকল্পটির ডিপিপি ও আরডিপিপিতে প্রদত্ত প্রকল্পটির ডিজাইন ও লজিক্যাল ফ্রেমওয়ার্ক পরামর্শকগণ কর্তৃক পর্যবেক্ষণ ও বিশ্লেষণ করা হয়। সার্বিক বিবেচনায় তা যথাযথ মনে হয়েছে এবং এতে কোন ত্রুটি দৃশ্যমান হয়নি (অনুচ্ছেদ ৩.১১)।

### ৫.১৯ প্রশিক্ষণ কার্যক্রমের গুণগত মান

প্রকল্পের আওতায় প্রশিক্ষণের দায়িত্বে দেশীয় স্বনামধন্য প্রতিষ্ঠান নিয়োজিত রয়েছে এবং প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম সরকার অনুমোদিত মডিউল এর আওতায় পরিচালনা করা হচ্ছে বলে সমীক্ষায় প্রতীয়মান হয় (অনুচ্ছেদ ৩.১২)।

### ৫.২০ প্রকল্পের Exit Plan সম্পর্কে পর্যালোচনা

প্রকল্পের ডিপিপিতে প্রকল্পের Exit Plan সম্পর্কে অত্যন্ত সুস্পষ্ট ধারণা ও পরিকল্পনা দেয়া আছে। এই পরিকল্পনায় প্রকল্পের মেয়াদ শেষে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড আইন, ২০১৮ অনুযায়ী বিআরডিবি'র নিজস্ব ব্যবস্থাপনায় কর্মসূচি আকারে বিদ্যমান কর্মকান্ড/সেবাসমূহ পরিচালিত হবে। প্রকল্প মেয়াদ শেষে বিআরডিবি'র চলমান অন্যান্য কর্মসূচির নির্ধারিত সেবামূল্যে বিতরণকৃত ঋণের আদায়কৃত সেবামূল্য ও অন্যান্য অর্থ দ্বারা সৃষ্ট পরিচালন ব্যয়ে প্রকল্প চলাকালীন সময়ের ন্যায় সুফলভোগীদের সেবা প্রদান অব্যাহত রাখা হবে। এছাড়া  প্রকল্পের আওতায় নির্মিত ভৌত অবকাঠামোসমূহ নিয়মিত মেরামত ও রক্ষণাবেক্ষনের সুযোগ রাখা হয়েছে। প্রকল্প মেয়াদ শেষে কার্যক্রম অব্যহত রাখার লক্ষ্যে টেকসই পরিকল্পনা সম্পর্কেও সুস্পষ্ট উল্লেখ রয়েছে (অনুচ্ছেদ ৩.১৯)।

### ৫.২১ অডিট সংক্রান্ত

প্রকল্পের অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন মেয়াদকাল জুলাই, ২০২১ হতে জুন ২০২৬ পর্যন্ত; কিন্তু বাস্তবে প্রকল্প পরিচালক নিয়োগসহ অন্যান্য কার্যাদি সম্পাদনে কিছুটা বিলম্ব হওয়ায় প্রকল্পের প্রকৃত কার্যক্রম বাস্তবায়ন শুরু হয়েছে বিগত অক্টোবর, ২০২১ হতে। তাই এখন পর্যন্ত তেমন কোন আর্থিক অগ্রগতি না হওয়ায় রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক এ প্রকল্পের কোনরূপ অডিট সম্পাদিত হয়নি (অনুচ্ছেদ ৩.৭)।

### ৫.২২ আয় বর্ধনমূলক প্রশিক্ষণ কার্যক্রম পর্যালোচনা:

প্রকল্পের মোট মহিলা সুফলভোগীর সদস্য সংখ্যা ১১৮০০০ জন। অনুমোদিত ডিপিপি অনুযায়ী মোট সুফলভোগীর ৭০ ভাগ অর্থাৎ ৮২৬০০ জন-কে ক্ষুদ্র ঋণ সহায়তা এবং ১৭৭০ জন-কে উদ্যোক্তা ঋণ সহায়তা প্রদানের সংস্থান রয়েছে কিন্তু সুফলভোগী সদস্যদের ৩১৫০ জন কে দীর্ঘ মেয়াদী, ২০০০ জন-কে উদ্যোক্তা উন্নয়ন এবং ৫৩৭০০ জন-কে স্বল্প মেয়াদী আয়বধনমূলক প্রশিক্ষণ প্রদানের সংস্থান রয়েছে অথ্যাৎ সর্বমোট ৫৯৮১০ সুফলভোগী সদস্য প্রশিক্ষণের সুযোগ পাবেন। প্রকল্পের আওতায় একজন সদস্য মাত্র একবার করে প্রশিক্ষণ পেলেও মোট সুফলভোগীর ৫০.৬৮% (৫৮১৯০ জন) সদস্য কোনরূপ প্রশিক্ষণ পাওয়ার সুযোগ নেই। তাই প্রকল্পের মূল উদ্দেশ্য অর্জনের ক্ষেত্রে সকল সুফলভোগী সদস্যদের প্রশিক্ষণের আওতাভূক্ত করাসহ প্রয়োজনীয়তা ও চাহিদার আলোকে একাধিক বিষয়ে প্রশিক্ষণের সুযোগ রাখা প্রয়োজন (অনুচ্ছেদ ৩.৪)।

### ৫.২৩ প্রশিক্ষণ গ্রহণের পর প্রশিক্ষণার্থীদের জন্য Follow Up প্রশিক্ষণের ব্যবস্থা করাঃ

প্রশিক্ষণের মাধ্যমে অর্জিত জ্ঞান হাতে কলমে প্রয়োগের সময় অধিকাংশ প্রশিক্ষণার্থী নানাবিধ সমস্যার সম্মুখীন হচ্ছেন। তাই অধিকাংশ প্রশিক্ষণার্থী তাদের জন্য প্রশিক্ষণের মাধ্যমে অর্জিত জ্ঞান হাতে কলমে প্রয়োগের সময় একটি Follow Up প্রশিক্ষণের আয়োজন করার আবেদন করেন। মাঠ পর্যায়ে জরিপ, স্থানীয় কর্মশালা ও এফজিডিতে অংশগ্রহণকারী অধিকাংশ  প্রশিক্ষণার্থী এই আবেদন করেন (অনুচ্ছেদ ৩.১৪ ও ৩.১৭)।

## ৫.২৪ প্রকল্পের সমাপ্তির পর সমিতি টিকিয়ে রাখা

প্রকল্প দপ্তরের সঙ্গে আলোচনা করে জানা যায় যে, প্রকল্পের পূর্ববর্তী পর্যায়সমূহে গঠন হওয়া অনেক সমিতিকে প্রকল্প দপ্তর প্রকল্প শুরুর সময় নিষ্ক্রিয় অবস্থায় পায়। সে অবস্থায় কোন কোন সমিতি পুনঃগঠন করতে হয় এবং কোন কোন ক্ষেত্রে সমিতির সদস্যদের আলাপ আলোচনার মাধ্যমে উৎসাহিত করে তা আবার সক্রিয় করা হয়েছে। উক্ত প্রকল্পের দ্বিতীয় পর্যায় সমাপ্তির পর এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে কার্যকর পদক্ষেপ প্রয়োজন (অনুচ্ছেদ ৩.১৯)।

## ৫.২৫ প্রশিক্ষণপ্রাপ্তদের সন্তুষ্টি

সমীক্ষায় অংশগ্রহণ করা প্রশিক্ষণার্থীদের মধ্যে শতকরা প্রায় ৮৩% প্রশিক্ষণের বিষয়ে সন্তোষ প্রকাশ করেছেন। অবশিষ্ট ১৭% প্রশিক্ষণের ব্যাপারে মোটামুটি সন্তোষ প্রকাশ করেছেন। এর দ্বারা প্রশিক্ষণের গুণগত মান নিশ্চিতের বিষয়ে ধারণা পাওয়া যায় (অনুচ্ছেদ ৩.১৩.১) ।

# ষষ্ঠ অধ্যায়
# সুপারিশ ও উপসংহার

## ৬.১ সুপারিশসমূহ

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার মাধ্যমে চলমান প্রকল্পটি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য এবং একইসঙ্গে প্রকল্পটি টেকসই করার জন্য প্রতিবেদনে নিম্নলিখিত সুপারিশ করা হয়েছে:

- জনবলের অভাবের কারণে প্রকল্পের অগ্রগতির যথেষ্ট ব্যাঘাত ঘটেছে। জরুরী ভিত্তিতে ইরেসপো কর্মসূচির জনবল ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা অনুযায়ী অনুমোদিত পদের বিপরীতে যে সকল পদ শূন্য রয়েছে তাতে দ্রুত নিয়োগের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে (অনুচ্ছেদ ৫.৩);
- প্রকল্পের মোট মহিলা সুফলভোগীর সদস্য সংখ্যা ১১৮০০০ জনের বিপরীতে মাত্র ৫৯৮১০ জন সুফলভোগী সদস্যদের প্রকল্প মেয়াদে বিভিন্ন আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদানের সুযোগ রয়েছে। প্রকল্পের আওতায় একজন সদস্য মাত্র একবার করে প্রশিক্ষণ পেলেও মোট সুফলভোগীর ৫০.৬৮% (৫৮১৯০ জন) সদস্য কোনরূপ প্রশিক্ষণ পাওয়ার সুযোগ নেই। তাই প্রকল্পের মূল উদ্দেশ্য অর্জনের স্বার্থে সকল সুফলভোগী সদস্যদের প্রশিক্ষণের আওতাভূক্ত করাসহ প্রয়োজনীয়তা ও চাহিদার আলোকে একাধিক বিষয়ে প্রশিক্ষণের সুযোগ সম্প্রসারণের উদ্যোগ নেয়া যেতে পারে (অনুচ্ছেদ ৫.২২);
- প্রশিক্ষণার্থী প্রশিক্ষণের মাধ্যমে অর্জিত জ্ঞান হাতে কলমে প্রয়োগের সময় যেন কোন সমস্যা না হয় সেই লক্ষ্যে প্রতিটি ট্রেড-এ পরবর্তীতে স্বল্পমেয়াদি একটি Follow Up প্রশিক্ষণের ব্যবস্থা রাখা যেতে পারে এবং প্রশিক্ষণার্থী প্রশিক্ষণের মাধ্যমে অর্জিত জ্ঞান হাতে কলমে প্রয়োগের সময় যাতে সরাসরি পরামর্শ গ্রহণ করতে পারে সে লক্ষ্যে বিআরডিবি একটি হেল্পলাইন চালু করতে পারে (অনুচ্ছেদ ৫.২২);
- প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে সুফলভোগীদের চাহিদা ও ডিপিপি'র সংস্থান অনুযায়ী দীর্ঘমেয়াদী প্রশিক্ষণসমূহ দ্রুত বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে। মানসম্মত প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যে প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রাপ্যতা ও উপযুক্ততা বিবেচনা করে মানসম্মত প্রশিক্ষণ ভেন্যু ও আবাসিক ব্যবস্থা নিশ্চিত করতে হবে (অনুচ্ছেদ ৫.১৪);
- কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণে উপজেলা ও জেলা প্রশাসনের কর্মকর্তাদের অধিকহারে সম্পৃক্ত করতে হবে। বর্তমানে মূল্যবৃদ্ধিজনিত কারণে কিশোরীদের প্রশিক্ষণ উপকরণ বাবদ প্রদানযোগ্য ভালোমানের স্যানিটারী ন্যাপকিন ও শিক্ষা উপকরণ প্রদানের স্বার্থে স্যানিটারী ন্যাপকিন ও শিক্ষা উপকরণ বাবদ বরাদ্দ বৃদ্ধি করা যেতে পারে (অনুচ্ছেদ ৫.১১);
- প্রকল্প মেয়াদ শেষ হওয়ার পরও যে সকল শিক্ষার্থীর বয়স ১৮ বছর পূর্ণ হবে না তাদের সঞ্চয় প্রণোদনা কিভাবে প্রদান করা হবে সে বিষয়ে একটি নির্দেশিকা প্রণয়ন করা যেতে পারে (অনুচ্ছেদ ৫.১২);
- প্রকল্পটি যথাসময়ে সমাপ্ত করার লক্ষ্যে প্রকল্পের সকল ক্রয় কার্যক্রমসমূহ দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে। এছাড়া প্রশিক্ষণ ও ঋণ কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম বিশেষ করে সমিতি গঠন, সদস্য অন্তর্ভুক্তি, পুঁজি গঠন ইত্যাদি নির্ধারিত মেয়াদে সমাপ্তের জন্য প্রকল্প দপ্তরকে সময়ভিত্তিক কর্ম পরিকল্পনা প্রণয়ন করে তার ভিত্তিতে প্রকল্প কার্যক্রম চালিয়ে যেতে হবে এবং অনিবার্য কারণে কোন সময়ে বাস্তবায়নে ব্যঘাত ঘটলে অবশ্যই তা পরবর্তী সময়ে পুষিয়ে নিতে হবে। এক্ষেত্রে মন্ত্রণালয় কর্তৃক মনিটরিং আরও জোরদার করা যেতে পারে (অনুচ্ছেদ ৫.২);
- প্রকল্পের আইসিটি কার্যক্রম আরও বিস্তৃত, সদস্যদের দোড়গোরায় সেবা প্রদান, মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ঋণ বিতরণ ও আদায় এবং মাঠ পর্যায় থেকে ডাটা এন্ট্রির সুযোগ প্রসারিত করার স্বার্থে মাঠ সংগঠকদের স্মার্ট মোবাইল/ট্যাব প্রদানের বিষয়টি বিবেচনা করা যেতে পারে (অনুচ্ছেদ ৫.১৭);
- প্রকল্পটি সমাপ্ত হলে প্রকল্পের আওতায় গঠিত সমিতি সক্রিয় রাখার লক্ষ্যে বিআরডিবি উদ্যোগী ভূমিকা রাখতে পারে। এক্ষেত্রে বিআরডিবি সমিতিসমূহের পৃষ্ঠপোষকতার মাধ্যমে সংগঠন টিকিয়ে রাখা, উপজেলা পর্যায়ের

অফিসের মাধ্যমে সেবাসমূহ গ্রামের মানুষের কাছে পৌঁছে দেয়ার ক্ষেত্রে কার্যকরী যোগাযোগ রক্ষায় ভূমিকা রাখতে পারে (অনুচ্ছেদ ৫.২০),

- নির্মাণ সামগ্রীর দর অব্যাহত বৃদ্ধির কারণে প্রকল্পের ভৌত অবকাঠনো নির্মাণ, সংস্কার ও আধুনিকায়ন কাজসমূহ বাস্তবায়নের স্বার্থে পিডব্লিউডি'র সিডিউল অফ রেট ২০২২ এর পরিবর্তে রিভাইজড সিডিউল অফ রেট ২০২২ অনুযায়ী নির্মাণ খাতে বরাদ্দ বৃদ্ধি করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে (অনুচ্ছেদ ৫.১৬);
- প্রকল্পের পরিবীক্ষণ কার্যক্রম জোরদার করার লক্ষ্যে প্রকল্পের অবশিষ্ট সময়ে PIC ও PSC কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের পদক্ষেপ নিতে হবে, কারণ এই সভাসমূহের মাধ্যমে যথাযথ নীতি নির্ধারণ, বাস্তবায়নের অবস্থা নিরূপণ ও বাস্তবায়নে গতি সঞ্চার করা সম্ভব (অনুচ্ছেদ ৫.৪) ;
- প্রকল্প দপ্তরকে অবিলম্বে সমাপ্ত অর্থবছরের নিরীক্ষা কার্যক্রম শুরুর বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে। এ বিষয়ে তারা সরকারের নিরীক্ষা দপ্তরের সঙ্গে পত্র মারফত যোগাযোগ করতে পারে (অনুচ্ছেদ ৫.২১);
- প্রকল্পটি সমাপ্ত হলে প্রকল্প সংক্রান্ত বিভিন্ন দলিল কেন্দ্রীয়ভাবে কোন দায়িত্বশীল কর্মকর্তার অধীনে সংরক্ষণ করতে হবে যাতে ভবিষ্যতে যেকোনো প্রয়োজনে তা ব্যবহার করা যায় (অনুচ্ছেদ ৫.২০);
- প্রকল্পের ডিপিপি'তে উল্লিখিত টেকসইকরণ পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের আওতায় গঠিত সমিতি পরিচালিত হতে হবে। প্রকল্পের আওতায় সংগৃহীত বিভিন্ন মালামাল সংশ্লিষ্ট বিভাগ ও অধীনস্থ সংস্থায় হস্তান্তর করা যেতে পারে (অনুচ্ছেদ ৫.২০);এবং
- ভবিষ্যতে এই ধরণের প্রকল্প গ্রহণের ক্ষেত্রে প্রয়োজনীয় ফিজিবিলিটি স্টাডি/ বেজলাইন স্টাডি সম্পাদন করে প্রকল্প গ্রহণ সমীচীন হবে। এর মাধ্যমে প্রকল্পের স্টেকহোল্ডারদের সঙ্গে আলোচনার আরো বৃহৎ ক্ষেত্র তৈরি হবে যা প্রকল্পের বাস্তবসম্মত কার্যপরিধি নির্ধারণে সহায়ক হবে (অনুচ্ছেদ ৫.৫)।

## ৬.২ উপসংহার

পরিকল্পনা মন্ত্রণালয় এর বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ কর্তৃক প্রকল্প চলাকালীন প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ একটি গুরুত্বপূর্ণ ও কার্যকরী পদক্ষেপ। এই ধরনের পদক্ষেপের মাধ্যমে প্রকল্পের কাজের গুণগত মান নিশ্চিতকরণ, সার্বিক ও বাস্তব অগ্রগতি নিরীক্ষণ, প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধির কারণ চিহ্নিতকরণ, প্রকল্পের বিভিন্ন সমস্যাসমূহ পর্যালোচনা ও পর্যবেক্ষণ এবং তার সমাধানকল্পে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করা সম্ভব হয়, যা নির্দিষ্ট সময়ের এবং অর্থের মধ্যে প্রকল্প বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। প্রকল্প বাস্তবায়নকারী সংস্থাকে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন করার জন্য আরো বেশী তৎপর হতে হবে এবং ডিপিপি প্রণয়নের সময় সকল কার্যক্রম যথাযথভাবে ডিপিপিতে অন্তর্ভুক্ত করতে হবে যাতে পরবর্তীতে ডিপিপির সংশোধনের প্রয়োজন না হয়।

**সংযোজনী-১**

**প্রকল্পের শিরোনাম: "দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প-২য় পর্যায় (ইরেসপো-২য় পর্যায়)"**

**বাস্তবায়নকারী সংস্থা:** বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)

**ইনকাম জেনারেটিং প্রশিক্ষণ প্রাপ্তদের জন্য প্রশ্নপত্র**

| | | |
|---|---|---|
| **A.** | **সাধারণ এবং ডেমোগ্রাফিক তথ্য** | **Code** |
| A.1 | উত্তরদাতার নাম :<br>এনআইডি: মোবাইল:<br>ঠিকানা : | |
| A.2 | **মহিলা** | |
| A2.1 | আপনার পরিবারের প্রধান কে? (১=পুরুষ, ২=মহিলা) | |
| A.3 | উত্তরদাতার বয়স: | |
| A.4 | বৈবাহিক অবস্থা: ১=বিবাহিত , ২=অবিবাহিত, ৩=তালাকপ্রাপ্ত, ৪=বিধবা, ৫=স্বামী পরিত্যক্তা | |
| A.6 | শিক্ষাগত যোগ্যতাঃ [সর্বোচ্চ কোন শ্রেণি পাশ] : (১=নিরক্ষর, ২= ১ম থেকে ৫ম শ্রেণি, ৩=৬ষ্ঠ হতে ১০ম শ্রেণি, ৪=এস এস সি,) ৫=এইচ এস সি, ৬=গ্রাজুয়েশন বা তার উপরে, ৭=অন্যান্য | |
| A.7 | আপনার বর্তমান প্রধান পেশা- ১=ক্ষুদ্র ব্যবসা, ২= মাঝারি ব্যবসা, ৩= সরকারি চাকুরী, ৪=বেসরকারি চাকুরী, ৫=বেকার, ৬=কৃষিকাজ, ৭=গৃহিনী, ৮=অন্যান্য উল্লেখ করুন ……………………, | |
| A.8 | আপনার পরিবারে মোট সদস্য সংখ্যা কত জন? পুরুষ ___________ মহিলা______________ | |
| | স্কুলে যায়, এমন ছেলের সংখ্যা _______________ মেয়ের সংখ্যা___________________ | |
| B | **অর্থনৈতিক তথ্য** | |
| B.1 | বর্তমানে আপনার পরিবারের মাসিক আয় কত টাকা? | |
| B.2 | বর্তমানে আপনার পরিবারের মাসিক ব্যয় কত টাকা? | |
| B.3 | প্রশিক্ষণ ও ঋণ প্রাপ্তির আগে আপনার পরিবারের মাসিক আয় কত টাকা? | |
| B.4 | প্রশিক্ষণ ও ঋণ প্রাপ্তির আগে আপনার পরিবারের মাসিক ব্যয় কত টাকা? | |
| B.5 | প্রশিক্ষণ প্রাপ্তির আগে আপনার পেশা কি ছিলো? ১=ক্ষুদ্র ব্যবসা, ২= মাঝারি ব্যবসা, ৩= সরকারি চাকুরী, ৪=বেসরকারি চাকুরী, ৫=বেকার, ৬=কৃষিকাজ, ৭=গৃহিনী, ৮=অন্যান্য উল্লেখ করুন …………………… | |
| B.6 | বর্তমানে আপনার আয়ের উৎস? ১=সেলাই এবং পোষাক তৈরি , ২= গবাদি পশু পালন, ৩= হাঁস-মুরগী পালন, ৪= কৃষি জমি চাষ, ৫= ফুল চাষ, ৬=ইলেক্ট্রনিক্স/ইলেক্ট্রিক্যাল/কম্পিউটার/আইসিটি , ৭=প্লাম্বিং, ৮=মোটরসাইকেল ও তিন চাকার মেরামত, ৯= অন্যান্য উল্লেখ করুন | |
| B.7 | প্রশিক্ষণ ও ঋণ নিয়ে যে ব্যবসা শুরু করেছেন, সেখান থেকে আপনার বাৎসরিক আয় কত টাকা? | |
| C | **সাংগঠনিক ও ব্যক্তিগত সঞ্চয় সংক্রান্ত তথ্যাদি** | |
| C.1 | আপনার অর্ন্তভুক্ত সমিতির নাম :<br>সমিতির কোড নং :<br>সদস্য কোড নং: | |
| C.2 | সমিতিতে অর্ন্তভূক্তির তারিখ: | |
| C.3 | সমিতির ব্যবস্থাপনা কমিটিতে আপানি আছেন কি? | |
| C.4 | উত্তর হ্যাঁ হলে পদের নাম উল্লেখ করুন- | |
| C.5 | সমিতিতে আপনার ব্যক্তিগত সঞ্চয়ের পরিমাণ কত? | |
| C.6 | প্রকল্প সর্ম্পকে আপনি কিভাবে অবগত হলেন?<br>(১= প্রকল্পের মাঠসংগঠক, ২= প্রতিবেশি, ৩= অন্যান্য) | |

| | | |
|---|---|---|
| D | **প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাদি** | |
| D.1 | **আপনি এ প্রকল্প হতে কোন প্রশিক্ষণ পেয়েছেন কিনা**? **(১= হ্যাঁ, ২= না)** | |
| D.2 | উত্তর হ্যাঁ হলে আপনি কত সালে প্রশিক্ষণ পেয়েছেন? | |
| D.3 | আপনি প্রশিক্ষণ সম্পর্কে কীভাবে জানতে পেরেছেন?<br>১= প্রকল্পের মাঠসংগঠক, ২=বন্ধু বান্ধব, ৩=আত্মীয়-স্বজন, ৪=মাইকিং, ৫= অন্যান্য …………………… | |
| D.4 | কোথায় প্রশিক্ষণ নিয়েছেন?<br>১=ইউনিয়ন, ২=উপজেলা, ৩= প্রশিক্ষণ কেন্দ্র, ৪=অন্যান্য | |
| D.5 | আপনি কত দিনের প্রশিক্ষণ পেয়েছেন? | |
| D.6 | আপনি কোন বিষয়ের উপর প্রশিক্ষণ পেয়েছেন? | |
| D.7 | প্রশিক্ষণের বিষয়ে আপনার সন্তুষ্টি কেমন ছিলো? ১=খুব সন্তুষ্ট, ২= সন্তুষ্ট, ৩= মোটামোটি সন্তুষ্ট, ৪= সন্তুষ্ট না, ৫=মোটেই সন্তুষ্ট না | |
| D.8 | সন্তুষ্ট না হলে কেন?................................................ | |
| D.9 | আপনি কি মনে করেন প্রশিক্ষণের সময় যথেষ্ঠ ছিলো ? (১= হ্যাঁ, ২= না) | |
| D.10 | যদি না হয়, তাহলে কেনো? ------------------ | |
| D.11 | প্রশিক্ষণের সময়কাল সম্পর্কে আপনার মতামত দিন?<br>১= খুবই ভাল ছিল, ২= ভাল ছিল, ৩= মোটামুটি ভাল ছিল, ৪= ভাল ছিলো না | |
| D.12 | প্রশিক্ষণে ব্যবহারিক (Practical) কোন বিষয় অন্তর্ভুক্ত ছিলো কিনা? (১= হ্যাঁ, ২= না) | |
| D.13 | প্রশিক্ষণকালীন সময়ে কোন প্রশিক্ষণ ভাতা পেয়েছিলেন কি?<br>(১= হ্যাঁ, ২= না) | |
| D.14 | ক) যদি হ্যাঁ হয় তাহলে দৈনিক কত টাকা পেয়েছিলেন?<br>খ) কিভাবে ভাতা পেয়েছেন?<br>(১= নগদে, ২ = আপনার নিজ ব্যাংক হিসাব মারফত) | |
| D.15 | প্রশিক্ষণে দুপুরের খাবার ও আপ্যায়নের সুবিধা ছিল কি? (১= হ্যাঁ, ২= না) | |
| D.16 | আপনি কি মনে করেন প্রশিক্ষণের কারণে আপনার পরিবার লাভবান হয়েছে? (১= হ্যাঁ, ২= না) | |
| D.17 | প্রশিক্ষণ গ্রহণের ফলে আপনার কী কী সুবিধা হয়েছে বলে আপনি মনে করেন?<br>১=আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে, ২=জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি পেয়েছে, ৩=কাজের প্রতি আগ্রহ বৃদ্ধি পেয়েছে, ৪=পরিবারের আয় বৃদ্ধি পেয়েছে, ৫=দৃষ্টিভঙ্গির পরিবর্তন হয়েছে, ৬=সঠিক সময়ে সঠিক সিদ্ধান্ত নিতে পারছি, ৭= আত্মবিশ্বাস বেড়েছে, ৮=কাজের ক্ষেত্রে ভুল কম হচ্ছে, ৯=নারীর ক্ষমতায়ন বৃদ্ধি পেয়েছে, ১০=তেমন কোন লাভ হয়নি | |
| D.18 | আরও কোন আইজিএ বিষয়ে আপনার প্রশিক্ষণের প্রয়োজন আছে কি? (১=হ্যাঁ, ২=না) | |
| D.19 | উত্তর হ্যাঁ হলে আইজিএ এর নাম উল্লেখ করুন? | |
| **D.20** | প্রশিক্ষণকালীন সময়ে কী কী অসুবিধা হয়েছে বলে মনে করেন? | |
| **E** | **ঋণ সংক্রান্ত তথ্যাদি** | |
| E.1 | আপনি কি প্রকল্প থেকে ঋণ পেয়েছেন? (১=হ্যাঁ, ২=না) | |
| E.2 | **উত্তর হ্যাঁ হলে, কত টাকা ঋণ পেয়েছেন**? | |
| | ঋণের টাকা কিভাবে পেয়েছেন? (১= নগদে, ২= নিজ নামের ব্যাংক হিসাবের মাধ্যমে) | |

| | | |
|---|---|---|
| | আপনি কি ধরণের ঋণ গ্রহণ করেছেন? (১= ক্ষুদ্র ঋণ, ২= উদ্যোক্তা ঋণ) | |
| E.3 | ঋণের টাকা কি উদ্দেশ্যে ব্যয় করেছেন?<br>১=গাভী পালন, ২=গরুমোটাজাতকরণ, ৩=নার্সারী, ৪=পোল্ট্রি, ৫=ছাগল ও ভেড়া পালন, ৬=অন্যান্য ………………………………………………… | |
| E.4 | ঋণের পরিশোধের মেয়াদকাল কত? (১= ১ বছর, ২= ২ বছর) | |
| E.5 | ঋণের সেবামূল্যের হার কত? (১= ৮%, ২= ১০%, ৩= ১১%) | |
| E.6 | ঋণের টাকা কি সম্পূর্ণ পরিশোধ করেছেন? (১=হ্যাঁ, ২=না) | |
| E.7 | পরিশোধ না করে থাকলে কেন পরিশোধ করেন নি?<br>…………………………………………………………… | |
| E.8 | ঋণ প্রাপ্তিতে কোন শর্ত ছিল কি? (১=হ্যাঁ, ২=না) | |
| E.9 | কী কী শর্ত ছিল?<br>………………………………………………… | |
| E.10 | ঋণ প্রাপ্তির কত দিন পর কিস্তি দিতে হয়েছে? (১= ০ দিন, ২= ৩০ দিন, ৩= ৬০ দিন) | |
| E.11 | কিস্তি পরিশোধ করতে কোন অসুবিধা হয়েছিল কি? (১=হ্যাঁ, ২=না) | |
| E.12 | উত্তর হ্যাঁ হলে কিস্তি পরিশোধ করতে কী কী অসুবিধা হয়েছিল?<br>………………………………………………………………<br>……………………………………………………………… | |
| E.13 | আপনি অন্য কোন সংস্থা থেকে ঋণ নিয়েছেন কি? (১=হ্যাঁ, ২=না) | |
| E.14 | উত্তর হ্যাঁ হলে কোন সংস্থা থেকে?<br>১=সরকারি ব্যাংক, ২=বেসরকারি ব্যাংক, ৩=এনজিও, ৪=স্থানীয় মহাজন | |
| E.15 | উক্ত সংস্থা হতে কত টাকা ঋণ নিয়েছেন? | |
| E.16 | অন্য সংস্থা থেকে গৃহীত ঋণের সুদের হার কত? | |
| **F** | **আয়বর্ধনমূলক কার্যক্রম সংক্রান্ত তথ্য** | |
| F.1 | আপনার ব্যবসা/আইজিএ এর নাম কি? ১=গাভী পালন, ২=গরুমোটাজাতকরণ, ৩=নার্সারী, ৪=পোল্ট্রি, ৫=ছাগল ও ভেড়া পালন, ৬=অন্যান্য…………………… | |
| F.2 | কবে ব্যবসা/আইজিএ শুরু করেছেন? | |
| F.3 | আপনার ব্যবসা/আইজিএ এর প্রাথমিক মূলধন কত ছিলো? | |
| F.4 | প্রাথমিক মূলধনের উৎস কি ছিলো? ১=নিজস্ব, ২=পরিবার হতে, ৩=বন্ধু-বান্ধব, ৪=প্রকল্প হতে, ৫=ব্যাংক থেকে, ৬=এনজিও, ৭=অন্যান্য………………… | |
| F.5 | মূলধনের উৎস ঋণ হলে, ঋণের পরিমাণ কত ছিলো? | |
| F.6 | আপনার প্রকল্পে উৎপাদিত কৃষি/অকৃষি পণ্যের নাম কী? | |
| F.7 | আপনার উৎপাদিত কৃষি/অকৃষি পণ্য কোথায় বিক্রি করেন? | |
| F.8 | আপনার উৎপাদিত কৃষি/অকৃষি পণ্য বাজারজাতকরণে কোন সমস্যা আছে কি? (১=হ্যাঁ, ২=না) | |
| F.9 | উত্তর হ্যাঁ হলে সমস্যার বিবরণ দিন। …………………………………… | |
| F.1০ | সমস্যা সমাধানের উপায় সম্পর্কে মতামত/পরামর্শ দিন। ………………............... | |
| F.1১ | ব্যবসা/আইজিএ বিভিন্ন কর্মকান্ড থেকে সৃষ্ট সম্পদের পরিমাণ কত? | |
| F.12 | বর্তমানে ব্যবসা/আইজিএ থেকে মাসিক আয় কত টাকা? | |
| F.13 | আপনার ব্যবসা/আইজিএ-তে কতজন কর্মচারী আছে? | |
| F.14 | কর্মচারীর মাসিক বেতন কত টাকা? | |
| F.15 | বর্তমান ব্যবসা/আইজিএ এর মাধ্যমে আপনার পরিবার উপকৃত হয়েছে কি? (১=হ্যাঁ, ২=না) | |
| F.16 | ব্যবসা/আইজিএ এর মাধ্যমে আপনার পরিবারে কী ধরনের পরিবর্তন এসেছে?……………………...................... | |

| | | |
|---|---|---|
| F.17 | ব্যবসা/আইজিএ গ্রহণের পর পরিবারে ও সমাজে আপনার সম্মান বৃদ্ধি পেয়েছে কি? (১=হ্যাঁ, ২=না) | |
| F.1৮ | ব্যবসা/আইজিএ এর আয় থেকে কোন সম্পদ ক্রয় করেছেন কি? (১=হ্যাঁ, ২=না) | |
| F.19 | করলে তার বিবরণ দিন? ...................... | |
| F.20 | আপনার ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে কিছু বলুন? ............... | |
| F.21 | প্রশিক্ষণ থেকে প্রাপ্ত জ্ঞান ও দক্ষতা নিয়ে আপনার বন্ধু-বান্ধব ও আত্নীয়-স্বজন কারো সাথে আলাপ আলোচলা করেছেন কি? | |
| F.22 | উত্তর হ্যাঁ হলে আলোচনার বিষয় বস্তু কী ছিলো? .......................... | |
| F.23 | আপনি কি কাউকে প্রশিক্ষণ নিয়ে ব্যবসা আরম্ভ করার পরামর্শ দিয়েছেন? (১=হ্যাঁ, ২=না) | |
| F.24 | আপনার পরামর্শ শুনে কেউ কি ব্যবসা শুরু করেছিলেন? (১=হ্যাঁ, ২=না) | |
| F.25 | হ্যাঁ হলে, আপনার মতে উক্ত ব্যক্তি কেমন ব্যবসা করছেন? | |
| F.26 | তাঁর প্রতি আপনার পরামর্শ কী? | |
| F.27 | আপনি কি মনে করেন এই প্রকল্পের ফলে নারীর ক্ষমতায়ন বৃদ্ধি পেয়েছে? (১=হ্যাঁ, ২=না) | |
| F.28 | পারিবারিক ব্যয়ের ব্যাপারে আপনার পরিবারের নারীদের ভূমিকা আছে কি? (১=হ্যাঁ, ২=না) | |
| F.29 | আপনার পরিবারের সন্তানদের শিক্ষা, বিবাহ এবং অন্যান্য পারিবারিক বিষয়ে নারীরা সিদ্ধান্ত দিতে পারে কি? (১=হ্যাঁ, ২=না) | |
| F.30 | এই প্রকল্পের কার্যক্রম সম্পর্কে আপনার পরামর্শ দিন? | |

| | | | |
|---|---|---|---|
| | | | |
| G | **নিম্মোক্ত বিষয় সম্পর্কে আপনার সঠিক ধারণা আছে কি?** | (১=হ্যাঁ, ২=না) | |
| G.1 | মা ও শিশু পুষ্টি সম্পর্কে আপানার ধারণা আছে কি? | (১=হ্যাঁ, ২=না) | |
| G.2 | মেয়েদের বিয়ের সর্বনিম্ন বয়স কত? | | |
| G.3 | ছেলেদের বিয়ের সর্বনিম্ন বয়স কত? | | |
| G.4 | বহু বিবাহ সম্পর্কিত আইনে ১ম স্ত্রীর অনুমতি নিতে হবে কি? | (১=হ্যাঁ, ২=না) | |
| G.5 | তালাক সম্পর্কিত আইনে মোখিক তালাকে তালাক হয় কি? | (১=হ্যাঁ, ২=না) | |
| G.6 | যৌতুক বিরোধী আইন বিষয়ে (যৌতুক দেয়া-নেয়া নিষিদ্ধ) আপনি অবগত আছেন কি? | (১=হ্যাঁ, ২=না) | |
| G.7 | বিবাহ নিবন্ধীকরণ/রেজিস্ট্রি বিষয়ে আপনি অবগত আছেন কি? | (১=হ্যাঁ, ২=না) | |
| G.8 | উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত সম্পত্তিতে নারীর অংশ প্রাপ্তির বিষয়ে আপনি অবগত আছেন কি? | (১=হ্যাঁ, ২=না) | |

তথ্য সংগ্রহকারীর নাম ও তারিখ

উত্তরদাতার স্বাক্ষর ও তারিখ

**সংযোজনী-২**

**প্রকল্পের শিরোনাম: "দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প-২য় পর্যায় (ইরেসপো-২য় পর্যায়)"**

**বাস্তবায়নকারী সংস্থা:** বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)

## প্রশিক্ষণ কেন্দ্র পর্যবেক্ষণের জন্য চেকলিস্ট

প্রশিক্ষণ কেন্দ্রের নাম -

প্রতিষ্ঠার তারিখ-

ঠিকানা-

বিভাগ-

উপজেলা-

জেলা-

| |
|---|
| ১। প্রশিক্ষণ কর্মসূচীর জন্য কখন থেকে এই সেন্টার/ভেন্যুটি ব্যবহার করা হচ্ছে? ......... সন......... মাস |
| ২। প্রশিক্ষণ কেন্দ্রটির ধরণ সরকারী/স্বায়ত্বশাসিত/বেসরকারী |
| ৩। প্রশিক্ষণ কেন্দ্রটির এর মোট আয়তন কত?................................একর |
| ৪। একই সঙ্গে কত জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ সুবিধা রয়েছে.................... জন |

৭। প্রশিক্ষণ কেন্দ্রের ভৌত অবকাঠামো/সুবিধা সম্পর্কিত তথ্যাদি

| ক্রমিক নং | বিবরণ | সংখ্যা |
|---|---|---|
| ১ | প্রশিক্ষণ কেন্দ্রের শ্রেণী কক্ষের সংখ্যা | |
| ২ | আবাসিক কক্ষের সংখ্যা | |
| ৩ | বাথরুম/গোসলখানা | |
| ৪ | টয়লেট | |
| ৫ | জেনারেটর | |
| ৬ | লিফট | |
| | অন্যান্য ........................................<br>.......................................................... | |

৮। প্রশিক্ষণ কেন্দ্রের সেবা এবং অবকাঠামোর গুণগতমান পর্যবেক্ষণ

| ক্রমিক নং | বিষয় | কোড<br>পর্যবেক্ষণ/জিজ্ঞাসা করে লিখুন | উত্তর |
|---|---|---|---|
| | ক) প্রশিক্ষণ কেন্দ্রের সেবার মান যাচাই | | |
| ১ | প্রশিক্ষণের জন্য মাল্টি মিডিয়া প্রজেক্টরের পর্যাপ্ত সুবিধা আছে কি? | ১=হ্যাঁ, ২=না | |
| ২ | প্রশিক্ষণ কক্ষে বিদ্যুৎ সুবিধা আছে কি? | ১=হ্যাঁ, ২=না | |
| ৩ | প্রশিক্ষণ কেন্দ্রে/কক্ষে অগ্নি নির্বাপক ব্যবস্থা আছে কি? | ১=হ্যাঁ, ২=না | |
| ৪ | প্রশিক্ষণ কেন্দ্রে ফাস্ট এইড | ১=হ্যাঁ, ২=না | |
| ৫ | প্রশিক্ষণ কক্ষের আলো-বাতাস/ভেন্টিলেশন ব্যবস্থা কেমন? | ১=যথেষ্ট ভালো, ২=মোটামুটি, ৩=ভালো নয় | |
| ৬ | প্রশিক্ষণ কক্ষে/কেন্দ্রে নিরাপদ খাবার পানির ব্যবস্থা আছে কি? | ১=হ্যাঁ, ২=না | |
| ৭ | প্রশিক্ষণ কেন্দ্রের নিরাপত্তা ব্যবস্থা কেমন? | ১=হ্যাঁ, ২=না | |
| ৮ | প্রশিক্ষণার্থীদের জন্য পর্যাপ্ত টয়লেট আছে কি? | ১=হ্যাঁ, ২=না | |
| ৯ | টয়লেটের পরিষ্কার পরিচ্ছন্নতার মান কেমন? | ১=যথেষ্ট ভালো, ২=মোটামুটি, ৩=ভালো নয় | |
| ১০ | বাথরুম/টয়লেটের দরজা/জানালা ভাঙ্গা কি? | ১=হ্যাঁ, ২=না | |

৯। সার্বিক বিবেচনায় প্রশিক্ষণ কেন্দ্রের গুণগতমান সম্পর্কে আপনার মন্তব্য লিখুনঃ

প্রশিক্ষণ কেন্দ্র পর্যবেক্ষণকারীর নাম-

প্রশিক্ষণ কেন্দ্র পর্যবেক্ষণকারীর স্বাক্ষর ও তারিখ-

**সংযোজনী-৩**

**প্রকল্পের শিরোনাম: "দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প-২য় পর্যায় (ইরেসপো-২য় পর্যায়)"**

**বাস্তবায়নকারী সংস্থা:** বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)

**FGD সভা পরিচালক জন্য চেক লিস্ট**

ফোকাস গ্রুপ ডিসকাশন স্থান:

১। জেলা: ______________________________ ২। উপজেলা: ______________________

৩। ইউনিয়ন :__________________________ ৪। গ্রাম: ____________________

৫। তারিখ:

| ক্রমিক নং | অংশগ্রহণকারীদের নাম | লিঙ্গ | বয়স | পেশা | শিক্ষা | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | | | | | | | |
| ২ | | | | | | | |
| ৩ | | | | | | | |
| ৪ | | | | | | | |
| ৫ | | | | | | | |
| ৬ | | | | | | | |
| ৭ | | | | | | | |
| ৮ | | | | | | | |
| ৯ | | | | | | | |
| ১০ | | | | | | | |

৬। আপনারা কী মনে করেন প্রশিক্ষণ আপনাদের কাজে লেগেছে? কীভাবে।

৭। আপনারা কী মনে করেন যে, প্রশিক্ষণ কাজে লাগিয়ে আর্থ-সামাজিকভাবে লাভবান হয়েছেন?

৮। আপনারা কি মনে করেন এই প্রকল্পের ফলে নারীদের ক্ষমতায়ন বৃদ্ধি পেয়েছে?

৯। আপনারা কি সবাই ঋণ পেয়েছেন? না পেয়ে থাকলে কেন পাননি?

১০। আপনারা কি প্রশিক্ষণ পাওয়ার জন্য কোন গ্রুপ গঠন করেছিলেন? যদি করে থাকেন কেন করে ছিলেন? না করে থাকলে কেন করেন নাই?

১১। যারা প্রশিক্ষণ পেয়েছেন তাদের কীভাবে আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন করা যায়?

১২ যারা প্রশিক্ষণ পাননি, তাদের সাথে আলাপ আলোচনা করেছেন? প্রশিক্ষণ যারা পাননি তাদের মধ্যে কী প্রশিক্ষণ গ্রহণের আগ্রহ দেখেছেন? কি ধরনের আগ্রহ দেখতে পেয়েছেন? কেন তারা প্রশিক্ষণ নিতে চাচ্ছেন?

১২। প্রকল্পের সবল দিক সমূহ বলুন, প্রকল্পের দূর্বল দিকসমূহ বলুন, প্রকল্পের সুযোগসমূহ বলুন, প্রকল্পের ঝুঁকি সমূহ বলুন?

তথ্য সংগ্রহকারীর নাম ও তারিখ

স্বাক্ষর

**সংযোজনী-৪**

**প্রকল্পের শিরোনাম: "দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প-২য় পর্যায় (ইরেসপো-২য় পর্যায়)"**

**বাস্তবায়নকারী সংস্থা:** বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)

## পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এবং অন্যান্য কর্মকর্তাদের জন্য চেকলিস্ট

নাম : ফোন/মোবাইল:

পদবী: শাখা/সংস্থা:

উত্তরদাতার ই-মেইল আইডি:

১। প্রকল্পটির বাস্তবায়ন বিষয়ে আপনি কি অবগত আছেন? (১= হ্যাঁ, ২= না)

২। প্রকল্পের উদ্দেশ্য সঠিকভাবে বাস্তবায়নের ক্ষেত্রে ঋণ ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ প্রদান সহায়ক হয়েছে বা হবে বলে কি আপনি মনে করেন? (১.হ্যাঁ ২.না)

৩। আপনার মতে প্রকল্পটি সঠিকভাবে বাস্তবায়ন হলে আয়বর্ধক কর্মকান্ডের মাধ্যমে গ্রামীণ মহিলাদের দারিদ্র হ্রাস, আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ও সুফলভোগী সদস্যদের বার্ষিক মাথাপিছু আয় বৃদ্ধি পাবে কি? (১.হ্যাঁ ২.না)

৪। আপনার মতে প্রকল্পটি সঠিকভাবে বাস্তবায়ন হলে উপজেলা ও জেলা পর্যায়ে জাতিগঠনমূলক প্রতিষ্ঠানসমূহের সাথে সার্বক্ষণিক সংযোগ, কার্যকর পরিবীক্ষণ কৌশল অবস্থার উন্নয়ন হবে কি? (১.হ্যাঁ ২.না)

৫। আপনার মতে প্রকল্পটি সঠিকভাবে বাস্তবায়ন হলে নিরাপদ মাতৃত্ব ও শিশু কল্যাণ সেবা, স্বাস্থ্য ও পয়ঃনিস্কাশন ব্যবস্থার উন্নয়ন হবে কি? (১.হ্যাঁ ২.না)

৬। আপনার মতে প্রকল্পটি সঠিকভাবে বাস্তবায়ন হলে কৃষি ও অকৃষি ক্ষেত্রে ইতিবাচক ভূমিকা রাখতে সক্ষম হবে কি? (১.হ্যাঁ ২.না)

৭। আপনার মতে প্রকল্পটি সঠিকভাবে বাস্তবায়ন হলে বাল্য বিবাহ হ্রাস, বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য সচেতনতা ও ইভটিজিং হ্রাসে কার্যকর ভূমিকা রাখতে সক্ষম হবে কি? (১.হ্যাঁ ২.না)

৮। আপনার মতে প্রকল্পটি সঠিকভাবে বাস্তবায়ন হলে নারী ও কিশোরীর ক্ষমতায়নে ভূমিকা রাখতে সক্ষম হবে কি? (১.হ্যাঁ ২.না)

৯. এই প্রকল্পের দূর্বল দিকগুলো কী কী?

ক)..........................................................................................................

খ)..........................................................................................................

গ)..........................................................................................................

১০. এই প্রকল্পের সবল দিকগুলো কী কী?

ক)..........................................................................................................

খ)..........................................................................................................

গ)..........................................................................................................

১১. এই প্রকল্পের ঝুঁকিপূর্ণ দিকগুলো কী কী?

ক)..........................................................................................................

খ)..........................................................................................................

১২. প্রকল্পের সম্পর্কে আপনার সার্বিক মতামত

----------------------------------------------------------------------------------------------------------

----------------------------------------------------------------------------------------------------------

তথ্য সংগ্রহকারীর নাম ও তারিখ উত্তরদাতার স্বাক্ষর ও তারিখ

## সংযোজনী-৫

### প্রকল্পের শিরোনাম: "দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প-২য় পর্যায় (ইরেসপো-২য় পর্যায়)"

**বাস্তবায়নকারী সংস্থা:** বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)

### প্রকল্প পরিচালক এর চেকলিস্ট

নাম ফোন/মোবাইল

পদবী শাখা/সংস্থা

উত্তরদাতার ই-মেইল আইডিঃ

| | |
|---|---|
| ১ | প্রকল্পের ১ম সংশোধনীর কারণ ব্যাখ্যা করুন? |
| ২ | প্রকল্পের আওতায় এডিপিতে যথাসময়ে অর্থ বরাদ্দ, অর্থ ছাড় এবং বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে কোন ধরনের সমস্যা রয়েছে কিনা বলুন? |
| ৩ | প্রকল্প গ্রহণের পুর্বে সম্ভাব্যতা যাচাই করা হয়েছিল কিনা বলুন। |
| ৪ | প্রকল্প পরিচালক পরিবর্তনের ফলে প্রকল্পের কাজের অগ্রগতি ব্যহত হয়েছিল কিনা ? |
| ৫ | ক্রয়ের ক্ষেত্রে ডিপিপি এর নির্দেশনা অনুযায়ী আইন ও বিধিমালা অনুসরণ করা হচ্ছে কিনা ? |
| ৬ | অডিট আপত্তি-অনাপত্তি (ইন্টারনাল/এক্সটারনাল) আছে কিনা। অডিট আপত্তির ব্রডশীট জবাবের একটি কপি অনুগ্রহ করে প্রদান করুন। |
| ৭ | বছরভিত্তিক কর্মপরিকল্পনা সংশোধিত ডিপিপি অনুযায়ি অনুসরণ করা হয়েছে কিনা অনুগ্রহ করে বলুন। |
| ৮ | লগ ফ্রেম অনুযায়ী-প্রকল্পের আউটপুট সমায়নুপাতিক হারে অর্জন করা সম্ভব হচ্ছে কিনা অনুগ্রহ করে বলুন। |
| ৯ | ব্যবস্থাপনা ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, স্ব-কর্মসংস্থান ও আয়বর্ধক কার্যাবলী, জাতিগঠনমূলক প্রতিষ্ঠানসমূহের সাথে সার্বক্ষণিক সংযোগ , কার্যকর পরিবীক্ষণ-কৌশল উন্নয়ন, নিরাপদ মাতৃত্ব ও শিশু কল্যাণ সেবা, স্বাস্থ্য , কৃষি ও অকৃষি বিশেষ করে প্রাণিসম্পদ তথা গবাদি পশু, হাঁস-মুরগি ও মৎস্য সম্পদের উন্নয়ন, হস্ত ও কুটির শিল্প ইত্যাদি ক্ষেত্রে অবদান রাখার ব্যাপারে প্রকল্পটি কতটুকু সহায়ক হয়েছে বা হবে বলে আপনি মনে করেন? |
| ১০ | প্রকল্পের পিআইসি এর কতটি সভা উনুষ্ঠিত হয়েছে। কতটি সভা অনুষ্ঠিত হওয়ার বিধান ছিল? |
| ১১ | স্টিয়ারিং কমিটির কতটি সভা অনুষ্ঠিত হয়েছে। কতটি সভা অনুষ্ঠিত হওয়ার বিধান ছিল? |
| ১২ | বিধান অনুযায়ী পিআইসি ও স্টিয়রিং কমিটির সভা অনুষ্ঠিত না হয়ে থাকলে তাতে প্রকল্প অগ্রগতি ব্যাহত হয়েছে কিনা ? |
| ১৩ | আইএমইডি-র কর্মকর্তাগণ সময়ে সময়ে পরিদর্শন করেছেন। তাঁদের পরিদর্শনের প্রতিবেদন/পর্যবেক্ষণের প্রতিবেদন দেওয়া হয়েছে। সে সব পরিদর্শন প্রতিবেদনের প্রতিপালন প্রতিবেদন দেওয়া হয়েছে কিনা। (অনুগ্রহকরে বিগত দুবছরের প্রতিপালন প্রতিবেদন এর কপি দেন? |
| ১৪ | প্রকল্পের বাস্তবায়নের পথে কোন অসুবিধার সম্মুখিন হয়েছেন কিনা ? |
| ১৫ | ডিপিপি/আরডিপিপি অনুযায়ী জনবল নিয়োগ দেওয়া হয়েছে কিনা? |
| ১৬ | ডিপিপি/আরডিপিপি অনুযায়ী জনবল নিয়োগ না দেওয়া হয়ে থাকলে তার কারণ কী? |
| ১৭ | অনুমোদিত সময়ের মধ্যে বাস্তবায়ন করার জন্য কর্তৃপক্ষের কোন ধরনের সহায়তার প্রয়োজন আছে কিনা ? |

তথ্য সংগ্রহকারীর নাম ও তারিখ উত্তরদাতার স্বাক্ষর ও তারিখ

**সংযোজনী-৬**

**প্রকল্পের শিরোনাম: "দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প-২য় পর্যায় (ইরেসপো-২য় পর্যায়)"**

**বাস্তবায়নকারী সংস্থা:** বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)

**উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা / উপপরিচালক, জেলা (বিআরডিবি) এর জন্য চেকলিস্ট**

| জেলা | উপজেলা | নং |
|---|---|---|
| | | |

জেলাঃ ________________________ উপজেলাঃ ________________________

১। উত্তর দাতার নামঃ ____________________________

২। বয়সঃ ______________________বছরে ৩। লিঙ্গাঃ ১=পুরুষ ২=মহিলা

৪। পদবীঃ_________________________ ৫। উত্তরদাতার মোবাইল নম্বরঃ____________________

৬। বর্তমান জেলা/উপজেলায় আপনার কর্মকাল-------- বছর।

৭। আপনার আওতাধীন এই উপজেলায়/জেলায় কতটি প্রশিক্ষণ কক্ষ আছে?

৮। আপনার কর্মকালে এ প্রকল্পের আওতায় কত দিন ব্যাপী কয়টি ব্যাচের প্রশিক্ষন সম্পন্ন হয়েছে?
-----------------দিন ব্যাপী --------------------টি ব্যাচ

৯। প্রশিক্ষণকালীন সময়ে প্রতিটি প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীদের দৈনিক কত টাকা করে প্রশিক্ষণ ও যাতায়াত ভাতা দেয়া হয়? ------------------------------------টাকা

১০। এই উপজেলায়/জেলায় এই প্রকল্পের আওতায় মোট কত জনকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা রয়েছে?
-------------------------------------জন

১১। এই উপজেলায়/জেলায় এই প্রকল্পের আওতায় মোট জনকে প্রকৃতপক্ষে ইনকাম জেনারেটিং প্রশিক্ষণ প্রদান করা হয়েছে? -------------------------------------জন

১২। এই প্রকল্পের লক্ষমাত্রা অর্জিত হচ্ছে কি? (১=হ্যাঁ, ২=না)

(খ) লক্ষ্যমাত্রা অর্জিত না হয়ে থাকলে কারণ কি?

(১) ________________________________________________________________

(২) ________________________________________________________________

১৩। প্রকল্পটি আপনার উপজেলায় কোন বছর শুরু হয়েছিল? ________________ সন

১৪। আপনি মনে করেন এই প্রকল্পের ফলে প্রশিক্ষণ প্রাপ্ত মানুষের আয় বৃদ্ধি পেয়েছে?
(১=হ্যাঁ, ২=না)

১৫। আপনার মতে এই প্রকল্পকে আরো শক্তিশালী করার জন্য কী কী কার্যকারী পদক্ষেপ নেওয়া যায়?

(১) ________________________________________________________________

(২) ________________________________________________________________

১৬। এই প্রকল্পের ফলে কী কী সুযোগ সৃষ্টি হয়েছে তা বলুন

১৭। এই প্রকল্পের কিছু দূর্বলদিক সম্পর্কে বলুন

তথ্য সংগ্রহকারীর নাম ও তারিখ উত্তরদাতার স্বাক্ষর ও তারিখ

## সংযোজনী-৭

**প্রকল্পের শিরোনামঃ** "দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প-২য় পর্যায় (ইরেসপো-২য় পর্যায়)"

**বাস্তবায়নকারী সংস্থাঃ** বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)

**উপজেলা নির্বাহী কর্মকর্তা/ জনপ্রতিনিধির জন্য চেকলিস্ট**

কোড ব্যবহারের জন্য

| জেলা | উপজেলা | নং |
|---|---|---|
| | | |

নাম : ফোন/মোবাইল:

পদবী:

ই-মেইল আইডি:

১। প্রকল্পটির বাস্তবায়ন বিষয়ে আপনি কি অবগত আছেন? (১= হ্যাঁ, ২= না)

২। প্রকল্পের উদ্দেশ্য সঠিকভাবে বাস্তবায়নের ক্ষেত্রে ঋণ ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ প্রদান সহায়ক হয়েছে বা হবে বলে কি আপনি মনে করেন? (১.হ্যাঁ ২.না)

৩। আপনার মতে প্রকল্পটি সঠিকভাবে বাস্তবায়ন হলে আয়বর্ধক কর্মকান্ডের মাধ্যমে গ্রামীণ মহিলাদের দারিদ্র হ্রাস, আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ও সুফলভোগী সদস্যদের বার্ষিক মাথাপিছু আয় বৃদ্ধি পাবে কি? (১.হ্যাঁ ২.না)

৪। আপনার মতে প্রকল্পটি সঠিকভাবে বাস্তবায়ন হলে উপজেলা ও জেলা পর্যায়ে জাতিগঠনমূলক প্রতিষ্ঠানসমূহের সাথে সার্বক্ষণিক সংযোগ, কার্যকর পরিবীক্ষণ কৌশল অবস্থার উন্নয়ন হবে কি? (১.হ্যাঁ ২.না)

৫। আপনার মতে প্রকল্পটি সঠিকভাবে বাস্তবায়ন হলে নিরাপদ মাতৃত্ব ও শিশু কল্যাণ সেবা, স্বাস্থ্য ও পয়ঃনিস্কাশন ব্যবস্থার উন্নয়ন হবে কি? (১.হ্যাঁ ২.না)

৬। আপনার মতে প্রকল্পটি সঠিকভাবে বাস্তবায়ন হলে কৃষি ও অকৃষি ক্ষেত্রে ইতিবাচক ভূমিকা রাখতে সক্ষম হবে কি? (১.হ্যাঁ ২.না)

৭। আপনার মতে প্রকল্পটি সঠিকভাবে বাস্তবায়ন হলে বাল্য বিবাহ হ্রাস, বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য সচেতনতা ও ইভটিজিং হ্রাসে কার্যকর ভূমিকা রাখতে সক্ষম হবে কি? (১.হ্যাঁ ২.না)

৮। আপনার মতে প্রকল্পটি সঠিকভাবে বাস্তবায়ন হলে নারী ও কিশোরীর ক্ষমতায়নে ভূমিকা রাখতে সক্ষম হবে কি? (১.হ্যাঁ ২.না)

৯। আপনার মতে এই প্রকল্পকে আরো শক্তিশালী করার জন্য কি কি কার্যকারী পদক্ষেপ নেওয়া যায়?

(১) ______________________________

(২) ______________________________

১০। আপনার সার্বিক মতামত?

তথ্য সংগ্রহকারীর নাম ও তারিখ উত্তরদাতার স্বাক্ষর ও তারিখ

**সংযোজনী-৮**

**প্রকল্পের শিরোনাম: "দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প-২য় পর্যায় (ইরেসপো-২য় পর্যায়)"**

**বাস্তবায়নকারী সংস্থা:** বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)

**কিশোরী সংঘভুক্ত শিক্ষার্থীদের জন্য প্রশ্নপত্র**

| **B.** | **সাধারণ এবং ডেমোগ্রাফিক তথ্য** | **Code** |
|---|---|---|
| | কিশোরীর নাম :<br>জন্ম নিবন্ধন নম্বর:<br>মোবাইল (নিজ/অভিভাবকের): | |
| | বয়স: | |
| | অধ্যয়ণরত শ্রেণি: | |
| | বিদ্যালয়ের নাম ও ঠিকানা: | |
| | পিতার নাম: | |
| | মাতার নাম: | |
| | পরিবারে মোট সদস্য সংখ্যা কত জন? পুরুষ ____________ মহিলা____________ | |
| | স্কুলে যায়, পরিবারে এমন ভাই এর সংখ্যা ____________ বোন এর সংখ্যা____________ | |
| | পল্লী উন্নয়ন কিশোরী সংঘে অর্ন্তভূক্তির তারিখ:<br>সংঘের আইডি নং:<br>কিশোরীর আইডি নং: | |
| | আপনি কি বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য পরিচর্যাসহ অন্যান্য বিষয়ে সচেতনতামূলক প্রশিক্ষণ পেয়েছেন কিনা? (১= হ্যাঁ, ২= না) | |
| | কত দিন পরপর সচেতনতামূলক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়?<br>১= ১মাস, ২= ২ মাস, ৩= ৩ মাস | |
| | প্রশিক্ষণকালীন স্যানিটারী ন্যাপকিন ও শিক্ষা উপকরণ বিনামূল্যে প্রদান করা হয় কিনা?<br>(১= হ্যাঁ, ২= না) | |
| | প্রশিক্ষক হিসেবে ডাক্তার/উপজেলা ও জেলা প্রশাসনের কর্মকর্তা উপস্থিত থাকেন কিনা?<br>(১= হ্যাঁ, ২= না) | |
| | কোথায় প্রশিক্ষণ নিয়েছেন?<br>১=স্কুলের শ্রেণি কক্ষ, ২=উপজেলা পরিষদ, ৩= প্রশিক্ষণ কেন্দ্র, ৪=অন্যান্য | |
| | প্রশিক্ষণের বিষয়ে আপনার সন্তুষ্টি কেমন ছিলো? ১=খুব সন্তুষ্ট, ২= সন্তুষ্ট, ৩= মোটামোটি সন্তুষ্ট, ৪= সন্তুষ্ট না, ৫=মোটেই সন্তুষ্ট না | |
| | সন্তুষ্ট না হলে কেন?................................................ | |
| | আপনি কি মনে করেন প্রশিক্ষণের সময় যথেষ্ঠ ছিলো ? (১= হ্যাঁ, ২= না) | |
| | প্রশিক্ষণের সময়কাল সম্পর্কে আপনার মতামত দিন?<br>১= খুবই ভাল ছিল, ২= ভাল ছিল, ৩= মোটামুটি ভাল ছিল, ৪= ভাল ছিলো না | |
| | প্রশিক্ষণের কারনে আপনি সচেতন হয়েছেন কি? (১= হ্যাঁ, ২= না) | |
| | প্রশিক্ষণ গ্রহণের ফলে আপনার কী কী সুবিধা হয়েছে বলে আপনি মনে করেন? | |

| | | |
|---|---|---|
| | ১=কিশোরীদের শারিরীক ও মানসিক স্বাস্থ্য সম্পর্কে জানতে পেরেছি, ২=জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি পেয়েছে, ৩=বাল্য বিবাহের কুফল সম্পর্কে জানতে পেরেছি, ৪=বাল্য বিবাহ প্রতিরোধের উপায় সম্পর্কে জানতে পেরেছি, ৫= উপজেলা প্রশাসন ও জেলা প্রশাসনের সাথে যোগাযোগের সুযোগ সৃষ্টি হয়েছে, ৬=দৃষ্টিভঙ্গির পরিবর্তন হয়েছে, , ৭= আত্মবিশ্বাস বেড়েছে, ৮=কাজের ক্ষেত্রে ভুল কম হচ্ছে, ৯=নারীর ক্ষমতায়ন সম্পর্কে সচেতন হয়েছি, ১০=তেমন কোন লাভ হয়নি; | |
| | প্রশিক্ষণের সংখ্যা আরো বৃদ্ধি করার প্রয়োজন আছে কি? | |
| | **বয়:সন্ধিকালীন কিশোরীর শারিরীক ও মানসিক স্বাস্থ্য সম্পর্কিত তথ্যাদি** | |
| | কিশোরী সংঘভুক্ত হওয়ার পূর্বে আপনি কি কিশোরীদের বয়:সন্ধিকালীন পরিবর্তনসমূহ সম্পর্কে অবহিত ছিলেন? (১=হ্যাঁ, ২=না) | |
| | কিশোরী সংঘভুক্ত হওয়ার পর আপনি কি কিশোরীদের বয়:সন্ধিকালীন পরিবর্তনসমূহ সম্পর্কে অবহিত ? (১=হ্যাঁ, ২=না) | |
| | কিশোরী সংঘভুক্ত হওয়ার পূর্বে আপনি কি নিয়মিত স্যানিটারী ন্যাপকিন ব্যবহার করতেন? (১=হ্যাঁ, ২=না) | |
| | **বর্তমানে কি স্যানিটারী ন্যাপকিন ব্যবহার করছেন?** (১=হ্যাঁ, ২=না) | |
| | **কিশোরীর স্বাস্থ্য বিষয়ক প্রশিক্ষণে আপনি কি উপকৃত হয়েছেন?** (১=হ্যাঁ, ২=না) | |
| | **আপনি কি এখন বয়:সন্ধিকালীন পরিবর্তনসমূহের সাথে খাপখাইয়ে নেয়ার জন্য মানসিকভাবে প্রস্তুত**? (১=হ্যাঁ, ২=না) | |
| | **ইভটিজিং প্রতিরোধ সম্পর্কিত তথ্যাদি** | |
| | কিশোরী সংঘভুক্ত হওয়ার পূর্বে আপনি কি ইভটিজিং প্রতিরোধে সংঘবদ্ধ ছিলেন? (১=হ্যাঁ, ২=না) | |
| | কিশোরী সংঘভুক্ত হওয়ার পূর্বে আপনি কি ইভটিজিং এর ভয়ে ভীত ছিলেন? (১=হ্যাঁ, ২=না) | |
| | বর্তমানে আপনি কি সংঘবদ্ধভাবে ইভটিজিং প্রতিরোধে সাহসী হয়েছেন? (১=হ্যাঁ, ২=না) | |
| | আপনি কি বর্তমানে ইভটিজিং প্রতিরোধে জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসনের সাথে যোগাযোগ করতে অধিক পারদর্শি হয়েছেন কিনা? (১=হ্যাঁ, ২=না) | |
| | আপনি কি বর্তমানে ইভটিজিং সম্পর্কিত কোন তথ্য গোপন করেন? (১=হ্যাঁ, ২=না) | |
| | **বাল্য বিবাহ প্রতিরোধ সম্পর্কিত তথ্যাদি** | |
| | কিশোরী সংঘভুক্ত হওয়ার পূর্বে আপনি কি বাল্য বিবাহের কুফল সম্পর্কে সম্যক অবগত ছিলেন? (১=হ্যাঁ, ২=না) | |
| | কিশোরী সংঘভুক্ত হওয়ার পূর্বে আপনি বাল্য বিবাহ প্রতিরোধে সক্ষম ছিলেন কিনা? (১=হ্যাঁ, ২=না) | |
| | আপনি কি এখন বাল্য বিবাহের কুফল সম্পর্কে জানেন? (১=হ্যাঁ, ২=না) | |
| | আপনি বাল্য বিবাহ না করার বিষয়ে প্রতিজ্ঞাবদ্ধ কিনা? (১=হ্যাঁ, ২=না) | |
| | আপনি বাল্য প্রতিরোধে কিভাবে কাজ করেন? ১= এককভাবে, ২= সংঘভুক্ত সদস্যদের সহযোগিতায় সামাজিক প্রতিরোধ গড়ে | |
| | বাল্য বিবাহ প্রতিরোধে আপনি এখন প্রশাসনের কর্মকর্তাদের সাথে যোগাযোগ করতে পারেন কি না? (১=হ্যাঁ, ২=না) | |
| | | |

| | | |
|---|---|---|
| | **ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে সঞ্চয়ের মনোভাব সৃষ্টি সম্পর্কিত তথ্যাদি** | |
| | আপনি কি কিশোরী সংঘভুক্ত হওয়ার পূর্বে সঞ্চয় করতেন? (১=হ্যাঁ, ২=না) | |
| | আপনি কি বর্তমানে নিয়মিত সঞ্চয় করেন? (১=হ্যাঁ, ২=না) | |
| | সঞ্চয় জমার ক্ষেত্রে পারিবারিকভাবে কোন সমস্যা সৃষ্টি হচেছ কিনা? (১=হ্যাঁ, ২=না) | |
| | আপনার জমাকৃত সঞ্চয়ের প্রমাণক কিভাবে সংরক্ষিত হয়?<br>১= পাশ বহি, ২ = মোবাইল এসএমএস | |
| | জমাকৃত সঞ্চয়ের বিপরীতে দ্বিগুণ হারে সরকারী প্রণোদনার বিষয়ে আপনি অবগত কিনা?<br>(১=হ্যাঁ, ২=না) | |
| | ১৮ বছর পূর্ণ হওয়ার পূর্বে বাল্য বিবাহ করলে সরকারী প্রণোদনার অর্থ প্রাপ্য না হওয়ার বিষয়ে আপনি অবগত আছেন কিনা?<br>(১=হ্যাঁ, ২=না) | |

তথ্য সংগ্রহকারীর নাম ও তারিখ

উত্তরদাতার স্বাক্ষর ও তারিখ

**সংযোজনী-৯**

**প্রকল্পের শিরোনাম: "দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প-২য় পর্যায় (ইরেসপো-২য় পর্যায়)"**

**বাস্তবায়নকারী সংস্থা:** বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)

## হাইস্কুলের প্রধান শিক্ষকের জন্য চেকলিস্ট

উত্তর দাতার নাম : ফোন/মোবাইল:

পদবী:

বিদ্যালয়ের নাম :

বিদ্যালয়ের কোড:

উত্তরদাতার ই-মেইল আইডি:

১। কিশোরী সংঘ গঠনের পূর্বে আপনার স্কুলের ছাত্র-ছাত্রীগণ বাল্য বিবাহ, ইভটিজিং, যৌতুক এর কুফল সর্ম্পকে সম্যক অবগত ছিল কিনা? (১= হ্যাঁ, ২= না)

২। আপনি কি মনে করেন পল্লী উন্নয়ন কিশোরী সংঘ গঠনের ফলে আপনার স্কুলের ছাত্র ছাত্রীগণ উপকৃত হয়েছে? (১.হ্যাঁ ২.না)

৩। পল্লী উন্নয়ন কিশোরী সংঘের সচেতনতামূলক প্রশিক্ষণে ছাত্রীরা কি স্বত:স্ফুর্তভাবে অংশগ্রহণ করে? (১.হ্যাঁ ২.না)

৪। কিশোরী সংঘভুক্ত ১০০ জন ছাত্রীর বাইরে অন্যান্য ছাত্র-ছাত্রীর মধ্যে বাল্য বিবাহ, ইভটিজিং সর্ম্পকে কোন ইতিবাচক প্রভাব পরিলক্ষিত হচ্ছে কিনা? (১.হ্যাঁ ২.না)

৫। প্রশিক্ষণ প্রদানের ফলে কিশোরদের মধ্যে বয়:সন্ধিকালীন পরিবর্তন সর্ম্পকে ইতিবাচক মানসিক প্রভাব পড়ছে কিনা? (১.হ্যাঁ ২.না)

৬। বাল্য বিবাহ প্রতিরোধে ছাত্র-ছাত্রীগণ প্রতিজ্ঞাবদ্ধ কিনা? (১.হ্যাঁ ২.না)

৭। প্রকল্প হতে স্বাস্থ্য উপকরণ হিসেবে স্যানিটারী ন্যাপকিন প্রদান করা হয় কিনা? (১.হ্যাঁ ২.না)

৮। প্রকল্প কার্যক্রমের ফলে কিশোরীরা নিজস্ব সঞ্চয় জমাকরণে আগ্রহী হয়েছে কিনা? (১.হ্যাঁ ২.না)

৯। ছাত্রীদের প্রদানকৃত সঞ্চয়ের উপর তার পাশ বইয়ে প্রণোদনার অংশ যথাযথভাবে লিখা হয় কিনা? (১.হ্যাঁ ২.না)

১০। বাল্য বিবাহ প্রতিরোধ কিশোরী সংঘের সদস্যগণ উপজেলা ও জেলা প্রশাসনের কর্মকর্তাদের সাথে যোগাযোগে সক্ষম কিনা? (১.হ্যাঁ ২.না)

১১। আপনি মনে করেন প্রকল্পের আওতায় কিশোরীদের সংঘঠিত করে কিশোরী সংঘ গঠন, সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান এবং জমাকৃত সঞ্চয়ের বিপরীতে দ্বিগুন হারে সরকারী প্রণোদনা বাল্য বিবাহ শতভাগ হ্রাসে কার্যকর ভূমিকা পালনে সক্ষম হবে কি? (১.হ্যাঁ ২.না)

১২। কিশোরী সংঘ সর্ম্পকে সার্বিক মতামত বলুন?

**তথ্য সংগ্রহকারীর নাম ও তারিখ** **উত্তরদাতার স্বাক্ষর ও তারিখ**

**সংযোজনী-১০**

**<u>ক্রয় সংক্রান্ত চেকলিস্ট</u>**

**(প্রতি প্যাকেজের জন্য আলাদা চেকলিস্ট ব্যবহার করা হবে।)**

[অন্যান্য স্টেকহোল্ডার এর চেকলিস্ট ব্যবহার করা হবে]

| ক্রমিক নং | বিষয় | উত্তর/মন্তব্য লিখুন | |
|---|---|---|---|
| ১ | লট/প্যাকেজ এর নাম/নং | | |
| ২ | ক্রয় পদ্ধতি | | |
| ৩ | ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ | | |
| ৪ | ক্রয় প্রক্রিয়ার ধরণ | (১) অ-লাইন (২) অফ-লাইন | |
| ৫ | দরপত্র প্রস্তুতকরণের ক্ষেত্রে পিপিআর ২০০৮ অনুসরন করা হয়ে করা হয়েছিল কিনা | হ্যাঁ | |
| | | না | |
| ৬ | বিনির্দেশনা প্রস্তুতকরণে পিপিআর ২০০৮ অনুসরণ করা হয়েছিল কি? | হ্যাঁ | |
| | | না | |
| ৭ | দরপত্র প্রকাশের মাধ্যম (জাতীয়/আর্ন্তজাতিক) (বাংলা ওইংরেজি) | ১। পত্রিকার নাম: (বাংলা):… ….. … … … …., তারিখ:… … … …<br>২। পত্রিকার নাম: (ইংরেজি):… ….. … … … …., তারিখ:… … … … | |
| ৮ | দরপত্র CPTU এর ওয়েবসাইটে প্রকাশ হয়েছিল কি? | হ্যাঁ | |
| | | না | |
| ৯ | দরপত্র বিক্রয় শুরু এবং শেষের তারিখ: | শুরু… … … … … … … … … তারিখ:<br>শেষ… … … … … … … … ….তারখ: | |
| ১০ | বিক্রয়কৃত দরপত্রের সংখ্যা: | … … … … … … … … … ….টি | |
| ১১ | প্রাপ্ত দরপত্রের সংখ্যা: | … … … … … … … … … ….টি | |
| ১২ | টিওএস তৈরির তারিখ: | | |
| ১৩ | দরপত্র খোলার তারিখ ও সময়: | তারিখ:<br>সময়: | |
| ১৪ | দরপত্র খোলার সময় উপস্থিত সদস্য সংখ্যা: | | |
| ১৫ | টিইসি/পিইসি কমিটির সকল সদস্য-এর স্বাক্ষর আছে কিনা? | | |
| ১৬ | দরপত্র মূল্যায়ন কমিটির সভার তারিখ: | … … … … … … … … তরিখ | |
| ১৭ | মূল্যায়ন কমিটির সদস্য সংখ্যা: | … … … … … … … … … … … জন<br>বহি: সদস্য সংখ্যা … … … … … … জন | |
| ১৮ | উপস্থিত সদস্য সংখ্যা: | … … … … … … … … … … … জন<br>বহি: সদস্য সংখ্যা … … … … … … জন | |
| ১৯ | দরপত্রের জামানত জমা হয়েছিল কি? (ব্যাংক পে-অর্ডার, চালান ইত্যাদি) | হ্যাঁ | |
| | | না | |
| ২০ | রেসপনসিভ দরপত্রের সংখ্যা | … … … … ….টি | |

| | | | |
|---|---|---|---|
| ২১ | মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের তারিখ | | |
| ২২ | দরপত্র অনুমোদনকারীর পদবী | | |
| ২৩ | Notification of Award (NOA) প্রদানের তারিখ | ............................ তারিখ | |
| ২৪ | প্রাক্কলিত ব্যয় (ডিপিপিআরডিপিপি) | ........................টাকা | |
| ২৫ | চুক্তি মূল্য | ........................টাকা | |
| ২৬ | কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের নাম | | |
| ২৭ | চুক্তি স্বাক্ষরের তারিখ | | |
| ২৮ | কার্যাদেশ/চুক্তি অনুযায়ী কাজ শুরুর তারিখ | | |
| ২৯ | চুক্তি অনুয়ায়ী কাজ শেষ করার তারিখ | | |
| ৩০ | সরবরাহকৃত পণ্য/মালামালের ওয়ারেন্টি ছিল কিনা? | হ্যাঁ | |
| | | না | |
| ৩১ | ক্রয়ের ক্ষেত্রে পিপিআর ২০০৮ এর কোন ব্যত্যয় হয়েছিল কি না? | হ্যাঁ | |
| | | না | |
| ৩২ | দরপত্রটির ব্যাপারে কোনো অভিযোগ হয়েছিল কিনা? | হ্যাঁ | না |
| ৩৩ | ক্রয় সংক্রান্ত রেকর্ডপত্র সংরক্ষিত আছে কিনা? | হ্যাঁ | |
| | | না | |
| ৩৪ | ক্রয়কৃত মালামাল রিসিভ পদ্ধতি | | |
| ৩৫ | ক্রয় সংক্রান্ত কোন প্রকার অডিট হয়েছে কিনা? | হ্যাঁ | |
| | | না | |
| ৩৬ | হ্যাঁ হরে অডিট আপত্তি ছিল কিনা? | হ্যাঁ | |
| | | না | |
| ৩৭ | অডিট আপত্তি থাকলে কতটি আপত্তি ছিল এবং কতটি নিষ্পন্ন হয়েছে? | আপত্তির সংখ্যা.................. টি<br>নিস্পত্তির সংখ্যা.................টি | |
| ৩৮ | অডিট আপত্তি নিষ্পন্ন না হয়ে থাকলে তার কারণ? | ................................................<br>................................................ | |

**সংযোজনী-১১: প্রকল্প এলাকা**

| বিভাগ | জেলা | উপজেলা |
|---|---|---|
| খুলনা | যশোর | যশোর সদর |
| | | অভয়নগর |
| | | ঝিকরগাছা |
| | | বাঘারপাড়া |
| | | চৌগাছা |
| | | কেশিপপুর |
| | | মনিরামপুর |
| | | শর্শা |
| | নড়াইল | নড়াইল সদর |
| | | কালিয়া |
| | | লোহাগড়া |
| | ঝিনাইদহ | হরিণাকুন্ড |
| | | ঝিনাইদহ সদর |
| | | কোটচাঁদপুর |
| | | মহেশপুর |
| | | কালীগঞ্জ |
| | | শৈলকূপা |
| | মাগুরা | মাগুরা সদর |
| | | শ্রীপুর |
| | | শালিখা |
| | | মোহাম্মদপুর |
| | খুলনা | কয়ড়া |
| | | বটিয়াঘাটা |
| | | দাকোপ |
| | | পাইকগাছা |
| | বাগেরহাট | বাগেরহাট সদর |
| | | কচুয়া |
| | | চিতলমারী |
| | | রামপাল |
| | সাতক্ষীরা | সাতক্ষীরা সদর |
| | | কলারোয়া |
| | | দেবহটা |
| | | কালিগঞ্জ |
| | চুয়াডাঙ্গা | চুয়াডাঙ্গা সদর |
| | | জীবননগর |
| | মেহেরপুর | মেহেপুর সদর |
| | | মিজিব নগর |
| | | গাংনী |
| বরিশাল | বরিশাল | আগৈলঝাড়া |
| | | বাবুগঞ্জ |

| | | |
|---|---|---|
| | | গৌরনদী |
| | | মুলাদী |
| | পটুয়াখালী | বাউফল |
| | | দশমিনা |
| | | দুমকী |
| | | কলাপাড়া |
| | পিরজপুর | নাজিরপুর |
| | | মঠবারিয়া |
| | | কাউখালী |
| | | পিরজপুর সদর |
| | বরগুনা | বামনা |
| | ভোলা | মনপুরা |
| | ঝালকাঠি | ঝালকাঠি সদর |
| চট্রগ্রাম | নোয়াখালী | নোয়াখালী সদর |
| রংপুর | রংপুর | মিঠাপুকুর |
| | | পীরগঞ্জ |
| | | কাউনিয়া |
| | | গঙ্গাচড়া |
| | | পীরগাছা |

VENUS
CONSULTING (PVT.) LIMITED

**ভেনাস কনসাল্টিং প্রাইভেট লিমিটেড**

বাড়ী নং ৬৪/বি, ব্লক-বি, রাস্তা নং ০৩, নিকেতন, গুলশান-১

মোবাইল : ০০১৬৭১৩৯৭৭৭৩, ০১৭১২৫৭৪৫২০, E-mail: javed.vcplbd@gmail.com